চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 72 Sunday, 11 February, 2024 ✱ ২৯ বর্ষ, ৭২ সংখ্যা ✱ ২৭ মাঘ, ১৪৩০, রবিবার, ১১ফেব্রুয়ারি , ২০২৪ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ২০২৪এ রাজ্যের বাজেটে লক্ষীর ভান্ডারে সাধারণ মহিলাদের ৫০০ টাকা থেকে বৃদ্ধি করে ১০০০ টাকা এবং তপশীলি মহিলাদের ১০০০ টাকা থেকে ১২০০টাকা? ... বিস্তারিত পাতা ৩

পূর্ব বর্ধমানের কাটোয়া থানার অগ্রদ্বীপের রেল স্টেশন রোড এলাকায় সোনার গহনার দোকানে দু ঃসাহসিক চুরির ঘটনায় তদন্তে নেমে বড়োসড় সাফল্য পেল কাটোয়া থানার পুলিশ। বাদায়ূং গ্যাং এর মোট ৭ জন দুষ্কৃতিদের গ্রেফতার করেছে পুলিশ। .... বিস্তারিত পাতা ৭

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অ্যাক্ট-ইস্ট পলিসির কল্যাণে আজ ত্রিপুরা সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের অভূতপূর্ব উন্নতি হয়েছে। এরই অঙ্গ হিসেবে পিছিয়ে পড়া ধলাই জেলায় জাতি-জনজাতি সম্প্রদায়ের মানুষের উল্লেখযোগ্য উন্নয়ন হয়েছে। .... বিস্তারিত পাতা ৬

ইংল্যান্ডের বিরুদ্ধে বাকি তিনটি টেস্ট ম্যাচ থেকে নিজেকে সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিলেন বিরাট কোহলি। তিনি যে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজের বাকি তিনটি টেস্টে নেই, তা ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড ও জাতীয় নির্বাচক কমিটিকে জানিয়ে দিয়েছেন। ...বিস্তারিত পাতা ৮

হুইপ জারি কংগ্রেসের উপস্থিত থাকতে হবেই সংসদে

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ কংগ্রেস দল সংসদে তাদের সদস্যদের উপস্থিতি নিশ্চিত করতে হুইপ জারি করেছে। শনিবার কংগ্রেসের পক্ষ থেকে এই হুইপ জারি করা হয়েছে। শনিবার সংসদে বাজেট অধিবেশনের শেষদিন। এদিনই লোকসভায় অযোধ্যার রাম মঃিদর নির্মাণ নিয়ে.আলোচনা হবে। শনিবার সংসদে বাজেট অধিবেশন শুরু হওয়ার আগে ইন্ডিয়ান ন্যাশনাল ডেভেলপমেন্ট াল ইনক্লুসিভ অ্যালায়েন্স(আইএনডিআই)-এর সদস্যরা বিরোধী দলের নেতা মল্লিকার্জুন খাড়গের কার্যালয়ে মিলিত হয়। তাদের মধ্যে আসন্ন লোকসভা নির্বাচন নিয়ে একটি বৈঠক সম্পন্ন হয়। কংগ্রেস

লোকসভায় তিন লাইনের হুইপ জারি করেছে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। সংসদের বাজেট অধিবেশন শুরু হয়েছিল ৩১ জানুয়ারি এবং শেষ হবে ১০ ফেব্রুয়ারি। অন্যদিকে আগেই পাঞ্জাবে একলা চলার বার্তা দিয়েছিল ইন্ডিয়া জোটের শরিক আম আদমী পার্টি। এবার কংগ্রেসকে তুলোধোনা করে আপ সুপ্রিমো অরবিন্দ কেজরিওয়াল সাফ জানালেন, পাঞ্জাব ও চণ্ডিগড়ের মোট ১৪টি আসনে প্রার্থী দেবে তাঁর দল। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, ক্রমশ নিঃসঙ্গ হচ্ছে কংগ্রেস। চব্বিশের লড়াইয়ে কায়া হারিয়ে ইন্ডিয়া জোট ছায়া মাত্র হয়ে দাঁড়িয়েছে। শনিবার কেজরিওয়াল জানিয়েছেন, কংগ্রেস ৭৫ বছর ধরে এই রাজ্যকে শাসন করেছে। কিন্তু তারা কী ভালো কাজ করেছে, তা আপনারা মনে করে বলতে পারবেন না। মনে করতে পারবেন না অকালি দল কোন ভালো কাজ করেছে। তাই এবার লোকসভায় পাঞ্জাবের ১৩ এবং চণ্ডিগড়ের এক আসনে প্রার্থী দেবে আপ।উল্লেখ্য, জানুয়ারি মাসে পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মানও ' চলো'র বার্তা দিয়েছিলেন। উল্লেখ্য, লোকসভা ভোটে বিজেপির বিরুদ্ধে লড়তে ইন্ডিয়া জোট তৈরি হয়। যেখানে কংগ্রেসের জোট শরিক ছিল আপ, তৃণমূল, এনসিপি, শিব সেনারা (উদ্ধব ঠাকরে)। অথচ বাংলায় তৃণমূল, পাঞ্জাবে আপ কংগ্রেসের হাত ছেড়ে দিয়েছে। মহারাষ্ট্রে প্রশ্নের মুখে এনসিপি (শরদ পওয়ার), শিব সেনার (উদ্ধব ঠাকরে) রাজনৈতিক পরিচয়। ফলে গেরুয়া শিবিরের বিরুদ্ধে জোট গড়ার স্বপ্ন কংগ্রেসের ক্রমশ ফিকে হচ্ছে বলেই মনে করছে রাজনৈতিক মহল।

মমতা-অভিষেকের সঙ্গে বৈঠকে কাটল জট

ফের লোকসভা ভোটে প্রার্থী দেব!

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ দল আর দেব নিয়ে যাবতীয় জল্পনার অবসান হলে বলে মনে করা যেতেই পারে। জানা গেল তিনি দলেই আছেন এবং তিনি থাকবেনও। এনিয়ে কোনও বিভ্রান্তি রইল না। ঘনিষ্ঠ মহল সূত্রে এই সংবাদ পাওয় গেল। নতুন করে কোনও জটিলতা তৈরি না হলে আসন্ন লোকসভা নির্বাচনে প্রার্থী হচ্ছেন দেবই। শনিবার বিকেলে ক্যামাক স্ট্রিটে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠকের পর সেখান থেকে বেরিয়ে সোজা কালীঘাটে গেলেন দলের তারকা সাংসদ দেব। সেখানে মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করে কথা বলেছেন। বিশেষ সূত্রে জানা গিয়েছে, সম্প্রতি ঘাটালের তারকা সাংসদকে নিয়ে ওঠা নানা জল্পনার অবসান হয়েছে শনিবার। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠক ও মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তাঁর সাক্ষাতে জট কেটেছে। স্পষ্ট হয়েছে, দেব দলেই থাকছেন। এনিয়ে কোনও জল্পনা নেই। তৃতীয়বারের জন্য লোকসভা ভোটে লড়বেন তিনি, তা প্রায় নিশ্চিত। তৃণমূল নেত্রীর প্রতি নিজের ভালোবাসা, শ্রদ্ধার কথা বারবারই বলেন দেব। সাম্প্রতিক জটিলতার মাঝেও তিনি বলে আসছিলেন, তাঁর একার সিদ্ধান্তে কিছু হবে না। তৃণমূল নেত্রীর সঙ্গে আলোচনা সাপেক্ষে সব ঠিক হবে। শনিবারের বৈঠক, সাক্ষাতে বোঝা গেল, কোনও জট নেই। ' সঙ্গে নির্বাচনী

লড়াইয়ে প্রস্তুত নায়ক। ফিল্মি কেরিয়ার বা রাজনীতির জগত -যে কোনও একটা বেছে নেওয়ার ইচ্ছা প্রকাশ করেছিলেন টলিউড নায়ক দেব। সিনেমা জগতে আরও প্রতিষ্ঠিত হতে তিনি প্রচুর পরিশ্রম করছেন। নিজের প্রযোজনা সংস্থার মাধ্যমে বছরে একাধিক সিনেমা বানানোর মতো চাপ রয়েছে। সেক্ষেত্রে ২ বারের সাংসদের কাছে রাজনীতি খানিকটা বাড়তি চাপ হয়ে যাচ্ছিল বলেই ঘনিষ্ঠ সূত্রে শোনা গিয়েছে। তার উপর এলাকায় দলের আভ্যন্তরীণ দ্বন্দ্ব নিয়ে চিন্তিত ছিলেন তারকা সাংসদ। শেষবার জেলা নেতৃত্বের সঙ্গে বৈঠকে দলনেত্রী নিজে দেবের প্রশংসা করে প্রশ্ন তুলেছিলেন, দেবকে কারা ডিসটার্ব করছে? এসবের পরও গত সপ্তাহে ঘাটালের তিনটি প্রশাসনিক পদ থেকে ইস্তফা দিয়েছিলেন দেব। তা নিয়ে বিস্তর গুঞ্জন শুরু হয়। তবে দায়িত্ব ছেড়ে তিনি দলের সঙ্গে দূরত্ব বাড়াচ্ছেন? রাজনীতির আঙিনা থেকে ধীরে ধীরে সরে যাওয়ার পদক্ষেপ? এসবের মাঝেই সংসদে বাজেট অধিবেশনের শেষ দিন যোগ দিয়ে দেব জানিয়েছিলেন, পরেরবার টিকিট পাবেন কি না, তা নির্ভর করে তৃণমূল সুপ্রিমোর সিদ্ধান্তের উপর। এর পরই তাঁকে ক্যামাক স্ট্রিটের অফিসে ডেকে পাঠান দলের সর্বভারতীয় সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। শনিবার সেখানে কথা বলার পরই জট কাটল। সব ঠিক থাকলে ফের প্রার্থী হতে রাজি হয়েছেন দেব।

সরকারের প্রচেষ্টাতেই গত ১০ বছরে ২৫ কোটি মানুষ দারিদ্র্যের বাইরে ঃ প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ সরকারের প্রচেষ্টাতেই গত ১০ বছরে ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছেন। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, সরকার প্রতিটি পদক্ষেপে এই ২৫ কোটি মানুষের পাশে দাঁড়িয়েছে এবং এই বন্ধুরা সরকারি প্রকল্পের সুবিধা নিয়েছে এবং এই ২৫ কোটি মানুষ দারিদ্র্যকে পরাজিত করতে সফল হয়েছেন। শনিবার দুপুরে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে বিকশিত ভারত, বিকশিত গুজরাট কর্মসূচিতে অংশ নেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই অনুষ্ঠান চলাকালীন প্রধানমন্ত্রী আবাস যোজনা এবং অন্যান্য আবাসন প্রকল্পের অধীনে নির্মিত গুজরাট জুড়ে ১.৩ লক্ষেরও বেশি বাড়ির ভুমিপুজো ও উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গুজরাটের সমস্ত জেলা জুড়ে ১৮০টিরও বেশি স্থানে আয়োজিত হয়েছে এই অনুষ্ঠান, মূল অনুষ্ঠানটি বন্সকান্টায় অনুষ্ঠিত হয়েছে। অনেক সুবিধাভোগীদের সঙ্গে কথা বলেছেন প্রধানমন্ত্রী মোদী। প্রধানমন্ত্রীর কথায়, আমরা নভেম্বর, ডিসেম্বর এবং জানুয়ারি মাসে সমগ্র দেশে বিকশিত ভারত সংকল্প যাত্রার সফল আয়োজন দেখেছি। প্রতিটি গ্রামে পৌঁছেছে মোদীর গ্যারান্টি বাহন। স্বাধীনতার পর প্রথমবারের মতো দেশজুড়ে বহু গ্রামে পৌঁছেছে ভারত সরকার। প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, যে কোনও দরিদ্রের জন্য তাঁর নিজের ঘরই তাঁর উজ্জ্বল ভবিষ্যতের গ্যারান্টি। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে পরিবার বাড়ছে, তাই নতুন ঘরের প্রয়োজনও বাড়ছে। প্রত্যেকের একটি স্থায়ী ছাদ এবং নিজস্ব ঘর থাকা উচিত, এটাই আমাদের সরকারের প্রচেষ্টা।

রাজ্যপালকে সন্দেশখালি যাবার অনুরোধ শুভেন্দুর

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ সন্দেশখালির পরিস্থিতি নিয়ে উদ্বেগ বেড়েই চলেছে। এই পরিস্থিতিতে পূর্বঘোষণা মতো শনিবার পরিষদীয় দলকে নিয়ে রাজভবনে গেলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্যপালের সঙ্গে দেখা করে তাঁকে অনুরোধ করলেন সন্দেশখালি যাওয়ার জন্য। রাজভবন থেকে বেরিয়ে নিজেই জানালেন, আমরা রাজ্যপালকে বলছি, কালকের (রবিবার) মধ্যে এলাকায় যান। ১৪৪ ধারা তোলার ব্যবস্থা করুন। সোমবার বিধানসভার জড়ো হয়ে আমরা সন্দেশখালি যাব। ১৪৪ ভাঙব। এই মুহূর্তে রাজ্যপাল সি ভি আনন্দ বোস রয়েছেন কেরলে। রাজভবনে গিয়ে এদিন শুভেন্দুরা দেখা করেন রাজ্যপালের সচিবকে। তাঁকেই সব কথা বলে বিজেপি পরিষদীয় দল। উত্তপ্ত সন্দেশখালিতে রবিবারের মধ্যেই যেন যান রাজ্যপাল, সেই আবেদন জানানো হয়। সেই সঙ্গে বিরোধী দলনেতা কার্যত হুঁশিয়ারির সুরে জানান, রাজ্যপাল যদি যথাযথ ব্যবস্থা না নেন, আমরা রাজভবনের সিঁড়িতে বসে ধরনা দেব। উল্লেখ্য, শুক্রবারই সন্দেশখালির আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগপ্রকাশ করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে চিঠি পাঠিয়েছেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। স্বরাষ্ট্রমন্ত্রক যাতে হস্তক্ষেপ করে, সেই আবেদন জানিয়েছেন তিনি। এর পর শনিবার রাজ্যপালের দ্বারস্থ হল বিজেপি পরিষদীয় দল। এদিন রাজভবন থেকে বেরিয়ে বিরোধী দলনেতার বক্তব্য, আমাদের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকালই স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি দিয়েছেন। আজ প্রতিনিধি দলকে আটকানো হয়েছে। সন্দেশখালিতে ইন্টারনেট বন্ধ করেছে। তা নিয়ে আমি এক্স হ্যান্ডেলে পোস্ট করেছি। চারজন আহত হয়েছে শিবু হাজরার লোকদের হাতে। কোথায় তারা, খবর নেই। ১৪ জন হিন্দুকে গ্রেপ্তার করা হয়েছে। সিপিএমের কায়দায় সেখানে চটি পড়া ক্যাডারকে ঢুকিয়েছে। গত চারদিন ধরে শেখ শাহজাহানের বিরোধিতায় স্থানীয় বাসিঃ দাদের বিক্ষোভে উত্তপ্ত সন্দেশখালি। তারই মাঝে শনিবার বিজেপির প্রতিনিধি দল সেখানে যায়। বিজেপি নেত্রী অর্চনা মজুমদার, রাজ্য বিজেপি নেতা কৃষ্ণেন্দু মুখোপাধ্যায়-সহ বিজেপির বসিরহাট সাংগঠনিক জেলার সভাপতি তাপস ঘোষ সকলেই রাস্তায় আটকে পড়েন। সরবেড়িয়া থেকে ধামাখালিগামী রাস্তায় বসিরহাট জেলা পুলিশ তাঁদের লস্করপাড়ায় আটকে দেওয়া হয়। মিনাখাঁর এসডিপিও আমিনুল ইসলামের নেতৃত্বাধীন পুলিশ তাঁদের জানায়, ১৪৪ ধারা জারি রয়েছে, সেখানে যাওয়া যাবে না।

বিধানসভায় উত্তেজনা,হাতাহাতির উপক্রম

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ শনিবার বিধানসভায় তর্কাতর্কির জেরে উত্তেজনা দেখা দেয়। দু'পক্ষে হাতাহাতির উপক্রম হয়। পরে বিজেপি বিধায়করা বিধানসভা থেকে মিছিল করে রাজভবনে যান। সম্প্রতি রাজ্যের অন্তর্বর্তী বাজেট পেশ করেছেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। আগেই সেই বাজেটের সমালোচনা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শনিবার সেই বাজেট নিয়ে বিধানসভায় আলোচনার সময়ে শুভেন্দুকে 'চোর' বলে আক্রমণ করেন তারকেশ্বরের তৃণমূল বিধায়ক রামেন্দু সিংহ। সেই আক্রমণের পাল্টা দেন শুভেন্দুবাবুও। বিধানসভার পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় দুই বিধায়ককেই সতর্ক করেন। বিধানসভার মর্যাদা বজায় রাখতে অনুরোধ করেন। শুভেন্দুবাবুর বিরুদ্ধে কুরুচিকর আক্রমণের অভিযোগ জানিয়ে স্পিকারের কাছে গিয়েছিলেন বিধায়ক রামেন্দু সিনহারায়। পরে তিনি সাংবাদিকদের বলেন, 'এই নিয়ে সকলে নিজেদের বক্তব্য জানাচ্ছিলেন। আমি কেন্দ্রকে চোর বলেছি। উনি তার উত্তরে আমাকে কুরুচিকর আক্রমণ করেন। খারাপ ভাষায় কথা বলেন। আমি তাই উত্তেজিত হয়েছি।

সন্দেশখালি নিয়ে হুঁশিয়ারি পুলিশকর্তার

উত্তম সর্দারকে অবিলম্বে গ্রেপ্তারের দাবি

দুরন্ত বার্তা,দক্ষিন ২৪ পরগনা, ১০ ফেব্রুয়ারি ঃ উত্তপ্ত সন্দেশখালিতে জারি ১৪৪ ধারা। বসিরহাটের মহকুমা শাসকের নির্দেশে ১৪৪ ধারা জারি করা হয়েছে। সন্দেশখালি থানা এলাকার আটটি গ্রাম পঞ্চায়েতের সুন্দরবনের দ্বীপ এলাকায় বন্ধ ইন্টারনেট পরিষেবা। পুলিশের তরফে চলছে মাইকিং। অশান্তির আশঙ্কায় ত্রস্ত স্থানীয়রা। বন্ধ দোকানপাট। শুনশান রাস্তাঘাট। এদিকে, শনিবার সন্দেশখালি থানায় যাওয়ার পথে রামপুরে বিজেপি প্রতিনিধি দলকে বাধা পুলিশের। বুধবার বিকেল থেকে উত্তপ্ত হয়ে ওঠে বসিরহাটের সন্দেশখালি থানার ত্রিমোহিনী থেকে কাহারপাড়া, দাশপাড়া ও পাত্রপাড়ার মতো একাধিক গ্রাম। কেন্দ্রীয়.বঞ্চনার প্রতিবাদে স্থানীয় তৃণমূলের তরফে সন্দেশখালিতে একটি মিছিল বেরোয়। পালটা মিছিল শুরু করে বিজেপি। আর তখনই উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ বেধে যায়। একে অপরকে বাঁশ, লাঠি, ইট ও লোহার রড দিয়ে এলোপাথাড়ি মারধর করতে শুরু করে। প্রাণ বাঁচাতে দুই যুবক নদীতে

লাফ দেয়। রায়মঙ্গল নদী সাঁতরে একটি লঞ্চে উঠে কোনওরকমে প্রাণরক্ষা করে। স্থানীয়দের দাবি, তাঁরা তৃণমূল কর্মী হিসেবেই এলাকায় পরিচিত। বৃহস্পতিবার সন্দেশখালি থানার উদ্দেশে মিছিল করেন স্থানীয় মহিলারা। লাঠি হাতে মহিলাদের মিছিলে বাধা দেয় পুলিশ। উর্দিধারীদের সঙ্গে বচসা স্থানীয় মহিলাদের। এতদিন কোথায় ছিলেন?, পুলিশকে প্রশ্ন বিক্ষোভকারীদের। সন্দেশখালির 'বেতাস বাদশা' শেখ শাহজাহান ঘনিষ্ঠ তৃণমূল নেতা উত্তম সর্দার এবং শিবপ্রসাদ হাজরাকে অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানান গ্রামবাসীরা। শুক্রবারও নতুন করে উত্তপ্ত হয়ে ওঠে গোটা এলাকা। কেন গ্রেপ্তার করা হল না শিবু হাজরাকে? এই প্রশ্ন তুলে জেলিয়াখালি এলাকায় শিবু হাজরার আরও তিনটি পোলট্রি ফার্মে আগুন ধরিয়ে দেয় উত্তেজিত জনতা। ভাঙচুরের পাশাপাশি আগুন ধরিয়ে দেওয়া হয় শিবু হাজরার বসতবাড়িতেও। কালো ধোঁয়ায় ঢেকে যায় এলাকা। রাস্তায় নেমে প্রতিবাদ করেন মহিলারাও। এই ঘটনার পরই গোটা এলাকাজুড়ে ১৪৪ ধারা জারি করা হয়েছে।

●● ৩ পাতায়...

সংক্ষিপ্ত খবর

হাসপাতালে ভর্তি মিঠুন চক্রবর্তী

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ বুকে ব্যথা নিয়ে আচমকা হাসপাতালে ভর্তি হলেন মিঠুন চক্রবর্তী। শনিবার সকাল ১০ টা নাগাদ অসুস্থ বোধ করেন অভিনেতা। সূত্রের খবর, প্রাথমিক ভাবে অভিনেতার এমআরআই করা হয়েছে। হাসপাতালে ভর্তি অভিনেতা মিঠুন চক্রবর্তী। হাসপাতাল সূত্রের খবর, ব্রেন স্ট্রোক হয়েছে অভিনেতার। অভিনেতা সোহম চক্রবর্তীর প্রযোজনায় 'শাস্ত্রী' ছবির শুটিং চলাকালীন অসুস্থ বোধ করেন তিনি। এক মুহূর্তে দেরি না করেই তাঁকে তৃণমূলের পরিচালক-অভিনেতা হাসপাতালে নিয়ে যান। গত বছর পুজোয় তাঁর ছবি 'কাবুলিওয়ালা' মুক্তি পেয়েছে। সেই ছবি প্রশংসা কুড়োয় দর্শক মহলে। এ বার সদ্য নতুন একটি ছবির কাজে হাত দিয়েছেন। তার মধ্যেই ঘটে গেল এই বিপত্তি। জানুয়ারি মাসের শেষে শুরু হয় 'শাস্ত্রী' ছবির শুটিং। এই ছবির মাধ্যমেই প্রায় ১৬ বছর পর আবার বড় পর্দায় ফিরছে মিঠুন চক্রবর্তী এবং দেবশ্রী রায়ের জুটি। মিঠুন-দেবশ্রী ছবির মূল আকর্ষণ। পাশাপাশি এক ঝাঁক তারকা রয়েছেন ছবিতে। দেবারতি মুখোপাধ্যায়ের গল্প অবলম্বনে তৈরি এই ছবিতে জ্যোতিষচর্চা এবং বিজ্ঞানের দ্বৈরথকে তুলে ধরা হবে। চলতি বছর পুজোয় মুক্তি পাওয়ার কথা পথিকৃ বসু পরিচালিত'।

'লোকসভা ভোটের আগেই লাগু হবে সিএএ'



দাবি অমিত শাহের

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ সিএএ বা সংশোধিত নাগরিকত্ব আইন কবে থেকে বাংলা-সহ গোটা দেশজুড়ে লাগু হবে, তা নিয়ে রাজনৈতিক মহলে চলছে জোর চাপানউতোর। তারই মাঝে বড়সড় দাবি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের। তাঁর দাবি, লোকসভা ভোটের আগেই লাগু হবে সিএএ। শনিবার দিল্লিতে গ্লোবাল বিজনেস সামিটে একথা জানান তিনি। কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীর তীব্র সমালোচনা করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শনিবার এক আলোচনা সভায় বক্তব্য রাখার সময় অমিত শাহ বলেছেন, রাহুল গান্ধীর একটা নীতি আছে, আর তা হল প্রকাশ্যে মিথ্যা বলুন ও বারবার মিথ্যা বলুন। সম্প্রতি, গত ৮ ফেব্রুয়ারি ভারত জোড়ো ন্যায় যাত্রা চলাকালীন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জাত নিয়ে প্রশ্ন তোলেন রাহুল গান্ধী। এ প্রসঙ্গে শনিবার অমিত শাহ বলেছেন, যতদূর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জাত সম্পর্কিত বিষয়, আমার মনে হয়, কংগ্রেস গোষ্ঠী এবং জাতের মধ্যে কোনও পার্থক্য জানে না। প্রধানমন্ত্রী মোদী বলেছেন তিনি ওবিসি, ওবিসি একটি গোষ্ঠী, জাত নয়। হয়ত রাহুল গান্ধীর শিক্ষকরা তাঁকে এ কথা বলেননি। এটা অত্যন্ত দুঃখজনক যে প্রধানমন্ত্রীর জাত নিয়ে প্রশ্ন করা হচ্ছে।

চাকুরিজীবীদের জন্য বড় ঘোষণা, ইপিএফে বাড়ল সুদের হার

কত শতাংশ হারে সুদ পাবেন চাকুরিজীবীরা?

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ ইপিএফে বাড়ল সুদের হার। লোকসভা ভোটের মুখে চাকরিজীবীদের সুখবর জানাল ইপিএফও। এবার থেকে ৮.২৫ শতাংশ সুদ পাবেন চাকুরিজীবীরা। শনিবার এই কথা ঘোষণা করল এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশ। বর্তমানে ইপিএফে সুদের হার ৮.১৫ শতাংশ। তার আগের অর্থবর্ষে ইপিএফে সুদের হার ছিল ৮.১ শতাংশ। চার দশকের মধ্যে এটাই সবচেয়ে বেশি পতন ছিল ইপিএফের সুদে। বিশেষজ্ঞদের অনুমান ছিল, ২০২২-২০২৩ অর্থবর্ষে হয়তো ৮ শতাংশেরও নীচে নামতে পারে এই সুদের হার। তবে যাবতীয় আশঙ্কা উড়িয়ে দিয়ে গত বছর ২৮ মার্চ ইপিএফে সুদের হার ৮.১৫ শতাংশ করা হয়। এবার থেকে ৮.২৫ শতাংশ হারে প্রভিডেন্ট ফান্ডে সুদ পাবেন চাকরিজীবীরা। দ্রব্যমূল্যের লাগাতার বৃদ্ধি লেগেই চলেছে। শাকসবজি থেকে নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর দাম বাড়ছে হু হু করে। তার মাঝে ইপিএফে সুদের হার বৃদ্ধিতে স্বভাবতই খুশি চাকরিজীবীরা। তবে লোকসভা ভোটের আগে ইপিএফে সুদের হার বৃদ্ধিকে নির্বাচনী কৌশল হিসাবেই দেখছেন রাজনীতির কারবারিরা।

আস্থাভোটের আগেই তেজস্বীর ঘরে ভাঙন

'নিখোঁজ লালুর দলে ১২ বিধায়ক

পাটনা, ১০ ফেব্রুয়ারি ঃ খেলা হচ্ছে বিহারে! কিন্তু কে খেলছে তা নিয়েই ধন্দে রাজনীতিবিদরা। ১২ ফেব্রুয়ারি আস্থা ভোটের বিহারের জেডিইউ-বিজেপি জোট সরকারকে হারানোর চ্যালেঞ্জ ছুঁড়িছিলেন লালুপুত্র তেজস্বী যাদব। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সুরেই বলেছিলেন, 'খেলা বাকি হ্যায়'। অথচ আস্থাভোটের আগেই তেজস্বীর ঘরে ভাঙন! অন্তত বর্তমান পরিস্থিতি দেখে এমনটাই বলছে রাজনৈতিক মহল। সূত্রের খবর, আস্থা ভোটের মাত্র ২ দিন আগে আচমকাই 'নিখোঁজ আরজেডির ১২ বিধায়ক। এই তালিকায় বেশ কয়েকজন হেভিওয়েট বিধায়ক রয়েছেন। তবে এ বিষয়ে আরজেডির তরফে কোনও প্রতিক্রিয়া মেলেনি। বিষয়টি নিয়ে ইতিমধ্যে জলঘোলা শুরু হয়েছে পাটনায়। ২৪৩ আসনের বিহার বিধানসভায় ম্যাজিক ফিগার ১২২। আস্থাভোটে সহজ জয়ের বিষয় আত্মবিশ্বাসী বিজেপি-জেডিইউ। কারণ বিজেপির হাতে রয়েছে ৭৮ আসন, জেডিইউ-র ঝুলিতে ৪৫ আসন।

তাদের জোটসঙ্গী হামের দখলে রয়েছে ৪ আসন। অর্থাৎ বিজেপি জোটে কাছে আছে ১২৭টি বিধায়কের সমর্থন। যা প্রয়োজনের চেয়ে ৫ বেশি। উলটোদিকে বিহারের বৃহত্তম দল আরজেডি জিতেছিল ৭৯ আসনে। কংগ্রেস পেয়েছিল ১৯ আসন। সিপিএম ও সিপিআই জিতেছিল ২ টি করে আসনে। ফলে তাদের হাতে মোট ১০২টি আসন রয়েছে। ফলে সর্বশক্তি নিয়ে ঝাঁপালেও তারা আস্থাভোটে জয় নিয়ে চাপে আরজেডি। এর মধ্যেই তাদের গোষ্ঠীর ১২ বিধায়ক নিখোঁজ। আস্থাভোটের আগে বিহারেও অপারেশন লোটাসের সম্ভাবনা দেখছে রাজনৈতিক মহল। আস্থাভোটে কংগ্রেস-আরজেডির জয়ের আশা কার্যত শেষ! এর মধ্যে যদি ওই ১২ বিধায়ক শিবির বদল করে তবে মুখ পুড়বে তেজস্বীর।

বাজেট অধিবেশনের শেষদিনে সংসদে রামমন্দির ইস্যু!

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ বাজেট অধিবেশনের শেষদিনে সংসদে উঠল রামমন্দির ইস্যু। আর এনিয়ে জোর তরজা বাঁধল দুই কক্ষেই। প্রধানমন্ত্রী উপস্থিত থাকলেও এই ইস্যুতে বক্তব্য রাখার ব্যটন দুই কক্ষে দুই বর্ষীয়ান রাজনীতিবিদের হাতে তুলে দেন। লোকসভায় বক্তব্য রাখেন অমিত শাহ আর রাজ্যসভায় জে পি নাড্ডা। দুজনেকর বক্তব্যের মূল কথাই ছিল, কোটি-কোটি হিন্দুর স্বপ্নপূরণ হয়েছে। ১৫২৮ সাল থেকে শুরু হওয়া লড়াই শেষ হল ২০২৪-এ এসে। যদিও বিরোধীদের অভিযোগ, শনিবার অধিবেশনের দ্বিতীয় অর্ধে বিষয়টি নিয়ে আলোচনা হয়। তখন দুই কক্ষেই উপস্থিত ছিলেন না তৃণমূল সাংসদরা। কংগ্রেসের তরফে বক্তব্য রাখেন গৌরব গগৈ, অধীর চৌধুরীরা। তাঁদের কথায়, এ দেশে বহু ধর্ম রয়েছে। বহু জাতি রয়েছে। কিন্তু গোটা দেশ চালায় একটা শাস্ত্রই-সংবিধান। সংবিধানের কপি হাতে নিয়ে ধর্ম নিরপেক্ষতার পাঠ দেন গৌরব গগৈ। একই সুর শোনা যায় কংগ্রেস সাসংদ তথা প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীর গলাতেও।

১২ ফেব্রুয়ারি দুবাইয়ে শুরু হচ্ছে বিশ্ব গভর্মেন্ট সম্মেলন, ১৪ তারিখ বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ আগামী ১২ ফেব্রুয়ারি দুবাইয়ে শুরু হচ্ছে বিশ্ব গভর্মেন্ট সম্মেলন। সুশাসনের ভবিষ্যত গঠনের প্রয়াসে, ৮৫টিরও বেশি আন্তর্জাতিক এবং আঞ্চলিক সংস্থা বিশ্ব গভর্মেন্ট শিখর সম্মেলনের ১১-তম সংস্করণের জন্য প্রস্তুতি নিচ্ছে। দুবাইয়ে ১২ থেকে ১৪ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে এই সম্মেলন, এই শীর্ষ সম্মেলনের থিম রয়েছে ভবিষ্যত সরকার গঠন করা।ভারত, তুরস্ক এবং কাতারকে ২০২৪ সালের বিশ্ব গভমেন্ট সম্মেলনে সম্মানিত অতিথি হিসাবে ঘোষণা করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ ফেব্রুয়ারি এই শীর্ষ সম্মেলনে বক্তব্য রাখবেন, বিশ্বব্যাপী এই অনুষ্ঠানের তাৎপর্য তুলে ধরবেন তিনি, এমনটাই আশা করা হচ্ছে।

ভারতীয় বাঙালিদের সঙ্গেঅনুপ্রবেশকারীদের গুলিয়ে দেবার চেষ্টার অভিযোগ তথাগতের

কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ দিল্লিতে ভারতীয় বাঙালিদের সঙ্গে অনুপ্রবেশকারীদের গুলিয়ে দেবার চেষ্টার অভিযোগ এনে সতর্কতা দিলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।শনিবার তিনি এক্স হ্যান্ডেলে লিখেছেন, কিছু শয়তান ছদ্মবেশী জেহাদি দিল্লির ভারতীয় বাঙালিদের সঙ্গে বাংলাদেশী ও রোহিঙ্গিয়া অনুপ্রবেশকারীদের গুলিয়ে দেবার চেষ্টা করছে।দিল্লির ভারতীয় বাঙালিরা জোট বেঁধে এক পাড়ায় থাকেও না, (চিত্তরঞ্জন পার্কের অবস্থাপন্ন বাঙালিরা বাদে), তারা ভিক্ষাও করে না। যেগুলো ভিক্ষা করে আর ঝুগ্গি-ঝোঁপড়ি কলোনিতে থেকে জানোয়ারের মত বংশবৃদ্ধি করে এগুলোই বাংলাদেশী ঘুসপেট। দিল্লির ভারতীয় বাঙালিরা প্রায় সবাই হিন্দি ও ইংরেজি বলতে পারে, কিন্তু এই ঘুসপেটগুলো চাটগাঁইয়া বাংলা ছাড়া আর কিছু বলতে পারে না।রাজনৈতিক ভাষ্যকার কৃষ্ণ কাশ্যপ এক্স হ্যান্ডেলে লিখেছেন, দিল্লি গুরগাঁও নোয়ডা, লোয়ার এন্ড মার্কেট এদের দখলে। কাজের মাসি, মাছ, মাংসের দোকান, খুচরো সব কাজকম্মে এরা ঢুকে গেছে। এরা বাংলা থেকে প্যান, আধার বানিয়ে আনে, তারপর দিল্লিতে এসে পাসপোর্ট বানিয়ে লিগ্যাল হয়ে যায়।অর্পণ চক্রবর্তী লিখেছেন, ওই ঘুসপেট গুলোর পোশাক আর মুখের ভাষা দুটোই প্রমাণ করে আর হিন্দু বাঙালি দেখলেই চুপি চুপি কেটে পড়ে পাছে ধরা পড়ে যায় .....। এর প্রেক্ষিতে তথাগতবাবুর ওই মন্তব্য।

রাহুল গান্ধীর একটা নীতি আছে, প্রকাশ্যে মিথ্যা বলুন ও বারবার মিথ্যা বলুনঃঅমিত শাহ

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃকংগ্রেস সাংসদ রাহুল গান্ধীর তীব্র সমালোচনা করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শনিবার এক আলোচনা সভায় বক্তব্য রাখার সময় অমিত শাহ বলেছেন, রাহুল গান্ধীর একটা নীতি আছে, আর তা হল প্রকাশ্যে মিথ্যা বলুন ও বারবার মিথ্যা বলুন।সম্প্রতি, গত ৮ ফেব্রুয়ারি ভারত জোড়ো ন্যায় যাত্রা চলাকালীন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জাত নিয়ে প্রশ্ন তোলেন রাহুল গান্ধী। এ প্রসঙ্গে শনিবার অমিত শাহ বলেছেন, যতদূর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জাত সম্পর্কিত বিষয়, আমার মনে হয়, কংগ্রেস গোষ্ঠী এবং জাতের মধ্যে কোনও পার্থক্য জানে না। প্রধানমন্ত্রী মোদী বলেছেন তিনি ওবিসি, ওবিসি একটি গোষ্ঠী, জাত নয়। হয়ত রাহুল গান্ধীর শিক্ষকরা তাঁকে এ কথা বলেননি। এটা অত্যন্ত দু ঃখজনক যে প্রধানমন্ত্রীর জাত নিয়ে প্রশ্ন করা হচ্ছে।

বঞ্চনার অভিযোগে দিল্লিতে বিক্ষোভ সিপিআই (এম)-এর সামিল কেজরিওয়াল, তোপ মুরলীধরণের

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারিঃ'আর্থিক অবিচার'-সহ নানা ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ এনে দিল্লির যন্তর মন্তরে বিক্ষোভ প্রদর্শন করল সিপিআই (এম)। কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন বাম গণতান্ত্রিক ফ্রন্ট (এলডিএফ)-এর বিক্ষোভের নেতৃত্ব দেন। বিক্ষোভ কর্মসূচিতে সামিল হন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল ও পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান।কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন বলেছেন, নিজেদের প্রতিবাদকে সুদৃঢ় করতে এগিয়ে আসতে হবে আমাদের। ভারতের যুক্তরাষ্ট্রীয় কাঠামো রক্ষা করতে একত্রিত হয়েছি আমরা। এই লড়াই কেন্দ্র-রাজ্য সম্পর্কের মধ্যে ভারসাম্য বজায় রাখার চেষ্টা করবে। গত ৮ ফেব্রুয়ারি দিনটি ভারতের ইতিহাসে লাল অক্ষরের লেখা থাকবে। কেরলের মন্ত্রী কাদান্নাপল্লী রামচন্দ্রন বলেছেন, কেন্দ্রীয় সরকারের কর্মকাণ্ডের কারণে, তাঁরা সংবিধানের মর্যাদা বজায় রাখার পক্ষে নয়। আমরা সংবিধান সম্পর্কিত কিছু সাহায্য পেতে চেয়েছিলাম, কিন্তু তাঁরা তা প্রত্যাখ্যান করেছে।এই বিক্ষোভ কর্মসূচিতে বক্তব্য রাখার সময় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল বলেছেন, ইডি এখন একটি নতুন অস্ত্র। এখনও পর্যন্ত কোনও ব্যক্তি দোষী প্রমাণিত হলেই তাঁকে কারাগারে পাঠানো হতো। কিন্তু এখন তাঁরা (বিজেপি) ঠিক করেছে, কাকে কারাগারে পাঠাবে, তারপর ভাববে কোন মামলাটি ওই ব্যক্তির উপর চাপানো হবে। হেমন্ত সোরেনকে জেলে রাখা হযেছে, অথচ মামলা শুরুই

রামময় হয়ে উঠল পুরানো দিল্লি রেল স্টেশন, অযোধ্যার উদ্দেশ্যে রওনা ১,৫০৪ জন রামভক্ত

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ রামময় হয়ে উঠল পুরানো দিল্লি রেল স্টেশন। শনিবার সকালে পুরানো দিল্লি রেল স্টেশন থেকে একটি বিশেষ ট্রেনে অযোধ্যা ধামের উদ্দেশ্যে রওনা হয়েছেন ১,৫০৪ জন রামভক্ত। জয়শ্রীরাম প্রতিধ্বনিতে ধ্বনিত হতে থাকে পুরানো দিল্লি রেল স্টেশন। বিজেপি সাংসদ মনোজ তিওয়ারি সবুজ পতাকা নেড়ে এই বিশেষ ট্রেনের যাত্রার সূচনা করেছেন।পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মনোজ তিওয়ারি বলেছেন, ৫০০ বছর পর ভগবান রাম মন্দিরে এসেছেন, ভক্তদের মধ্যে ভগবান রামের দর্শন নেওয়ার প্রতিযোগিতা শুরু হয়েছে, এমন পরিস্থিতিতে দিল্লি থেকে বহু ট্রেন অযোধ্যাধামে যাচ্ছে, এরই ধারাবাহিকতায় শনিবার ১,৫০৪ জন এখান থেকে অযোধ্যাধামে যাচ্ছেন।

অশান্ত সন্দেশখালিতে জারি ১৪৪ ধারা শুনশান রাস্তাঘাট, বন্ধ দোকানপাট

সন্দেশখালি (উত্তর ২৪ পরগনা), ১০ ফেব্রুয়ারি ঃ উত্তর ২৪ পরগনার অশান্ত সন্দেশখালিতে জারি হল ১৪৪ ধারা। শুক্রবার রাত থেকে ত্রিমোহিনী বাজার-সহ সন্দেশখালি থানা এলাকায় ১৪৪ ধরা জারি করেছে পুলিশ। শুক্রবার রাতেই বিশাল বাহিনী দিয়ে সন্দেশখালি থানা এলাকা ঘিরে ফেলে পুলিশ। শুরু হয় রুটমার্চ। পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরাও শুক্রবার রাতের মধ্যেই সন্দেশখালি পৌঁছন। এর পর সন্দেশখালি থানা এলাকায় ১৪৪ ধরা জারি করে পুলিশ। শনিবার সকালে পরিস্থিতি এখনও থমথমে। রাস্তাঘাট শুনশান। বন্ধ রয়েছে দোকানপাট।প্রসঙ্গত, শুক্রবার সারা দিন ধরেই দফায় দফায় বিক্ষোভের সাক্ষী থেকেছে সন্দেশখালি। সন্ধ্যায় বিক্ষোভ উঠে গেলেও বিক্ষোভকারীদের হুঁশিয়ারি ছিল, শনিবার আবার আন্দোলনে শামিল হবেন তাঁরা। এরই প্রেক্ষিতে শুক্রবার রাত থেকে ১৪৪ ধারা জারি করা হয়েছে। নতুন করে উত্তপ্ত হয়ে উঠেছে সন্দেশখালি। এলাকার তৃণমূল নেতা শাহজাহান শেখ, শিবু হাজরা এবং উত্তম সর্দারকে গ্রেফতার করার দাবিতে সন্দেদশখালিতে বিক্ষোভ দেখাচ্ছেন স্থানীয়েরা।

প্রধানমন্ত্রী মোদীকে পুনরায় জেতানোর জন্য মনস্থির করেছেন দেশবাসীঃঅনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃপ্রধানমন্ত্রী মোদীকে পুনরায় জেতানোর জন্য মনস্থির করেছেন দেশবাসী। আত্মবিশ্বাসের সঙ্গে বললেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। তিনি বলেছেন, তৃতীয়বার মোদী সরকার, এবার ৪০০-পার।শনিবার সকালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, নমো হ্যাট্রিক হতে চলেছে, কারণ প্রধানমন্ত্রী মোদী তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হতে চলেছেন এবং ভারতের অর্থনীতি বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হতে চলেছে...বিজেপি সরকারের অধীনে ৪ কোটি মানুষ পাকা বাড়ি, ১২ কোটি টয়লেট, জল সরবরাহ পৌঁছেছে ৩ কোটি বাড়িতে সরবরাহ, ৮০ কোটি মানুষ বিনামূল্যে রেশন পেয়েছেন।

মোদী সরকার দৃঢ়সংকল্পের, দেশের স্বার্থে নেওয়া হবে বড় সিদ্ধান্তঃঅর্জুন মেঘওয়াল

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি মোদী সরকার হল নীতি নির্ধারক, দৃঢ়সংকল্পের সরকার। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় আইনমন্ত্রী তথা বিজেপি নেতা অর্জুন রাম মেঘওয়াল। তিনি বলেছেন, দেশের স্বার্থেই ব। সিদ্ধান্ত নেওয়া হবে। শনিবার সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেছেন, এটি একটি নীতি নির্ধারক, দৃঢ়সংকল্পের সরকার। ২০১৪ সালে এই সরকার ক্ষমতায় আসার পর থেকে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।''''কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল আরও বলেছেন, ২০১৯ সালে সরকার গঠনের পরে সিদ্ধান্ত নেওযার গতি আবার বেড়েছে। দেশের স্বার্থে বড় সিদ্ধান্ত নেওয়া হবে।

বীরভূমে গাঙ্গুতে ধাক্কা বেপরোয়া ডাম্পারের মৃত্যু চালকের, ওসি আহত হয়ে হাসপাতালে ভর্তি

বীরভূম, ১০ ফেব্রুয়ারিঃবীরভূমে পুলিশের গাড়িতে ধাক্কা মারল একটি ডাম্পার, ডাম্পারের ধাক্কায় মৃত্যু হয়েছে গা।রি চালকের। ওই গাড়িতেই ছিলেন বীরভূমের মুরারই থানার ওসি শাকিব সাহাব। তাঁকে উদ্ধার করে সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করানো হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, শনিবার ভোরে রানিগঞ্জ-মোড়গ্রাম ১৪ নম্বর জাতীয় সড়কে বীরভূমের মহাম্মদবাজার থানার গনপুরে দুর্ঘটনাটি ঘটেছে। মৃত চালকের নাম হামিদুল সেখ। তাঁর বাড়ি বীরভূমের পারুই এলাকায়।পুলিশ সূত্রে খবর, কাঁকিনাড়ার বাড়ি থেকে একটি গাড়ি করে মুরারই ফিরছিলেন মুরারই থানার ওসি। গনপুরের কাছে একটি লরিকে ওভারটেক করার সময় সামনের দিক থেকে আসা একটি ডাম্পারের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয় তাঁর গাড়ির। ঘটনাস্থলেই মৃত্যু হয় গাড়ির চালক হামিদুলের। গুরুতর জখম হন ওসি। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। শাকিবকে উদ্ধার করে সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। পুলিশ ইতিমধ্যেই ডাম্পারটিকে আটক করেছে।

মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পশ্চিমবঙ্গ সরকার ''ধর্মবিশেষ''-এর রক্ষক হয়ে উঠেছেঃগিরিরাজ সিং

বেগুসরাই, ১০ ফেব্রুয়ারি ঃ পশ্চিমবঙ্গের মমতা বন্দ্যোপাধ্যায় সরকারের তীব্র সমালোচনা করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। তিনি বলেছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পশ্চিমবঙ্গ সরকার ''ধর্মবিশেষ''-এর রক্ষক হয়ে উঠেছে। আসলে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ সম্পর্কে পশ্চিমবঙ্গের জামিয়ত উলেমা-ই-হিন্দ প্রধানের বক্তব্য প্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং এই কথা বলেছেন। শনিবার বিহারের বেগুসরাইয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে গিরিরাজ সিং বলেছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পশ্চিমবঙ্গ সরকার ''ধর্মবিশেষ''-এর রক্ষক হয়ে উঠেছে। রোহিঙ্গাদের জন্য তাঁরা লাল গালিচা বিছিয়ে দেয়... যোগী আদিত্যনাথকে হুমকি দেওয়া দেশের কাছে গ্রহণযোগ্য নয়। তিনি (যোগী আদিত্যনাথ) মুখ্যমন্ত্রী এবং সনাতনের প্রতীক। কেউ তাঁকে আটকানোর সাহস করে না এবং তিনি নির্বাচনের সময় সেখানে যাবেন।বিহারের রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, ...আমরা ইতিমধ্যেই রাজ্যপালের কাছে দাবি করেছি, নীতীশ কুমার তাঁকে (রাজ্যপালকে) বলেছেন আমাদের সরকার চালানোর শক্তি আছে।

কাঁশিরামকেও ভারতরত্ন দেওয়া উচিতঃমায়াবতী

লখনউ, ১০ ফেব্রুয়ারি ঃ কাঁশিরামকেও ভারতরত্ন দেওয়া উচিত, দত শুক্রবার এই দাবি করলেন বহুজন সমাজ পার্টির প্রধান মায়াবতী। কাঁশিরামকে ভারতরত্ন দিয়ে সম্মানিত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছেন বহুজন সমাজ পার্টির (বিএসপি) প্রধান মায়াবতী। গত শুক্রবার এক্স মাধ্যমে পোস্টে মায়াবতী লিখেছেন, বর্তমান বিজেপি সরকার যাঁদের ভারতরত্ন দিয়ে সম্মানিত করার সিদ্ধান্ত নিয়েছে তা স্বাগতযোগ্য। তবে এই ক্ষেত্রে, বিশেষ করে দলিত ব্যক্তিদের অবজ্ঞা করা এবং উপেক্ষা করা মোটেও ঠিক নয়। সরকারকে এদিকেও নজর দিতে হবে। তিনি জানান, বাবাসাহেব ডক্টর ভীমরাও আম্বেদকরকে দীর্ঘ অপেক্ষার পর ভিপি সিং সরকার ভারতরত্ন দিয়ে সম্মানিত করেছিলেন। দলিত ও অবহেলিতদের মসিহা কাঁশিরাম তাদের স্বার্থে যে সংগ্রাম করেছেন তাও কম নয়। তাঁকেও ভারতরত্ন দিয়েও সম্মানিত করা উচিত বলে এদিন উল্লেখ করেন।

ভগবান রামকে উপেক্ষা করার জন্যই কংগ্রেসের এখন এই দশাঃসত্যপাল সিং

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ ভগবান রামকে অগ্রাহ্য করার জন্য কংগ্রেসের এখন এই দশা। কটাক্ষের সুরে এমনটাই বললেন বিজেপি সাংসদ সত্যপাল সিং। শনিবার লোকসভায় রামমন্দিরের ওপর ধন্যবাদ প্রস্তাবে বিজেপি সাংসদ সত্যপাল সিং বলেছেন, অযোধ্যায় রামমন্দির নির্মাণ এবং সংসদের অভ্যন্তরে ২২ জানুয়ারি ভগবান রামের প্রাণ প্রতিষ্ঠা সম্পর্কে কথা বলার সুযোগ পেয়ে নিজেকে সৌভাগ্যবান মনে করছি। অযোধ্যায় রাম জন্মভূমি মন্দিরে প্রাণ প্রতিষ্ঠা ও ভগবান রামের প্রার্থনা করা ঐতিহাসিক।বিজেপি সাংসদ সত্যপাল সিং আরও বলেছেন, যেখানে রাম আছে, সেখানে আছে ধর্ম... যারা ধর্মকে ধ্বংস করে, তাঁরা শেষ হয় এবং যারা ধর্মকে রক্ষা করে, তাঁরা রক্ষা পায়। কংগ্রেস এখন এই অবস্থায় আছে, কারণ তাঁরা সেই সময়ে ভগবান রামকে উপেক্ষা করেছিল।

পার্ক দে প্রিন্সেসের সঙ্গে দীর্ঘ ৫০ বছরের সম্পর্ক ছিন্ন করতে চলেছে পিএসজি!

প্যারিস, ১০ ফেব্রুয়ারিঃ প্রায় ৫০ বছরের সম্পর্ক ছিন্ন করে ঘরের মাঠ পার্ক দে প্রিন্সেস ছেড়ে দিতে চলেছে প্যারিস সেইন্ট জার্মেইন (পিএসজি)। উয়েফা কংগ্রেস শেষে এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন ক্লাব সভাপতি নাসের আল খেলাইফি। প্যারিসের মেয়র স্টেডিয়াম বিক্রিতে আপত্তি জানানোর জন্য পিএসজিকে বিকল্প ভেন্যু খুঁজতে হচ্ছে। এই ভেন্যুর মালিকানা মূলত কাউন্সিল অব প্যারিসের।তাই পার্ক দে প্রিন্সেসের সঙ্গে দীর্ঘ ৫০ বছরের সম্পর্ক ছিন্ন করে এবার নতুন ঠিকানা খুঁজতে চলেছে ফরাসি জায়ান্ট । নতুন ঠিকানা না হলেও পার্ক দে প্রিন্সেস স্টেডিয়ামকে আর পাচ্ছে না মেসি-নেইমারদের পুরোনো ক্লাব। ১৯৭৩ সাল থেকে পিএসজি এই ভেন্যুকে নিজেদের হোমগ্রাউন্ড হিসেবে ব্যবহার করে আসছে।

কেন্দ্রীয় সরকারের কাজের ধরন চরণ সিং-এর কাজের শৈলীকে প্রতিফলিত করেঃজয়ন্ত চৌধুরী

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃপ্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিংকে ভারতরত্ন দেওয়ার ঘোষণায় খুশি ব্যক্ত করলেন রাষ্ট্রীয় লোক দল-এর প্রধান জয়ন্ত চৌধুরী। তিনি বলেছেন, কেন্দ্রীয় সরকারের কাজের ধরন চরণ সিং-এর কাজের শৈলীকে প্রতিফলিত করে। শনিবার রাজ্যসভায় আরএলডি প্রধান জয়ন্ত চৌধুরী বলেছেন, গত ১০ বছর ধরে আমি বিরোধী দলে আছি, বর্তমান সরকারের কাজের ধরনেও চৌধুরী চরণ সিং-এর ভাবনার আভাস পাওয়া যায়। যখন প্রধানমন্ত্রী মোদী গ্রামে শৌচাগারের সমস্যাগুলি নিয়ে কথা বলেন, যখন ভারত সরকার নারীর ক্ষমতায়নকে নিজস্ব প্ল্যাটফর্ম করে তোলে এবং গ্রামে সচেতনতা তৈরি করে, তখন আমি এতে চৌধুরী চরণ সিং জির উক্তিটি স্মরণ করি।আরএলডি প্রধান জয়ন্ত চৌধুরী আরও বলেছেন, আমি বিশ্বাস করি, প্রধানমন্ত্রী মোদী এবং ভারত সরকার চৌধুরী চরণ সিংকে ভারতরত্ন দিয়েছেন, এটি দু''টি বড় বিষয় সম্পাদন করেছে, একটি হল আমরা চৌধুরী চরণ সিং-এর উত্তরাধিকারকে পুনঃ প্রতিষ্ঠানবদ্ধ করি...আমি বিশ্বাস করি, এটি শুধুমাত্র একটি পুরস্কার নয়, এটি সবচেয়ে বড় গৌরব... যে সরকার মাটির কণ্ঠস্বর বোঝে এবং কন্ঠস্বর উন্নীত করতে চায়, সেই সরকারই একমাত্র মাটির সন্তান চৌধুরী চরণ সিংকে ভারতরত্ন দিতে পারে

সন্দেশখালি যেতে বাধা বিজেপি-র প্রতিনিধি দলকে

উত্তর ২৪ পরগণা, ১০ ফেব্রুয়ারি ঃ উত্তপ্ত পরিস্থিতির মধ্যে সন্দেশখালিতে জারি হয়েছে ১৪৪ ধারা। প্রচুর পুলিশ বাহিনী মোতায়েন রয়েছে সেখানে। এর মধ্যে শনিবার এলাকায় প্রবেশে বাধা পেলেন বিজেপি-র প্রতিনিধি দল।শুক্রবার কার্যত অগ্নিগর্ভ পরিস্থিতি তৈরি হয়েছিল সন্দেশখালিতে। শাহজাহান ঘনিষ্ঠ শিবু হাজরা, উত্তম সর্দারদের বিরুদ্ধে রাগে ফুঁসছেন সন্দেশখালির এক অংশের মানুষ। পাল্টা শিবু হাজরার দলকেও এলাকার দখল নিতে দেখা গিয়েছে।শনিবার পুলিশের দাবি, বিজেপি প্রতিনিধিদলকে রামপুরের পর আর যেতে দেওয়া হবে না। এলাকায় তাঁরা প্রবেশ করলে পরিস্থিতি আরও খারাপ হতে পারে।বিজেপি প্রতিনিধি দলের অভিযোগ, একাধিক বিজেপি কর্মীর বাড়ি ভাঙচুর হয়েছে। তিনজন হাসপাতালে ভর্তি

রবিবার গোন্ডিয়া যাচ্ছেন উপ-রাষ্ট্রপতি, এক-দিনের সফরে রয়েছে বেশ কিছু কর্মসূচি

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় রবিবার, ১১ ফেব্রুয়ারি মহারাষ্ট্রের গোন্ডিয়া সফরে যাচ্ছেন। এক-দিনের এই সফরে বেশ কিছু কর্মসূচি রয়েছে উপ-রাষ্ট্রপতি ধনখড়ের। এই সফরে মহারাষ্ট্রের গোন্ডিয়া ও ভান্ডারা জেলার মেধাবী শিক্ষার্থী ও বিশিষ্ট ব্যক্তিবর্গকে স্বর্ণপদক প্রদান করবেন উপ-রাষ্ট্রপতি ধনখড়।এছাড়া গোন্ডিয়ায় সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালের শিলান্যাস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উপ-রাষ্ট্রপতি। এক-দিনের এই সফরে গোন্ডিয়া এডুকেশন সোসাইটির প্রতিষ্ঠাতা প্রয়াত মনোহরভাই প্যাটেলের ১১৮-তম জন্মবার্ষিকী স্মরণে একটি অনুষ্ঠানেও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উপ-রাষ্ট্রপতি ধনখড়।

ফেব্রুয়ারিতে পারদ-পতনে রেকর্ড গড়ল কাশ্মীর, ১৮-২০ ফেব্রুয়ারির মধ্যে তুষারপাতের সম্ভাবনা

শ্রীনগর, ১০ ফেব্রুয়ারি ঃ কনকনে ঠান্ডায় আবারও কাঁপছে ভূস্বর্গ, কাশ্মীর উপত্যকার নানা স্থানে হিমাঙ্কের বেশ কিছুটা নীচেই রয়েছে সর্বনিম্ন তাপমাত্রা। এমতাবস্থায় কাশ্মীরের আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত মূলত শুষ্ক আবহাওয়া থাকবে কাশ্মীরে, এই সময়ে কোথাও বৃষ্টি অথবা তুষারপাতের কোনও সম্ভাবনা নেই। ১৪ ফেব্রুয়ারি আকাশ থাকতে পারে মেঘলা।আবহাওয়া দফতর আরও জানিয়েছে, ১৮-২০ ফেব্রুয়ারির মধ্যে জম্মু ও কাশ্মীরের নানা স্থানে বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে। তবে, সেই সময় হালকা বৃষ্টি ও তুষারপাত হবে বলেই আগাম পূর্বাভাসে জানানো হয়েছে। উল্লেখ্য, ফেব্রুয়ারিতে পারদ-পতনে এ বছর রেকর্ড গ।ছে কাশ্মীর। এর আগে ২০১৯ সালের ৯ ফেব্রুয়ারি মাইনাস ৫.৭ ডিগ্রিতে নেমেছিল তাপমাত্রা। শ্রীনগরে ১৯৮৫ সালের ৬ ফেব্রুয়ারি সর্বকালের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল, সেই সময় তাপমাত্রা নেমে আসে মাইনাস ২০ ডিগ্রি সেলসিয়াসে।

অন্ধ্রপ্রদেশের নেল্লোরে দু'টি ট্রাক ও বাসের সংঘর্ষে মৃত্যু ৬ জনের, আহত কমপক্ষে ২০ জন

নেল্লোর, ১০ ফেব্রুয়ারি ঃঅন্ধ্রপ্রদেশের নেল্লোর জেলায় দু'টি ট্রাক ও বাসের সংঘর্ষে প্রাণ হারালেন ৬ জন। ভয়াবহ এই দুর্ঘটনায় কমবেশি আহত হয়েছেন আরও ২০ জন। শনিবার ভোররাতে নেল্লোর জেলার মুসুনুরু টোল প্লাজায় দুর্ঘটনাটি ঘটেছে। ভোররাত তখন দু'টো হবে, দুটি ষাঁড় নিয়ে শ্রীকালহস্তির দিকে যাচ্ছিল একটি ট্রাক, সেই সময় লোহাবোঝাই আরেকটি ট্রাক পেছন থেকে ধাক্কা মারে।কাভালি মহকুমা পুলিশ অফিসার ভেঙ্কট রমনা বলেছেন, লোহা বোঝাই ট্রাকের চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন, তখন ট্রাকটি বিপরীত দিক থেকে আসা একটি বাসে ধাক্কা মারে। এই দুর্ঘটনাতেই ৬ জনের মৃত্যু ও কমপক্ষে ২০ জন আহত হয়েছেন। যদিও, পুলিশ দাবি করেছে, দুর্ঘটনায় মৃতের সংখ্যা ৪ ও আহত হয়েছেন ১৫ জন।

হল্দওয়ানির পরিস্থিতি স্বাভাবিক তুলে নেওয়া হয়েছে কারফিউ, ৩টি এফআইআর রুজু

দেহরাদূন, ১০ ফেব্রুয়ারি ঃ উত্তরাখণ্ডের হল্দওয়ানির পরিস্থিতি স্বাভাবিক রয়েছে, তুলে নেওয়া হয়েছে কারফিউ। শনিবার সকালে এমনটাই জানালেন এডিজি আইনশৃঙ্খলা এ পি অংশুমান। তিনি বলেছেন, উচ্ছেদ অভিযানকে ঘিরে হিংসার ঘটনায় ৫ জনকে গ্রেফতার করা হয়েছে ও ৩টি এফআইআর দায়ের করা হয়েছে। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হয়েছে এবং হিংসার ঘটনায় ৫ জনের মৃত্যু হয়েছে ও ৩ জন গুরুতর আহত হয়েছেন। অনেক পুলিশ কর্মীও আহত হয়েছেন।নৈনিতালের এসএসপি পি এন মীনা বলেছেন, তিনটি মামলা দায়ের হয়েছে এবং তাতে ১৯ জনের নাম রয়েছে। ১৯ জন চিহ্নিত ও ৫ হাজারের বেশি অজ্ঞাতদের বিরুদ্ধে অভিযান চলছে। অনেকজনকে হেফাজতে নেওয়া হয়েছে ও চিহ্নিত করার কাজ চলছে। উল্লেখ্য, অবৈধ দখল উচ্ছেদকে ঘিরে বৃহস্পতিবার অশান্ত হয়ে ওঠে হল্দওয়ানির বানভুলপুরা এলাকা।

মল্লিকার্জুনকে তিরস্কার করলেন রাজ্যসভার চেয়ারম্যান ধনখড়, ক্ষমা চাইতে বললেন পীযূষ গোয়েল

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ কংগ্রেস সভাপতি তথা রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গের তীব্র সমালোচনা ও তিরস্কার করলেন রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়। শনিবার রাজ্যসভার চেযারম্যান জগদীপ ধনখ। অধিবেশন চলাকালীন মল্লিকার্জুন খাড়গে এবং অন্যান্য কংগ্রেস নেতাদের সঙ্গে কথা বলেছেন, ধনখ। বলেন, আপনারা চৌধুরী চরণ সিংকে অপমান করেছেন, আপনারা তাঁর উত্তরাধিকারকে অপমান করেছেন। ভারতরত্ন চৌধুরী চরণ সিংয়ের জন্য আপনার কাছে সময়.ছিল না। দেশের প্রতিটি কৃষককে আপনারা আঘাত করছেন। চৌধুরী চরণ সিং ইস্যুতে সংসদের অভ্যন্তরে এমন পরিবেশ, লজ্জায়.আমাদের মাথা নত হয়ে যাওযার কথা।এদিনই কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল রাজ্যসভায় বলেছেন, এটি একটি গর্বের মুহূর্ত যে প্রধানমন্ত্রী মোদী চৌধুরী চরণ সিংকে ভারতরত্ন প্রদানের মাধ্যমে সম্মান জানিযেছেন... কংগ্রেসের এখন উদযাপন করা উচিত ছিল, যে তাদের প্রাক্তন প্রধানমন্ত্রীকে মোদী সরকার পুরস্কৃত করেছে। খাড়গে-কে দেশের কাছে ক্ষমা চাইতে বলেন গোয়েল।

গাড়ি ও কন্টেইনারের সংঘর্ষে মৃত্যু ৩ জনের

মুম্বাই, ১০ ফেব্রুয়ারি ঃ মহারাষ্ট্রের আহমেদনগর জেলার কোপারগাঁওয়ের ধোতার গ্রামের কাছে শুক্রবার ভোর রাতে একটি কন্টেইনার এবং একটি গাড়ির মধ্যে সংঘর্ষে মৃত্যু হযেছে তিনজনের। দুর্ঘটনায় আহত দুইজনকে কোপারগাঁও গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হযেছে।শনিবার কোপারগাঁও থানার পুলিশ পরিদর্শক সন্দীপ কলি জানিয়েছেন, শুক্রবার রাতে জালনা

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,১১ফেব্রুয়ারি ঃরবিবার, ২৭মাঘ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৭ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈত৪নাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ২৭মাঘ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২৬মাঘ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২৭মাঘ মাস ১৯৪৪, মৈতৈঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি শনিবার । জোয়ার-সকাল ৫টা ২১ মিনিট এবং রাত৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৫টা ২০মিনিট। রাত-৯টে ২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৬ টা ১৫মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৫ টা ১৫ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃমদ্যপানের অভ্যাস থেকে মুক্তি পাওয়ার পক্ষে এটি একটি অত্যন্ত শুভ দিন। শুভ **বৃষভ রাশিঃ**আপনার খাবার সম্পর্কে সঠিক যত্ন নিন, বিশেষ করে মাইগ্রেনের রোগীরা, যাঁদের খাওয়া বাদ দেওয়া উচিত নয় । **মিথুন রাশিঃ**স্ত্রীর ব্যাপারে অযথা নাক গলাবেন না- তাতে স্ত্রী রুষ্ট হবে। এর থেকে বরং নিজের দিকে নজর দিন। কিছু জিনিসে হস্তক্ষেপ করা যেতে পারে নাহলে নির্ভরশীলতা এসে যাবে। শুভ **কর্কট রাশিঃ**আজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদী অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। শুভ **সিংহরাশিঃ**সংসারে শান্তি হতে পারে। বিবাহের যোগ হতে পারে **কন্যারাশিঃ**বিদেশ যাত্রা শুভ। সন্তান হতে পারে আজকের দিনে **তুলারাশিঃ**স্বাস্থ্যের দিক থেকে এটি অত্যন্ত ভালো দিন। শুভদিন **বৃশ্চিক রাশিঃ** আপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। সংসারে শান্তি হবে **ধনু রাশিঃ** আপনার ঈর্ষাপরায়ণ ব্যবহার আপনাকে দু ঃখিত এবং অবসাদগ্রস্থ করতে পারে। আর্থিক সীমাবদ্ধতা এড়াতে আপনার বাজেটে আটকে থাকুন। শুভদিন **মকর রাশিঃ**বন্ধুরা সহায়ক হবে এবং আপনাকে খুশি রাখবে। আপনি আজ আপনার অর্থ সঙ্গীর খারাপ স্বাস্থ্যের জন্য ব্যয় করতে **কুম্ভ রাশিঃ**কটি খুশির দিনে মানসিক উত্তেজনা এবং চাপ এড়িয়ে চলুন। এটি আরেকটি উচ্চ-শক্তিসম্পন্ন দিন এবং অপ্রত্যাশিত লাভ আগে থেকেই দেখা যাচ্ছে। শুভদিন। **মীন রাশিঃ**অত্যন্ত প্রভাবশালী ব্যক্তিদের সমর্থন আপনার সাহসকে এক বড় উসাহদান করবে। আজ ঘনিষ্ঠ বন্ধুর সহায়তায় কিছু ব্যবসায়ী. আর্থিক লাভের সম্ভাবনা রয়েছে। এই অর্থ আপনার অনেক ঝামেলা কাটিয়ে উঠতে পারে। এই মূহূর্তে বাচ্চা আর পরিবার আপনার প্রধান লক্ষ্য। আপনার প্রিয়জন ঘৃণা

আন্দোলনের ঝড়, হুশিয়ারি যুব বিজেপির

কলকাতা, ১০ ফেব্রুয়ারিঃ রাজ্যজুড়ে বিতর্কের শিরোনামে সন্দেশখালি। ঘর ছেড়ে আন্দোলনে নেমেছেন গ্রামের মহিলারা। সাহসিকতার সঙ্গে সংবাদ মাধ্যমের সামনে নিজেদের অত্যাচারের কথা তুলে ধরেছেন। সেই অভিজ্ঞতা ভয়ঙ্কর। তাদের পাশে রাজ্যের সব বিরোধী দল দাঁড়িয়েছে। এবার বিজেপির যুব মোর্চাও তাদের সমর্থনে এগিয়ে এলো। শনিবার যুব মোর্চার সভাপতি ইন্দ্রনীল খাঁ নিজের এক্স হ্যান্ডেলে বিজেপি মিডিয়া সেলের ইনচার্জ অমিত মালোব্যর সন্দেশখালির মহিলাদের একটি পোস্ট কে পুনরায় পোস্ট করে ক্ষোভ উগড়ে দিলেন। পাশপাশি হুশিয়ারি দিয়ে বলেন, তৃণমূলের কনম্যান এবং অপরাধীদের দ্বারা সন্দেশখালির মহিলাদের উপর দীর্ঘস্থায়ী অত্যাচারের প্রতিবাদে বিজেওয়াইএম পশ্চিমবঙ্গ জুড়ে রাস্তায় নেমে আসবে।

তৃনমূলের উদ্যোগে ধন্যবাদ জ্ঞাপন সভা হয়ে গেল জয়নগর ও কুলতলিতে

দুরন্ত বার্তা, জয়নগর, ১০ ফেব্রুয়ারিঃ শনিবার জয়নগর ২ নং ব্লক তৃণমূল কংগ্রেসের আহবানেসাম্প্রদায়িক স্বৈরাচারী গণতন্ত্র ধ্বংসকারী কেন্দ্রীয় বিজেপি সরকারের অমানবিক রাজনৈতিক চক্রান্তে রাজ্যের বিভিন্ন প্রকল্পের পাওনা টাকা থেকে বঞ্চিত করা সত্বেও সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সভানেত্রী মানবিক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মানবিক চিন্তাধারায় লক্ষীর ভান্ডার প্রকল্পের মাসিক ভাতা বৃদ্ধির জন্য ধন্যবাদ জ্ঞাপন সভা হয়ে গেল শনিবার গড়দেওয়ানি গ্রাম পঞ্চায়েতের কোম্পানীর রাস্তার মোড়ে। এদিন এই সভায় উপস্থিত ছিলেন জয়নগর ২ নং

ব্লক তৃনমূল কংগ্রেসের সভাপতি গোপাল চন্দ্র নস্কর,গড়দেওয়ানি অঞ্চল তৃনমূল কংগ্রেসের সভাপতি শিক্ষক সাহাবুদ্দিন শেখ,জয়নগর ২ নং পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ ওয়াহিদ মোল্লা, কর্ণকান্তি হালদার,হারুণ রশিদ মোল্লা সহ আরো অনেকে।

অন্যদিকে জয়নগর বিধানসভা তৃনমূল কংগ্রেসের উদ্যোগে দক্ষিন বারাশতে ধন্যবাদ জ্ঞাপনের উপর একটি মিছিল এলাকা পরিভ্রমণ করে।

এই সভায় উপস্থিত ছিলেন জয়নগরের বিধায়ক বিশ্বনাথ দাস,জয়নগর ১ নং ব্লক তৃনমূল কংগ্রেসের সভাপতি তুহিন বিশ্বাস, জয়নগর ১ নং পঞ্চায়েত সমিতির সভাপতি ঋতুপর্ণা বিশ্বাস সহ আরো অনেকে।আবার কুলতলির তৃনমূল কংগ্রেসের দলীয় অফিসে ধন্যবাদ জ্ঞাপনের সভায় উপস্থিত ছিলেন কুলতলির বিধায়ক গনেশ চন্দ্র মন্ডল,পঞ্চায়েত সমিতির সভাপতি রুপা সরদার সহ আরো অনেকে।

মহিষমারি থেকে অস্ত্র সহ ধৃত এক, উদ্ধার একটি ওয়ান শাটার ও এক রাউন্ড কার্তুজ

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ১০ ফেব্রুয়ারিঃ জয়নগর থানার পুলিশের তৎপরতায় উদ্ধার বেআইনি অস্ত্র, গ্রেফতার ১।গোপন সূত্রে খবর পেয়ে জয়নগর থানার আই সি পার্থ সারথি পালের নির্দেশে এস আই সায়ন ভট্টাচার্য ও তাঁর বিশেষ টিমের হাতে মহিষমারি বাজার এলাকা থেকে ধৃত এক। উদ্ধার একটি ওয়ান সাটার ও এক রাউন্ড কার্তুজ। পুলিশ সূত্রে জানা গেল, শুক্রবার রাতে জয়নগর থানার পুলিশের কাছে খবর আসে বেআইনি অস্ত্র নিয়ে অটোয় করে এক ব্যক্তি মহিষমারি থেকে দক্ষিন বারাশতের দিকে যাচ্ছে। আর সেই খবরের সূত্র ধরে জয়নগর থানার এস আই সায়ন ভট্টাচার্যের নেতৃত্বে বিশেষ টিম মহিষমারি বাজারে অটোয় নাকা তল্লাশি শুরু করে। আর তাতেই সন্দেহজনক ভাবে

এক ব্যক্তিকে দ্রুত গতিতে অটো চালিয়ে পালাতে দেখে তাকে তাড়া করে ধরে ফেলে পুলিশ। ধৃতের নাম নাম দেবু গায়েন(২৮),বাড়ি জয়নগর থানার সরবেড়িয়ার মলিঘাটি এলাকায়। তাকে প্রথমে আটক করে জিজ্ঞাসাবাদ করে ও পরে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে। ধৃতের অটো থেকে উদ্ধার হয় একটি ওয়ান শাটার ও এক রাউন্ড কার্তুজ। ধৃতকে শনিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। ধৃতকে নিজেদের হেফাজতে নিয়ে তদন্তের কাজ এগিয়ে নিয়ে যেতে চায় পুলিশ। সে এই বেআইনি অস্ত্র নিয়ে কোথায় ও কার কাছে যাচ্ছিল তা জানার চেষ্টা করছে জয়নগর থানার পুলিশ।

নাবালিকাকে গণধর্ষনের প্রতিবাদে জি.আর.পি থানায় ডেপুটেশন

দুরন্ত বার্তা, জয়নগর, ১০ ফেব্রুয়ারিঃ শনিবার বিকেলে জাতীয় কংগ্রেসের পক্ষে উলুবেড়িয়া স্টেশন থেকে ৫০০ মিটার দূরত্বে গত বুধবার সন্ধ্যায় ঘটে যাওয়া মর্মান্তিক ১৭ বছরের এক নাবালিকাকে গণধর্ষনের প্রতিবাদে আসামীদের গ্রেপ্তার ও ধর্ষিতা কন্যার পক্ষে সুবিচারের দাবিতে উলুবেড়িয়া জি.আর.পি থানায় ডেপুটেশন দেওয়া হলো। উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্র যুব কংগ্রেস কমিটির সভাপতি প্রলয় মণ্ডলের নেতৃত্বে একঝাঁক প্রাদেশিক নেতৃত্বের সঙ্গে। উপস্থিত ছিলেন পঃ বঃ প্রদেশ কংগ্রেস সদস্য মাননীয় নিলাদ্রী চক্রবর্তী, সুব্রত বেরা, তাপস কোদালী ও বিশ্বজিৎ মেউর-সহ পশ্চিমবঙ্গ প্রদেশ যুব কংগ্রেসের প্রাক্তন সাধারণ সম্পাদক অধ্যাপক ডঃ রিভু সান্যাল, কংগ্রেস নেতা গোলাম রসুল মোড়ল (বাপন), জাহানদার আলি লস্কর, জেলা কংগ্রেস নেতা গৌতম খাটুয়া, মিনহাজউদ্দিন মল্লিক প্রমুখ সহ ৪০৪৫ জন কংগ্রেস কর্মী ও সহযোদ্ধা বৃন্দ। উল্লেখ্য উক্ত ঘটনায় পুলিশ একজনকে গ্রেফতার করেছে বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে।

তৃণমূলের ব্যবস্থাপনায় বনমালীনগরে অনুষ্ঠিত হলো এক ধন্যবাদ সভা

মতিয়ার রহমান, উলুবেড়িয়া, ১০ ফেব্রুয়ারিঃ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ২০২৪এ রাজ্যের বাজেটে লক্ষীর ভান্ডারে সাধারণ মহিলাদের ৫০০ টাকা থেকে বৃদ্ধি করে ১০০০ টাকা এবং তপশীলি মহিলাদের ১০০০ টাকা থেকে ১২০০টাকায় বৃদ্ধি এবং ৫০ দিন কর্মদিবসের নিশ্চয়তা,মিড ডে মিলের রাঁধুনিদের সাম্মানিক ১৫০০ টাকা থেকে বাড়িয়ে ২০০০ টাকায় বৃদ্ধি সহ নানান ধরনের বাংলার মানুষের উন্নয়নের জন্য শনিবার বিকেলে শ্যামপুর কেন্দ্র তৃণমূল কংগ্রেস ও বারগ্রাম অঞ্চল তৃণমূল কংগ্রেসের ব্যবস্থাপনায় বনমালীনগরে অনুষ্ঠিত হলো এক ধন্যবাদ সভা, সভায় উপস্থিত ছিলেন শ্যামপুরের বিধায়ক কালীপদ মন্ডল, তিনি বলেন এই উন্নয়নের বাজেট আগামী লোকসভা সভা নির্বাচনে বাংলায় বিজেপির ধরাশায়ী হবে, হাওড়া জেলা পরিষদের কর্মাধ্যক্ষ জুলফিকার আলী মোল্লা বলেন মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের ফলে বাংলার মানুষ সুরক্ষিত, তিনি বিরোধীদলীয় নেতাদের উদ্দেশে গঠনমূলক ও উন্নয়ন মূলক আলোচনার জন্য সাদর আমন্ত্রণ জানান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্যা মন্দিরা মন্ডল,শ্যামপুর কেন্দ্র তৃণমূল কংগ্রেসের সভাপতি নদেবাসী জানা,বারগ্রাম পঞ্চায়েতের প্রধান প্রনব ঘোষ, উপপ্রধান কুন্তল বেরা, বাছরি পঞ্চায়েতের প্রধান শ্যামসুন্দর মেটিয়া, তৃণমূল কংগ্রেসের জেলার নেতা সুদীপ কুমার বেরা, শ্যমপুর ২নং পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ দীপক দাস, কর্মাধ্যক্ষ মৌমিতা দাস,যুবনেতা চিরঞ্জিত রায় প্রমুখ।

আহত অবস্থায় উদ্ধার গন্ধগোকুল, পাঠানো হলো প্রাণী উদ্ধার কেন্দ্রে

শ্রেয়া আদক, হাওড়া, ১০ ফেব্রুয়ারিঃ আহত অবস্থায় উদ্ধার গন্ধগোকুল, বন দফতরের উদ্যোগে পাঠানো হলো প্রাণী উদ্ধার কেন্দ্রে। হাওড়ার কাসুন্দিয়া এলাকা থেকে শুক্রবার রাতে বিলুপ্তপ্রায় ওই গন্ধগোকুলকে উদ্ধার করেন বন কর্মীরা। এদিন রাতে কাসুন্দিয়ার নবীন সেনাপতি লেনে 'বিরল' প্রজাতির ওই জন্তু দেখে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরে জানা যায় বিরল এই জন্তুটি আসলে গন্ধগোকুল। এদিন লোকজন ওই অজানা জন্তু দেখতে পেয়ে ভয় পেয়ে যায়। পাড়া প্রতিবেশীদের থেকে খবর পেয়ে সেখানে ছুটে আসেন এলাকার প্রাক্তন জনপ্রতিনিধি বিশ্বনাথ দাস। তিনি শিবপুর থানায় ফোন করেন। বন দফতরের সঙ্গে রাতেই যোগাযোগ করা হয়। বন দফতরের কর্মীরা এসে সেটিকে উদ্ধার করেন। বিশ্বনাথ দাস বলেন, এই এলাকায় এমন জন্তু বিরল। স্বাভাবিকভাবেই লোকজনের মধ্যে আতঙ্ক ছড়ায়। আমরা থানা এবং বন দফতরের সঙ্গে রাতেই যোগাযোগ করি। বন কর্মীরা জানান এটি গন্ধগোকুল। তারাই সেটিকে উদ্ধার করেন। খুব সম্ভবত উঁচু কোনও জায়গা থেকে নিচে পড়ে জন্তুটি আহত ছিল। বন কর্মীরা গন্ধগোকুল উদ্ধার করে নিয়ে যান। হাওড়া জেলা বন আধিকারিক দীপক কুমার মন্ডল বলেন, আমরা গন্ধগোকুলটিকে উদ্ধার করে প্রাণী উদ্ধারকেন্দ্রে রেখেছি। আহত গন্ধগোকুলটিকে উপযুক্ত চিকিৎসার পর প্রাণীটিকে আবার উন্মুক্ত পরিবেশে আমরা ছেড়ে দেব।

নববারাকপুরে তৃণমূল মহিলা কংগ্রেসের মিছিল

দুরন্ত বার্তা, নববারাকপুর, ১০ ফেব্রুয়ারিঃ রাজ্যের জনমোহিনী বাজেটে মহিলাদের লক্ষীর ভান্ডারের বরাদ্দ দ্বিগুণ করার জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কে আন্তরিক ধন্যবাদ কৃতজ্ঞতা জানিয়ে শনিবার বিকেলে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের নির্দেশে নববারাকপুর শহর তৃণমূল কংগ্রেসের উদ্যোগে কৃষ্টি প্রেক্ষাগৃহের সামনে থেকে এক বিরাট মিছিল বের হয়। বিভিন্ন পথ পরিক্রমা করে শেষ হয় ১৭৫ নম্বর মিনিবাস স্ট্যান্ডের সামনে।মিছিলের সামনে ছিলেন পুরসভার উপপুরপ্রধান স্বপ্না বিশ্বাস, তৃণমূল মহিলা নেত্রী তথা পুর প্রতিনিধি নির্মিকা বাগচী,মৃদুলা সাহা সহ পুরসভার বিভিন্ন ওয়ার্ডের মহিলা পুর প্রতিনিধি সহ ২০ টি ওয়ার্ড থেকে কয়েক হাজার তৃণমূল মহিলা কর্মী সমর্থকরা ঐক্যবদ্ধ ভাবে সামিল হয় এদিন মিছিলে। তৃণমূল মহিলা নেত্রী নির্মিকা বাগচী বলেন রাজ্যের ঐতিহাসিক বাজেটে লক্ষীর ভান্ডারের টাকা দ্বিগুণ করার জন্য মানবিক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাতে এই মহামিছিল। বাংলার মহিলাদের সম্মানিত করেছেন সকলজর প্রিয় মানবিক মুখ্যমন্ত্রী। পাশাপাশি বাংলার প্রতি কেন্দ্রের বঞ্চনা নির্মম বর্বরতার বিরুদ্ধে ধীক্কার জানাতে এই প্রতিবাদী মিছিল। বিভিন্ন ওয়ার্ড থেকে কয়েক হাজার তৃণমূল মহিলা কর্মী সমর্থকরা ঐক্যবদ্ধ ভাবে সামিল হয়েছে ।

তৃণমূল মহিলা কংগ্রেসের জনসভায় উপস্থিত বিধায়ক সহ বিশিষ্টরা

দুরন্ত বার্তা, হুগলি, ১০ ফেব্রুয়ারিঃ শনিবার রাজ্য তৃণমূল মহিলা কংগ্রেসের সভানেত্রী মাননীয়া চন্দ্রিমা ভট্টাচার্যের নির্দেশে বাংলার মহিলাদের সম্মানিত করার জন্য দিদিকে ধন্যবাদ জ্ঞাপন হরিপাল ব্লক তৃণমূল মহিলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে হরিপাল ডাক বাংলোয় জনসভা। এই প্রসঙ্গে হুগলি আরামবাগ সংগঠন মহিলা তৃণমূল কংগ্রেসের জেলা সভা নেত্রী ডাক্তার করবি মান্না জানালেন মাননীয়া মুখ্যমন্ত্রী মহিলাদের জন্য অনেক কিছু ভাবেন কেন্দ্রীয় সরকার মহিলাদের জন্য কিছু ভাবেন না তাই মাননীয়া মুখ্যমন্ত্রী এবার মহিলাদের হাজার টাকা ও বারোশো টাকা লক্ষীর ভান্ডার প্রকল্পে যুক্ত করেছেন তাই বাংলার মহিলারা আবির মেখে আনন্দ করেছেন সেই মহিলারাই এই জনসভার ডাক দিয়েছেন তারাই এর জবাব দেবেন।

সাহিত্য সংবাদ শর্মিলা পাল এর নাটকের বই প্রকাশ

আশিস কুমার ঘোষঃ সম্প্রতি গোবরডাঙ্গা টাউন হলে অনুষ্ঠিত হয়ে গেল নাট্যকার শর্মিলা পাল-এর নাটকের বই প্রতিবিম্বর প্রকাশ অনুষ্ঠান। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাহিত্যিক গোবিন্দ পান্তি, ঋতুপর্ণ বিশ্বাস, বাসুদেব মুখোপাধ্যায়, টুলু সেন, অর্চনা দে বিশ্বাস, সুদিন গোলদার, নীরেশ ভৌমিক, দীপক কুমার দাঁ, আশিস কুমার ঘোষ, মলয় দাস প্রমুখ। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। উদ্বোধনী সংগীতে ছিলেন শ্রীমতি ইতি হালদার। স্বরচিত কবিতা পাঠ করেন দীপক সরকার, কাকলি রায়, প্রবীর হালদার, প্রতীক চট্টোপাধ্যায়, ড. জয়শ্রী মিত্র, প্রদীপ মিস্ত্রি, ভারতী রায়, প্রবীর পান্তি, মিন্টু বাড়ুই, তাপস তরফদার, ড. অমৃতলাল বিশ্বাস, মৌসুমী দাস, অমল মন্ডল, কল্পনা পাল, নিমাই মন্ডল ও আরো অনেকে।আবৃত্তিতে ছিলেন সাধনা মজুমদার, ঝর্না ঘোষ, রুমা সাহা। সংগীতে রীতা নাগ। নৃত্যেঅর্জিতা, দিশা, ব্রততী। নাটকের বই প্রতিবিম্ব পর্যালোচনা করেন টুলু সেন। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন প্রদীপ সরকার ও পাঁচুগোপাল হাজরা।

মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে তৃণমূল মহিলা কংগ্রেসের সভা

বলাইচাঁদ মুখোপাধ্যায়, শিয়াখালা, হুগলি,১০ ফেব্রুয়ারিঃ রাজ্য তৃণমূল মহিলা কংগ্রেসের সভানেত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের নির্দেশে বাংলার মহিলাদের সম্মানিত করার লক্ষ্যে আজ অন্যান্য ব্লকের সাথে সিঙ্গুর ব্লকে এবং হরিপাল ব্লক তৃণমূল মহিলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে হরিপাল ডাকবাংলো ময়দানে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে মহিলাদের এক সভা অনুষ্ঠিত হয়। এই সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন হরিপাল বিধানসভার বিধায়িকা তথা আরামবাগ জেলা তৃণমূল মহিলা কংগ্রেস কমিটির সভানেত্রী ডাক্তার করবি মান্না। তিনি বলেন লক্ষীর ভান্ডারে অর্থ বৃদ্ধি করার ফলে বাংলার মহিলারা বিভিন্ন জায়গায় উচ্ছাস প্রকাশ করেছেন তারা মুখ্যমন্ত্রীকে অসংখ্য ধন্যবাদ জানিয়েছেন। বিরোধীরা এই লক্ষীর

ভান্ডার নিয়ে বিরোধিতা করলেও মহিলাদের এই উচ্ছ্বাস তাদের এই বিরোধিতায় কুঠারাঘাত করেছে। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ডাক্তার করবি মান্না বলেন কেন্দ্রের মোদি সরকারের কথা হল নিজেও খাবো না অপরকেও খেতে দেবে না, অর্থাৎ নিজেও কিছু দেবেনা কাউকে দিতেও দেবে না। কিন্তু আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলার মহিলাদের এক অন্য চোখে দেখেন তাদের নিজের মনের মনিকোঠায় রাখতে চান, তাই লক্ষীর ভান্ডার প্রকল্পে অর্থবৃদ্ধি করে তাদের সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। এটা মনে রাখতে হবে অর্থটাই মূলকথা নয় আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলার মহিলাদের সম্মান এবং অধিকার ফিরিয়ে দিয়েছেন ।আজকে যতই বিরোধীরা কুকথা বলুক মুখ্যমন্ত্রী মানুষের পাশে আছে এবং থাকবে।

হাওড়ায় চুরি

দুরন্ত বার্তা, হাওড়া, ১০ ফেব্রুয়ারিঃ হাওড়ার ব্যাঁটরায় দুঃসাহসিক চুরি। গ্যারেজের তালা ভেঙে চুরি গেল টোটো। ব্যাঁটরার চ্যাটার্জিপাড়া ভারতমাতা গলিতে একটি গ্যারেজের তালা ভেঙে ওই টোটো চুরির ঘটনা ঘটলো। শনিবার ভোররাতে ওই ঘটনা ঘটে বলে জানা গেছে। ব্যাঁটরা থানার পুলিশ ঘটনার তদন্তে নেমে সিসিটিভি ফুটেজ পরীক্ষা করে দেখছে। জানা গেছে, গ্যারেজের তালা ভেঙে ভিতর থেকে দুটি নতুন টোটো চুরি হয়। গ্যারেজে প্রায় কুড়িটির মতো টোটো ছিল। ৫ মাস আগে সদ্য কেনা দুটি টোটো গাড়ি চুরি হয়। সিসিটিভি ফুটেজ পরীক্ষা করে ভিতরে ২ যুবককে টোটো চুরি করতে দেখা যায়।

বেহালার বাড়ি থেকেই চুরি সৌরভের ফোন, ঠাকুরপুকুর থানায় অভিযোগ

দক্ষিণ ২৪ পরগনা, ১০ ফেব্রুয়ারি ঃ বেহালায় নিজের বাড়ি থেকেই সৌরভ গঙ্গোপাধ্যায়ের ফোন চুরি হয়ে গিয়েছে বলে জানা গিয়েছে। ভারতের প্রাক্তন অধিনায়ক ঠাকুরপুকুর থানায় অভিযোগ জানিয়েছেন। একটি চিঠিতে তিনি জানিয়েছেন, সেই ফোনে ব্যক্তিগত তথ্য থাকতে পারে। তা যাতে বেহাত না হয় সেই ব্যাপারে পুলিশকে ব্যবস্থা নেওয়ার অনুরোধ করেছেন তিনি। জানা গিয়েছে, সৌরভ শহরের বাইরে ছিলেন।

শনিবার ফিরে বাড়ির একটি জায়গায় নিজের ফোনটি রেখেছিলেন। তার পর থেকেই সেটি খুঁজে পাওয়া যাচ্ছে না। সৌরভের বাড়িতে এই মুহূর্তে রংয়ের কাজ চলছে। ফলে মিস্ত্রিদের আনাগোনা রয়েছে। তাঁদের জিজ্ঞাসাবাদ করা হতে পারে বলে পুলিশ সূত্রের খবর। ঠাকুরপুকুর থানার অফিসার-ইন-চার্জকে উদ্দেশ্য করে শনিবার একটি চিঠি লিখেছেন সৌরভ। সেখানে তিনি জানিয়েছেন, তাঁর বাড়ি থেকে একটি মোবাইল ফোন চুরি হয়ে গিয়েছে। শেষ বার সকাল ১১.৩০ নাগাদ নিজের বাড়িতে ফোনটিকে দেখেছিলেন বলে জানিয়েছেন সৌরভ। পরে সেটির খোঁজ পাওয়া যায়নি।

সরস্বতী পূজোয় নামখানা ব্লকে আসছে টলিউডের শ্রাবন্তী, সোহম, ঋতুপর্ণা

তাপস পাল, নামখানা, ১০ ফেব্রুয়ারি ঃ নামখানা ব্লকে আবার টলি তারকাদের ভিড়। এই বছর সম্মিলনী ক্লাবের সরস্বতী পূজোকে কেন্দ্র করে এক ঝাঁক টলি তারকা আসছেন প্রত্যন্ত সুন্দরবনের নামখানা ব্লকের জেটিঘাটে।

একদিকে বিদ্যার দেবী সরস্বতী পুজো, অন্যদিকে ভ্যালেন্টাইনস ডে এই দিনটিতেই টলিউডের প্রথম শ্রেণীর তারকাদের মেলবন্ধন ঘটাবে এই সম্মিলনী ক্লাব। এই সম্মিলনী ক্লাবের ব্যবস্থাপনায় প্রতি বছর টলিউডের ফিল্ম ইন্ডাস্ট্রি থেকে বড় বড় তারকারা এই ব্লকে আসেন।রুপালি পর্দায় যাদের অভিনয়ে আমরা মুগ্ধ হই তাদের একদম চাক্ষুষ দেখার জন্য প্রত্যন্ত গ্রামের জন-মানুষদেরকে আরো একবার সুযোগ ও সৌভাগ্য করে দিচ্ছে সেই সম্মিলনি ক্লাব। এই বছর মঞ্চে উপস্থিত থাকবেন বিশিষ্ট অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত থেকে শুরু করে সোহম চক্রবর্তী, শ্রাবন্তী চ্যাটার্জি, তাপস সিনহা, বিট্টু রাজ, উজানী রাহুল, প্রসূন ব্যানার্জী, সমর্পিতা ব্যানার্জী ও আরো একাধিক টলিউড তারকা।এই সম্মিলনী ক্লাব দীর্ঘ ৫৪ বছর সমাজকল্যাণ মূলক কাজ করে যাচ্ছে। সুপার সাইক্লোন আয়লা, আমপান, বুলবুল থেকে শুরু করে ফোনি যেভাবে সুন্দরবনের উপরে আঘাত হেনে ছিল তা আর বলার অপেক্ষা রাখে না। এমত অবস্থায় এলাকার সাধারণ মানুষদের পাশে গিয়ে দাঁড়িয়েছিল এই সম্মিলনী ক্লাব। সারা বিশ্ব যখন মহামারী করোনাতে ভুগছে, তখন এই ব্লকে দিনের পর দিন চলছে লক-ডাউন। তখন মানুষের আয় ইনকাম তো দূরের কথা, কি খেয়ে বাঁচবে, কিভাবে চলবে তাছিল দুরস্ত। এমত অবস্থাতে মানুষের মুখে খাবার তুলে দিয়েছিল এই সম্মিলনী ক্লাব। তাদের সেই রুদ্ধশ্বাস লড়াইয়ে আজ নামখানা বাসি ভালো আছেন।

এই প্রসঙ্গে সম্মিলনী ক্লাবের সম্পাদক শিশির দাস বলেন, 'সারা বছর মানুষ কর্মব্যস্ততার মধ্যে জীবন কাটায় তাই মানুষের মুখে হাসি ফোটাতে এবং মানুষকে একটু মনোরঞ্জন দিতে প্রতিবছর এই সম্মিলনী ক্লাব বড় বড় তারকাদের নিয়ে আসেন। গত বছর নায়খানা ব্লকে প্রসেনজিৎ চ্যাটার্জী এসেছিলেন।'

কিশোর কুমারের গানে অপমানের জবাব দিলেন মন্ত্রী বাবুল সুপ্রিয়

কলকাতা, ১০ ফেব্রুয়ারিঃ কার্যত বিরোধী শূন্য বিধানসভাতে কিশোর কুমারের গানে 'অপমানের' জবাব দিলেন বাবুল। শনিবার বাজেট অধিবেশনে বিরোধী বিজেপির বিধায়কেরা বিক্ষোভ দেখিয়ে বিধানসভা কক্ষ থেকে ওয়াকআউট করেছেন। বিরোধীহীন বাজেট অধিবেশন বাজেট নিয়ে বক্তৃতা দিচ্ছিলেন রাজ্যের অর্থ প্রতিমন্ত্রী। তাঁর বক্তব্য শেষ হতেই স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, ''বাবুল, আজ একটা গান হোক। তাতে বিধানসভার পরিবেশ কিছুটা ভাল হবে। আর তোমার গানও আমরা শুনতে পাব।'' এরই জবাবে মন্ত্রী বাবুল সুপ্রিয় বলেন, ''আজকের দিনে একটি গানই আমার মনে পড়ছে। কিশোরের গান। 'অমর প্রেম' ছবিতে

গেয়েছিলেন 'কুছ তো লোগ কহেঙ্গে, লোগো কা কাম হ্যায় কহেনা...'।'' কেন এই গান গাইলেন বাবুল? কাহিনির সূত্রপাত শুক্রবারের বিধানসভার বাজেট অধিবেশনে। বাজেট নিয়ে বক্তৃতা করতে উঠে বাবুলকে গান নিয়ে কটাক্ষ করেছিলেন অর্থনীতিবিদ তথা বালুরঘাটের বিজেপি বিধায়ক অশোক লাহিড়ী। শুক্রবার বিধানসভা অধিবেশনে দ্বিতীয়ার্ধে বাজেট বক্তৃতা করতে উঠেছিলেন অশোক। সেই সময়েই তিনি বলেন, ''এ বারের বাজেট দেখে আমার হিন্দি সিনেমার একটা গান মনে পড়ে যাচ্ছে। সেটা সিআইডির গান। গানটি লিখেছিলেন মজরুহ সুলতানপুরি। গানের কথা ছিল, 'কহি পে নিগাহে, কহি পে নিশানা'।''

ভরা বিধানসভায় তাঁকে গান নিয়ে খোঁচা দিয়েছিলেন বিজেপির বিধায়ক। পাল্টা জবাব দিতে উঠলে দলই তাঁকে থামিয়ে দেয়। স্পিকার বলেন, যথা সময়ে সুযোগ পাবেন তিনি। অবশেষে শনিবার, সেই ঘটনার প্রায় ২৪ ঘণ্টা পর, 'সুযোগ' পেলেন রাজ্যের মন্ত্রী তথা গায়ক বাবুল সুপ্রিয়।

সন্দেশখালি নিয়ে হুঁশিয়ারি পুলিশকর্তার

প্রথম পাতার পর

সন্দেশখালিতে নতুন করে গোলমাল বা ঝামেলা পাকানোর চেষ্টা যাঁরা করবেন, তাঁদের কপালে কষ্ট আছে। শনিবার তেমন হুঁশিয়ারি দিয়েছেন বারাসতের ডিআইজি সুমিত কুমার। পাশাপাশি ডিআইজি এ-ও জানিয়েছেন, সন্দেশখালিকে আর নতুন করে অশান্ত হতে দেবে না পুলিশ। শুক্রবার রাত থেকে উত্তপ্ত সন্দেশখালি থানা এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। বন্ধ ইন্টারনেট সংযোগ। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য পুলিশ যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছে বলেও সুমিত জানিয়েছেন। ডিআইজির কথায়, 'সন্দেশখালির পরিস্থিতি স্বাভাবিক করতে অনেক পদক্ষেপ করছে রাজ্যের পুলিশ। অনেক বাহিনী মোতায়েন করা হয়েছে। শুক্রবার কয়েক জনকে গ্রেফতারও করা হয়। আমরা আর কোনও গন্ডগোল হতে দেব না।'' সুমিত আরও জানিয়েছেন, শনিবার মাধ্যমিক পরীক্ষা। সন্দেশখালির পরীক্ষার্থীদের যথাসম্ভব সাহায্য করা হবে। পরীক্ষার্থীদের যাতে কোনও অসুবিধা না হয়, সে দিকে পুলিশ বিশেষ নজর রাখবে। তিনি বলেন, 'মাধ্যমিক পরীক্ষা রয়েছে। তাই সন্দেশখালির মাধ্যমিক পরীক্ষার্থীদের যথাসম্ভব সাহায্য করবে পুলিশ। ১৪৪ ধারা জারি করা হয়েছে। ইন্টারনেটও বন্ধ। কেউ যদি কোনও গন্ডগোল পাকানোর চেষ্টা করে, তা হলে তার বিরুদ্ধে যত শক্ত পদক্ষেপ করা যায়,তাই করা হবে। কেউ গন্ডগোলে যাবেন না। ঝামেলা পাকাবেন না। না হলে কপালে কষ্ট আছে।''

চুঁচুড়ার বধূর বাড়ি গিয়ে হাঁস দিয়ে এলেন হুগলির জেলা পরিষদের কর্মাধ্যক্ষ

বনস্পতি দে, চুঁচুড়া হুগলি,১০ ফেব্রুয়ারিঃ নিজের হাতে বড় করেছিলেন হাঁসটিকে। তার মারা যাওয়ায় অঝোরে কেঁদেছিলেন চুঁচুড়ার গৃহবধূ। হাঁসের মৃত্যুর পর ময়নাতদন্ত চেয়ে তিনি প্রশাসনের দারস্থ হয়েছিলেন। সন্দেহ ছিল খাবারে বিষ মিষিয়ে তিনটি হাঁস মেরে ফেলা হয়েছে।

ময়নাতদন্তের রিপোর্টের অপেক্ষায় রয়েছেন তিনি। এবার সেই বধূর বাড়ি বয়ে হাঁস দিয়ে এলেন হুগলির জেলা পরিষদের কর্মাধ্যক্ষ। চুঁচুড়ার সিংহিবাগান এলাকার বাসিন্দা ইতি বিশ্বাস। তাঁর ১০টি হাঁস ছিল। তাদের বিক্রি করে সংসারে কিছুটা সুরাহা হত

তাঁর। ইতির স্বামী অসুস্থ এবং একমাত্র ছেলে ব্লাড ক্যান্সারে ভুগছে। স্কুলের সামনে পাঁপড়ভাজা বিক্রি করে দিন চলে তাঁদের। তাই হাঁসের ডিম তার কাছে সোনার মতই অমূল্য। গত ২০ জানুয়ারি ইতি বিশ্বাসের ৩টি হাঁসের অস্বাভাবিক মৃত্যু হয়। বাড়ির সামনে পরে থাকা ঠোঙায় রাখা মুড়ি খেয়ে অসুস্থ হয়ে পড়ে হাঁসগুলি। মুড়ি থেকে দুর্গন্ধ পান ইতি এবং তাঁর সন্দেহ হয় কেউ তাতে বিষ মিশিয়ে দিয়েছে।

এরপর হাঁসগুলিকে খুন করা হয়েছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য ময়নাতদন্ত চেয়ে চুঁচুড়া থানা জেলা পশু হাসপাতালের দ্বারস্থ হন ইতি বিশ্বাস। কোনও সাহায্য না পেয়ে হুগলি জেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ দফতরের কর্মাধ্যক্ষ নির্মাল্য চক্রবর্তীকে বিষয়টি জানান তিনি। গত ২৪ জানুয়ারি কর্মাধক্ষ্য ইতিকে নিয়ে থানায় যান। সেখানে অভিযোগ করার পর হাঁসটিকে পশু হাসপাতালে নিয়ে যাওয়া হয়। মৃত হাঁসগুলির ময়নাতদন্তের ব্যবস্থাও করা হয়। কলকাতায় ভিসেরা পরীক্ষার জন্য নমুনা পাঠানো হয়েছিল। তার রিপোর্ট এখনও আসেনি ইতির কাছে। এদিকে ইতির বিষয়ে জানতে পারেন কর্মাধ্যক্ষ নির্মাল্য চক্রবর্তী। শনিবার নটি ডিম পাড়া হাঁস ইতির হাতে তুলে দেন তিনি। যেদিন হাঁস মারা গিয়েছিল সেদিন ছিল চোখে জল ছিল ইতির। নতুন করে হাঁস পাওয়ায় তাঁর চোখে জল। তিনি বলেন, কর্মাধক্ষ্যের জন্যই আমি হাঁসের ময়না তদন্ত করাতে পেরেছি। তিনি আজ আমার বাড়িতে এসে হাঁস দিয়ে গেলেন। এতে আমার খুব উপকার হবে। নির্মাল্য চক্রবর্তী জানান, যে হাঁসগুলি ইতি হারিয়েছেন তা ফিরিয়ে দেওয়ার ক্ষমতা নেই। ওঁর অভিযোগ ছিল হাঁসগুলিকে বিষ দিয়ে মেরে ফেলা হয়েছে। আমরা তাঁকে কয়েকটা হাঁস দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলাম। প্রথমে তিনি নিতে চাননি। এরপর ভাই হয়ে বড় দিদিকে উপহার দিতে চাওয়ার কথা বললে শেষমেশ তিনি রাজি হন। আমি এই পরিবারের পাশে দাঁড়াতে পেরে খুশি।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৯ বর্ষ, দৈনিক ৭২ সংখ্যা, রবিবার, ২৭ মাঘ ১৪৩০

গান্ধি পরিবার-শ্বেতপত্র

কথা ছিল অর্থনীতি নিয়ে শ্বেতপত্র প্রকাশ করা হবে। হয়ে গেল গান্ধি পরিবার নিয়ে শ্বেতপত্র। ইউপিএ সরকারের সঙ্গে মোদি সরকারের আর্থিক অবস্থা তুলনা করে সংসদে শ্বেতপত্র প্রকাশ করলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। ইউপিএ জামানায় আর্থিক দুরাবস্থা থেকে কীভাবে এনডিএ জামানা ঘুরে দাঁড়াল তারই কথা বিস্তারিত ভাবে উল্লেখ করা হয়েছে। গোটা দিন ধরে নির্মলা সীতারামন কংগ্রেসের অর্থনীতির সমালোচনা করেছেন। আসলে বিজেপি দল এখন যেভাবে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে তার সঙ্গে পাল্লা দেওয়া খুবই মুশকিল। ইউপিএ সরকারের সময়ে যেভাবে দুর্নীতি মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করে দিয়েছিল তাও ভালো করে উল্লেখ করা হয়েছে। ইউপিএ আমলে টুজি, কমনওয়েলথ, অগুস্তা ওয়েস্টল্যান্ড দুর্নীতির বিষয়গুলি এসে পড়েছে। এদিকে বিরোধী দল থেকে শুরু করে কংগ্রেস নেতারা বলতে শুরু করে দিয়েছেন যে এবারে শ্বেতপত্রে কংগ্রেসের অর্থনীতির তীব্র সমালোচনা করা হয়েছে। বিশেষ করে প্রাধান্য লাভ করেছে গান্ধি পরিবারকে আক্রমণটা। এদিকে প্রাক্তন অর্থমন্ত্রী পি চিদাম্বরম বলেছেন যে শ্বেতপত্র হচ্ছে আগেকার সরকারের সমালোচনা করা এবং বর্তমান সরকার যে প্রতিশ্রুতি পালন করতে পারছে না তাকে আড়াল করা। শ্বেতপত্রে উল্লেখ করা হয়েছে রাহুল গান্ধি মনমোহন সিংহের অত্যাদেশ ছিঁড়ে ফেলে দিয়েছিলেন। নির্মলা অভিযোগ করেছেন যে সেই সময়ে সনিয়া গান্ধি সুপার প্রধানমন্ত্রী হিসাবে কাজ করে গিয়েছেন। কোন যুক্তিতে তাঁকে এই ক্ষমতা দেওয়া হয়েছিল তার কোনও জবাব আগেকার সরকার দিতে পারছে না। সংসদীয় কমিটির পরিবর্তে তাঁর বাড়িতে মন্ত্রীসভার বিল গিয়ে উপস্থিত হতো। ৭১০টি ফাইল সনিয়ার বাড়িতে গিয়েছিল। এই ধরনের বাড়তি সুবিধা পেয়ে গিয়েছিল সনিয়া গান্ধি। তখন এ ব্যাপারে ইউপিএ শরিকেরা চুপ করেছিল। তারা কোনও কথা বলতে সাহস করেনি বা পাইনি। সমাজবাদী পার্টির নেতা মুলায়ম সিং যাদব থেকে শুরু করে প্রায় প্রত্যেক ইউপিএ জোটের সদস্যরা বিশেষ সুবিধা ভোগ করতে শুরু করে দিয়েছিলেন। তখন প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের সাহস ছিল না কোনও কথা বলার। ইউপিএ সরকারের আমলে খনি বন্টন নিয়ে দুর্নীতি মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করে দিয়েছিল। পরিবারের আত্মীয় বন্ধু গুটখা কোম্পানিতে খনি বন্টন করা হয়েছিল। যা পরে বাতিল করে দেওয়া হয়েছে। যে কারণে রাজ্যগুলিতে বঞ্চিত করা হয়েছে রাজস্ব থেকে। একে কারোর লাভ হয়নি। বরং দেশের বহু আর্থিক ক্ষতি হয়েছে। সেই ক্ষতিকে কাটিয়ে এনডিএ সরকার এখন ভারতকে আর্থিক দিক দিয়ে শক্তিশালী করার কথা ভাবতে শুরু করেছে। এদিকে আরএসপি নেতা বলেছেন যে পূর্ববর্তী সরকারের বিরুদ্ধে এই রকম শ্বেতপত্র আনতে পারে না বর্তমান সরকার। তার উত্তর দিতে গিয়ে নির্মলা বলেছেন যে সনিয়া গান্ধি সুপার প্রধানমন্ত্রী হয়ে তাঁর নেতৃত্বাধীন জাতীয় উপদেষ্টা কমিটি সরকারের কোনও অংশ না হয়ে সরকারের জন্য বিলের খসড়া করে দিতে পারে। আর দুইবার নির্বাচিত হওয়ার মোদি সরকার শ্বেতপত্র প্রকাশ করতে পারে না। ইউপিএ সরকারের আমলে রাজস্থানের বিকানির অঞ্চলে বিস্তীর্ণ জমি বেআইনিভাবে অধিগ্রহণ করেছিলেন প্রিয়াঙ্কা বঢ়রার স্বামী রবার্ট বঢরা তা নিয়ে সবর হন রবিশঙ্কর। রাহুল গান্ধির উঠিত হচ্ছে সেখানে একবার যাওয়া। তাহলে তিনি সেখানে গেলেই বুঝতে পারতেন সেখানকার মানুষ কীভাবে বঞ্চনার শিকার হয়েছিল। এদিকে প্রাক্তন অর্থমন্ত্রী বলেছেন শ্বেতপত্র একটি নির্জলা মিথ্যা প্রচার। এটা আর্থিক রিপোর্ট নয় এটা একটি রাজনৈতিক খতিয়ান। নিজেদের সরকারের ব্যর্থতা ঢাকতে এই ধরনের শ্বেতপত্র প্রকাশ করা হল। তিনি আরও বলেছেন যে ২০০৪ সাল থেকে শুরু করে ২০১৪ সালের মধ্যে কোনও নিরপেক্ষ রিপোর্ট হঠাৎ তৈরি করা হল না। মোদি সরকার প্রতিশ্রুতি দিয়েছিল প্রত্যেকের অ্যাকাউন্টে ১৫ লক্ষ টাকা পাঠাবে, পেট্রোল ডিজেলের দাম কমবে, কৃষকের আয় দ্বিগুণ হবে তা কিন্তু করতে পারছে না বর্তমান সরকার।

পাকিস্তান ভারত বিদ্বেষী

পাকিস্তানে এখনও খোলমেলা অবস্থায় মুম্বই এর সন্ত্রাসবাদীরা ঘুরে বেড়ায়। তাদের গ্রেফতার করার কোনও উদ্যোগ গ্রহণ করে না পাক সরকার। তাদেরকে আদালতে তুলে বিচারও পর্যন্ত করা হয়নি। ভারত সরকার বারবার তাদেরকে ধরে ভারতের হাতে তুলে দেওয়ার কথা বলেছিল। কিন্তু পাকিস্তান বারবার বলতে শুরু করেছিল এই রকম জঙ্গি তাদের দেশে নেই। ভারত ভুল বার্তা দিতে শুরু করে দিয়েছে। পাকিস্তানের ওপরে জঙ্গিবাদ আরোপ করতে ভারত এই ধরনের পদক্ষেপ গ্রহণ করতে শুরু করেছে। দাউদ এখনও পাকিস্তানে রয়েছে সে খবর ভারত সরকার রাখে। তবুও পাকিস্তান বলেছে দাউদ পাকিস্তানের নেই। পাকিস্তানের জনগণ খুবই ভালো। তারা ভাতরে প্রতি এতখানি ঘৃনা পোষন করে না। পাকিস্তান সব সময়ে ভারতকে দোষারোপ করতে শুরু করে দিয়েছে। তাতে কোনও সমস্যার সমধান হয় না। পরিস্থিতি ঠাণ্ডা হওয়ার খুবই প্রয়োজন। মুম্বই হামলাকারীরা মিশর বা নরওয়ে থেকে আসেনি। পাকিস্তাানেই তারা রয়েছে এবং ঘুরে বেড়াচ্ছে। ভারতীয়রা যে অভিযোগ করতে শুরু করে দিয়েছে তা খারাপ লাগা উচিত নয়। ভরতের শিল্পীরা যেভাবে পাকিস্তানের কদর পান ঠিক সেই করম পাকিস্তনের শিল্পীরা ভারতে কদর পেয়ে থাকেন। পাকিস্তানের শিল্পী মেহদি হাসান এবং নুসরত ফতেহ ভারতে এসে অনুষ্ঠান করেছেন এবং প্রচুর ভালোবাসা কুড়িয়েছেন। কিন্তু ভারতের বিখ্যাত শিল্পী লতা মঙ্গেশকরকে পাকিস্তানে অনুষ্ঠান করতে আমন্ত্রণ করা হয়নি।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর

শ্রীশ্রী অনুকূল ঠাকুর বলেন যে নিজের মনকে সম্পদশালী করতে হবে। পিছনে দিকে তাকালে চলবে না। সব সময়ে সমানে দিকে তাকিয়ে চলবে হবে। বিপদের সঙ্গে মোকাবিলা করতে হবে। তাদেরকে পরাস্ত করতে হবে। জয়ী হওয়ার বাসনা নিয়ে এগিয়ে যেতে হবে। মায়ের কাছ থেকে সেই শক্তি গ্রহণ করতে হবে। শত্রুকে পরাস্ত করার শক্তি সংগ্রহ করতে হবে।ধর্ম মানুষকে আলোর পথ দেখাবে। সে ধর্ম হচ্ছে সেবা। সেবাই হচ্ছে পরম ধর্ম। সব ধর্মে ওপরে তার স্থান। সত্যের বিকাশ করতে হবে। জ্ঞানের বিকাশ করতে হবে।

সাধক বামাক্ষ্যাপা

তন্ত্র সাধক বামাক্ষ্যাপা বলতেন, ভক্তদের জাগিরত হতে হবে। একযোগে কাজ করতে হবে। মনের মধ্যে অপরাধবোধকে দূর করতে হবে। মায়ের সাধনা করতে হবে। তন্ত্র সাধনারৈ দ্বারা মাকে জয় করতে হবে। জয়ী হওয়ার বাসনা নিয়ে এগিয়ে যেতে হবে। মায়ের কাছ থেকে সেই জয়ের শক্তি গ্রহণ করতে হবে। মা সেই শক্তি সবাইকে দিয়ে থাকেন। মা তারাপীঠ কাউকে নিরাশ করেন না। তিনি সবাইকে সমানভাবে শক্তি দিয়েছেন। মায়ের কাছ থেকে শক্তিকে সঞ্চয় করে শরীরে ধারন করতে হবে। শ্যামা মা তার সঠিক উপায় বলে দেবেন। শক্তিকে কীভাবে এবং কোনও পথ ধরে পরিচালিত করলে সঠিক পথের সন্ধান পাওয়া সম্ভব। শ্যামা মা হচ্ছেন শক্তিদায়িনী। জ্ঞানশক্তিদায়িনী। ভক্তিদায়নী। তিনি অভয় দান করে থাকেন। তারাপীঠের মা কালী হচ্ছেন শক্তিদাত্রী। তারাপীঠের মায়ের পুজো করতে হবে। আরাধনা করতে হবে। নারী শক্তির জাগরণ চাই।

ব্রিটিশ - ভারত রাজত্বে ভারতের প্রাচীন ঐতিহ্য রক্ষায় ‘আর্কিলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া’

রবীন্দ্র কুমার শীল

(পূর্ব প্রকাশের পর)

ভারতের ভাইসরয় হয়ে এসেছিলেন লর্ড কার্জন। তাঁর আগে ভারতের ভাইসরয় ছিলেন লর্ড ক্যানিং। তিনিই ১৮৬১ সালে আর্কিলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া স্থাপন করে সেখানে আলেকজান্ডার ক্যানিংহামকে নিযুক্ত করলেন ভারতের ঐহিত্যময় শিল্পকে রক্ষাবেক্ষণ করার জন্য। ক্যানিংহাম দায়িত্ব গ্রহণ করেই তিনি ভারতের ঐতিহ্যময় শিল্প সামগ্রীর তালিকা তৈরি করতে শুরু করেছিলেন। তিনি দেখতে পেয়েছিলেন যে ভারতের বহু ঐতিহ্যময় সম্পদ হারিয়ে গিয়েছে যথাযথ রক্ষাবেক্ষণের অভাবে। তারপরে রয়েছে বাসিন্দাদের উদাসীনতা। আসলে ভারতবর্ষে বাসিন্দারা জানতো না কেমন করে সংরক্ষণ করতে হয় বা ইতিহাস প্রসিদ্ধ স্থানগুলিকে রক্ষিত করতে হয়। তার জন্য যে বিশেষ প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে তার অভাব যথেষ্ট ছিল। ভারতে এসে ব্রিটিশ বহু পণ্ডিতরা বুঝতে সেক্ষম হয়েছিলেন য়ে প্রাচীন ভরতের ঐতিহ্যকে ধরে রাখতে গেলে এখনকার মন্দির থেকে শুরু করে সব ধর্মের উপাসনাস্থল এবং রাজা রাজাদের বাসগৃহগুলিকে সংরক্ষণের তালিকায় নিয়ে আসতে হবে। ব্রিটিশ ভারত সরকারের একটি দায়িত্ব রয়েছে এ সব শিল্প সামগ্রীকে যথাযথভাবে রক্ষা করার পাশাপাশি দেখভাল করার। সেই কর্তব্য পালন করতে হবে সরকারকে। সেই কারণে তৈরি করা হয়েছিল এমন একটি সংস্থা যার কাজ হবে ভারতের পুরাতাত্ত্বিক শিল্পকে রক্ষা করা। ইতিহাস প্রসিদ্ধ স্থানগুলির প্রতি বেশি যত্নবান হওয়া। শুধু লর্ড ক্যানিং নয়, তার সঙ্গে লর্ড কার্জনের নামও করতে হয়। লর্ড কার্জন খুবই শিল্প প্রেমিক মানুষ ছিলেন। তিনি প্রাচীন ভারতের সভ্যতার ইতিহাস সম্পর্কে ওয়াকিবহাল ছিলেন। ভারতবর্ষ যে একটি অতি প্রাচীন সভ্য দেশ সে সম্পর্কে তাঁর জ্ঞান যথেষ্ট ছিল। তার ফলে তিনি যখন ভারতের ভাইসরয় হয়ে কলকাতায় এসে উপস্থিত হলেন তখন তাঁর প্রথম উল্লেখযোগ্য কাজই ছিল দেশের ধ্বংসপ্রপ্তশিল্প সম্পদগুলিকে সুরক্ষিত করা। অনাদরে অবহেলায় পড়েছিল বহু শিল্প সামগ্রী। সেই সব দুর্লভ শিল্প সামগ্রী অবহেলায় পড়ে থাকার ফলে তার সম্পর্কে কারোর কোনও কৌতুহল ছিল না। কিন্তু যখন আর্কিওলজিক্যাল একের পর এক অবহেলিত শিল্প নিদর্শনগুলিকে খুঁজে বের করে তার সঠিক ইতিহাসের তথ্য খুঁজে প্রকাশ করতে শুরু করে দিয়েছিল তখন থেকেই প্রত্নতত্ত্ববিদরা আগ্রহ প্রকাশ করে যে ভারতের যে সব স্থানে ভগ্নস্তুপ (দখতে পাওয়া যায় সেখানে খকন কার্য চালিয়ে যদি কোনও প্রাচীন সভ্যতার ইতিহাসের সন্ধান পাওয়া যায় তাহলে ভারতের একটি অলিখিত ইতিহাসের দ্বার সকলের কাছে উন্মোচিত হত পারবে। তাই দেখতে পাওয়া গেল যে লর্ড কার্জনের নজর এড়িয়ে সেই সময়ে কোনও শিল্প নিদর্শন অবহেলায় পড়ে থাকতো না। যখনই কোনও ঐতিহ্যময় শিল্পের সংবাদ পেয়েছেন তখনই তিনি আর্কিলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়াকে বার্তা দিয়েছেন অনুসন্ধান করে একটি রিপোর্ট তৈরি করে তাঁর কাছে পাঠাতে। ভারতবর্ষ উপনিবেশ দেশ হতে পারে। কিন্তু প্রাচীনভারতের শিল্পের একটি ইতিহাস রয়েছে। সেই ইতিহাসের সঙ্গে জড়িতে রয়েছে মানব সভ্যতার বিকাশে ইতিহাস। প্রাচীন কালে যে মানব সমাজ উন্নত জীবন যাপন করতো তারই দৃষ্টান্ত পাওয়া সম্ভব হবে এই সব প্রাচীন শিল্প নিদর্শনগুলি থেকে। সেই কারণে লর্ড কার্জন সজাগ দৃষ্টি দিয়ে রাখতেন-‘‘The Geographical arrangement of these circles are fantistic in the extreme. Sind is lumped together with Bomay and berer; Baluchistan is tacked on the Punjub and Ajmer is casually thrown in. The central provinces, are added to North Western provinces, Bengal has no surveyor. The surveyors are remaining circles, instead of being schlers, or even Engineers, are merely, their names implies Surveyors, who make drawings, and erite reports, but can only at a considerable risk be entrusted with the task of renovation & repair.’’ তিনি আরও লিখলেন, ‘‘Thus it has come about that owing to the absence of any central and duly qualified advising authority, not merely are beautiful and fmous buildings crumbling to decay, but there is neither principle or unity in conservation or repair, while from



time to time horrors are still committed that makes the shudder and turn’’ একজন দক্ষ সার্ভে অফিসার হতে গেলে তাকে অতি অবশ্যই আঙ্কন শিল্প জানতে হবে। তাঁর ইঞ্জিনিয়ারিং জ্ঞান থাকার খুবই প্রয়োজন এবং তার রিপোর্ট লেখার ব্যাপারে দক্ষতা থাকতে হবে। সর্বোপরি তিনি সংস্কার এবং সঠিক য়ত্নবান মেরামত করতে সক্ষম হবে। ঐতিহাকে মুছে ফেলে সংস্কার করা চলবে না। দুর্লভ ঐতিহ্যকে কীভাবে যথাযথ সংরক্ষণ এবং সংস্কার করতে হয় সে সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকা উচিত। তিনি পণ্ডিত ব্যক্তি হবেন। তার নিজস্ব জ্ঞানের গভীরতা থাকার খুবই প্রয়োজন। বাংলাতে এই রকম কোনও সার্ভে অফিসার নেই যিনি ঐতিহ্যমণ্ডিত বাড়ি থেকে শুরু করে মন্দিরগুলিকে সংস্কার করে যথাযথভাবে সঠিক নিরুপম করতে থাকবেন। বাংলায় এমন সব বিখ্যাত বাড়ি এবং ভগ্নস্তুপ রয়েছে যেগুলি সঠিকভাবে সংস্কার করে তার তার অনুসন্ধান করা হয়নি। তার ফলে বহু অতীত ইতিহাস হারিয়ে গিয়েছে। সেই সব অতীত ইতিহাসকে খুঁজে পেতে গেলে এই সব প্রাচীন বাড়ি এবং ভগ্নস্তুপগুলিকে আবিস্কার অতি অবশ্যই করা উচিত। ভগ্নস্তুপ বা ঢিপিগুলিকে যদি খনন না করা যায় াহলে অতীতে ইতিহাস চিরকাল আধারে থেকে যাবে তা ইতিহাস সকলের কাখে অজ্ঞাত হয়ে থাকবে। দেখতে পাওয়া গিয়েছে যে এই সব মৃতস্তুপ এবং ঢিবি খনন করতে গিয়ে ছাত্ররা ভয় পেতে শুরু করেছে। তার ফলে খনন কাজ ব্যাহত হচ্ছে। ২০ ডিসেম্বর ১৯০০ সালে একটি নির্দিষ্ট আকারে প্রস্তাব রাজ্য সচিব লর্ড জর্জ হ্যামিণেটনর কাছে জমা পড়ল এবং পরে সেটি আর্কিলজিক্যাল সার্ভের ডিরেক্টর জেনারেলের কাছে পাঠানো হয়। সেখানে পরিস্কার করে বলে দেওয়া হল যে আর্কিলজিক্যাল জ্ঞান থাকার পাশাপাশি ইঞ্জিনিয়ারিং জ্ঞান থাকার অতি অবশ্যই খুবই প্রয়োজন। সেই ব্যক্তি সংরক্ষণ, রিপোর্ট তৈরি করা থেকে শুরু করে সংস্কার সম্পর্কে জ্ঞান থাকা উচিত বিশেষ করে ইতিহাসের ওপরে ব্যাপক চর্চা থাকার খুবই প্রয়োজন রয়েছে। পাশাপাশি ভূগোল সম্পর্কে বিশেষ করে ভূবিদ্যার ওপরে দখল থাকার প্রয়োজন রয়েছে। এই ব্যাপারে সেই সময়ে এক লক্ষ টাকা মঞ্জুর করার অনুরোধ করা হয়েছিল আর্কিলজিক্যাল কার্জের জন্য রাজ্য সচিবকে। এই প্রস্তাবকে গ্রহণ করে নিয়েছিলেন ভারতের স্বরাষ্ট্র সচিব ২৯ নভেম্বর ১৯০১ সালে। সেই সময়ে স্যার জন মার্শাল ডাইরেক্টর জেনারেল হয়েছিলেন আর্কিলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়ার। সেই সময়ে তাঁর অগাধ জ্ঞান ছিল গ্রীস, তুরস্ক এবং ক্রিটের ওপরে। তাঁর কাজের ধারা ছিল-‘‘The most important of his functions is to secure that the ancient monuments of the country are properly cared for, that they are not utilized for the purposes which are inappropriate or unseemly, that repairs are executed when required and that any restorations, which may be attempted are conducted on artisti lines’’। প্রাচীন স্মৃতি সৌধগুলিকে দেশে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করে তার সংরক্ষণ করা, প্রয়োজন হলে সংস্কার করা এবং সময়ে সময়ে দেখভাল করার দিতে নজর রাখতে হবে। তাঁর কাজই ছিল ইতিহাস সমৃদ্ধ স্থানগুলি পরিদর্শন করে এবং সেখানকার ঐতিহাসিক গুরুত্ব খতিয়ে দেখে প্রয়োজন হলে আর্কিলজিক্যাল কাজ সম্পন্ন করা। প্রতি বছর তাঁকে বার্ষিক রিপোর্ট দিতে হবে। তাঁর রিপোর্টের ওপরে ভিত্তি করে সরকার পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে। সেই কারণে ডিরেক্টর জোনরেলের পদটি তৈরি করা হয়েছিল এই সব বিষয়ে তীক্ষন নজর রাখার উদ্দেশ্যে। এই বিষযগুলির ওপরে লর্ড কার্জন বেশি করে নজর দিতেন। তাঁর নেশাই ছিল ভারতের প্রাচীন স্মৃতি সৌধগুলিকে সংরক্ষণ করা। সেই সময়ে তিনি এ ব্যাপারে সরকারের কোষাগার থেকে বিশাল অঙ্কের টাকার ব্যবস্থা করে রেখে দিয়েছিলেন। এই সব প্রাচীন স্মৃতি সৌধগুলিকে রক্ষা করতে বিলেতের টাকায় সাত হাজার পাউন্ডের ব্যবস্থা রেখে ছিলেন। পরে তিনি সাঁইত্রিশ হাজার পাউন্ডের ব্যবস্থা করে রাখেন। এ ব্যাপারে লর্ড কার্জন গর্ব করে বলতেন,‘‘if you went back there, you would hardly recognize the place. When were then dirty waste are now green parks & gardens. neglected and half-tumbled down ruins are as perfect as on the day when they first left the builder’s or mason’s hand; we have trained or artificers to such pitch that now at last they can faithfully reproduce the original work in marble, sandstone and pietra dura’’ লর্ড কার্জন যা বলেছেন তা অতি গর্বের বিষয় বলা যেতেই পারে। কারণ তাঁর লক্ষ্যই ছিল যে অনাদরে পড়ে থাকা ভগ্নস্তুপগুলির মধ্যে স্থানীয় লোক কথার ভিত্তিতে বহু প্রাচীন ইতিহাসের কথা শুনতে পাওয়া গিয়েছে। সেই সব তথ্যের ওপরে ভিত্তি করে যদি খননক কার্য সঠিকভাবে সমাধা করা যায় তাহলে আগমি দিনে ভারতের বহু অজানা ইতিহাসের সন্ধান পাওয়া সম্ভব হবে। প্রাচীন ধ্বংসস্তপ খনন করে সেখান থেকে বহু প্রচীন ইতিহাসের তথ্য সামনের দিকে উঠে এসেছে যা আগে সবার কাছে বলতে গেলে অজানা ছিল। লর্ড কার্জন এবারে সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে তাজমহলের জন্য একটি অতি সুন্দর ঝাড় লণ্ঠন উপহার দেবেন। তিনি সেই ঝাড় লণ্ঠন নিয়ে এসেছিলেন। যদি বেশ কিছুদিন আগে সেই ঝাড় লণ্ঠনটি পড়ে গিয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। লড কার্জনের আর একটি বড় শিল্প পরিকল্পনা হচ্ছে কলকাতার ভিক্টোরিয়া মেমোরিয়াল হল। তিনি এটির পরিকল্পনা রচিত করে গিয়েছিলেন। ভারতের স্থাপত্য শিল্পকে রক্ষা করার বাপারে লর্ড কার্জনের অবদানের কথা এক দিনের জন্যও ভুলে থাকা একেবারে অসম্ভব। তথ্যসূত্র ঃ ‘এভ্যুলেশন অব দ্য মনুমেন্ট প্রিজারভেশন অ্যাক্ট- এ বেঞ্চ মার্ক ইন হেরিটেজ প্রিজারভেশন, প্রণয় রায় চৌধুরী, এশিয়াটিক সোসাইটি, মান্থলী বুলেটিন।

‘ভারতরত্ন’ দিয়ে ভারত জয় করতে বের হয়েছেন প্রধানমন্ত্রী মোদি, বিরোধীরা এখন স্বাগত জানাচ্ছে

প্রধনমন্ত্রী নরেন্দ্র মোদির লক্ষ্যই হচ্ছে ভারত জয় করা। যেসব স্থানে এক বিজেপি দল প্রভাব বিস্তার করতে পারেনি সেই সব স্থান দখল করাই হচ্ছে প্রধানমন্ত্রী মোদির রাজনৈতিক কৌশল। সেই কারণে তিনি একের পর এক এমন এক একটি সিদ্ধান্ত গ্রহণ করতে শুরু করেছেন তার ফলে বিরোধী শিবির একেবারে হতবাক। প্রধামন্ত্রী মোদি যে রাজনীতিতে দক্ষ সেটা আর বলে দিতে হবে না। তিনি একটি রাজ্যের মুখ্যমন্ত্রী থেকে প্রধানমন্ত্রী হয়েছেন তা এমন ভাগ্য ক’জনের কপালে জোটে। রাজনাথ তখন বিজেপি দলের সভাপতি। তিনি কিন্তু ভারতের প্রধানমন্ত্রী হিসাবে নরেন্দ্র মোদিকে বেছে নিতে ভুল করেননি তা প্রমাণিত। এবরে বিজেপির লক্ষ্য হচ্ছে চারশো আসন। সেই পথ ধরে এগিয়ে চলতে শুরু করে দিয়েছেন প্রধানমন্ত্রী মোদি। সেই কারণে এবারে এমন কয়েকজনকে ভারতরত্ন দেওয়ার সুপারিশ করলেন যে সেখানে কংগ্রেস শিবির একেবারে বেহাল। কংগ্রেস শিবির মোদির এই কৌশলী চালে পারস্ত বলা যেতে পারে। কংগ্রেসের শিবিরের কেউ কেউ নরেন্দ্র মোদির এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। প্রয়াত দুই প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং, পিভি নরসিংহ রাও এবং এমএস স্বামীনাথনকে ভারতরত্ন দিচ্ছে। তার ফলে কংগ্রেস শিবির একেবারে হতবাক। তাদের মুখ দিয়ে কোনও কথা সরছে না। নরসীমা রাও গান্ধি পরিবারের বাইরে থেকে এসে প্রধানমন্ত্রী হয়েছিলেন। তিনি প্রধানমনন্ত্রী থাকার সময়ে দেশের অর্থমন্ত্রী ছিলেন মনমোহন সিং। তাঁর হাত ধরে দেশের আর্থিক সংস্কার হয়েছিল। তিনি প্রধানমন্ত্রী থাকার সময়ে বাবরি মসজিদ ভাঙা পড়েছিল। এই নরসীমা রাওকে কংগ্রেস কোনও সম্মান দেয়নি বলে দীর্ঘদিন ধরে কংগ্রেস শিবিরে একটি ক্ষোভ দানা বাঁধতে শুরু করে দিয়েছিল। বিজেপি সরকারের এই সিদ্ধান্তে এখন কংগ্রেস দল অস্তিত্বে রয়েছে। বিজেপি সরকার তেলেঙ্গানা রাজ্যকে একটি বার্তা দিলেন। কংগ্রেস দল বিধানসভায় তেলেঙ্গানা দখল করলেও লোকসভায় যেন বিজেপি দখলে যায় তার দিকে লক্ষ্য রেকে এই পদক্ষেপ বলে মনে করতে শুরু করেছে রাজনৈতিক দলের শিবির। চৌধুরী চরণ সিং ছিলেন উত্তর প্রদেশের অ-কংগ্রেসি মুখ্যমন্ত্রী। ইন্দিরা গান্ধির বিরুদ্ধে জয়প্রকাশনারায়ণের হাত ধরে উঠে আসা কৃষক নেতা চৌধুরী চরণ সিং ১৯৭৯ সালে ভারতের প্রধনমন্ত্রী হয়েছিলেন। কিন্তু ইন্দিরা গান্ধির বিরুদ্ধে জরুরী অবস্থার জন্য দায়ের হওয়া মামলা প্রত্যাহার করতে অস্বীকার করেন জাঠ বলয়ের নেতা। তাঁর নাতি জয়ন্ত সিং রাষ্ট্রীয় দলকে জোট ইণ্ডিয়া থেকে বের করে নিয়ে আসার কথা বলতে শুরু করে দিয়েছিলেন বিজেপির সঙ্গে। এদিনের সিদ্ধান্তে জোট ইণ্ডিয়া থেকে বের হয়ে আসাটা আরও সহজ হলো জয়ন্তের। ভারতের কৃষি ক্ষেত্রে সবুজ বিপ্লবের জনক এম এস স্বামীনাথন কৃষকদের নূন্যতম সহায়ক মূল্য নির্ধারণ করার সূত্র বের করেছিলেন। সেই সূত্র ধরে চাষের খরচের দেড়গুণ এমএসপি দেওয়ার

দাবি কৃষক সংগঠনগুলি অনেক দিন ধরেই বলে আসছিল। এবরে এমএসপি নিশ্চিত করতে কৃষকেরা দিল্লি চলোর ডাক দিয়েছে। ভেটের মুখে নতুন করে কৃষক আন্দোলনকে রুখে দিতে তিন কৃষি মন্ত্রীকে দিল্লিতে ডেকে পাঠানো হয়েছিল আলোচনার টেবিলে। স্বামীনাথনকে ভারতরত্ন দিয়ে কৃষকদের বার্তা দিনেল মোদি সরকার। এই বছরে পাঁচজনকে ভারতরত্ন দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করা হল। কিছুদিন আগেই বিহারের প্রাক্তন প্রয়াত মুখ্যমন্ত্রী কর্পূরী ঠাকুরকে ভারতরত্ন দেওয়ার কথা ঘোষণা করেছিল মোদি সরকার। তার ফলে বিহারের শাসক দল বিজেপি বিরুদ্ধে ফোঁস করতে সাহস পায়নি। দেখতে পাওয়া গেল জোট ইণ্ডিয়া ত্যাগ করে বিহারের মুখ্যমন্ত্রী এনডিএ জোটে হাত ধরেছে। তার ফলে অতি সহজেই মিটিং মিছিল না করেই াবিজেপি বিহার জয় করে নিল। নির্বাচনের জন্য অপেক্ষা করতে হল না। এবারে বিহারের আরজেডি বিপদে পড়ে গিয়েছে। তারা এখন বিজেপির বিরুদ্ধে লড়াই করার কোনও শক্তিশালী রাজনৈতিক দলকে পাশে পাচ্ছে না। যার ফলে বিহারে বিজেপি লোকসভায় ভালো ফল করতে পারবে বলে আশা প্রকাশ করতে শুরু করে দিয়েছে সবাই। বিহারে নীতীশ এবং নাড্ডার সঙ্গে আসন সমঝোতা নিয়ে আলাচনা হবে বলে জানতে পারা গিয়েছে। এদিকে বিজেপি দলের বর্ষীয়ান নেতা লালকৃষ্ণ আদবানিকে ভারতরত্ন দিচ্ছে মোদি সরকার। তার ফলে আদবানিপনন্থীরা একন মোদির পক্ষে সায় দিতে শুরু করে দিয়েছেন। নরসীমা রাওয়ের কন্যা বাণী দেবীও বাবাকে ভারতরত্ন দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। তেলেঙ্গানা বিধানসভা পরিষদের সদস্যা বাণী দেবীর মতে, দেরী হলেও এই সিদ্ধান্তকে তেলেঙ্গানার মানুষ স্বাগত জানাচ্ছে। এদিকে কংগ্রেসের নেত্রী সনিয়া গান্ধি মনমোহন সিংকে ভারতরত্ন দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানান। তিনজনের বেশি কাউকে ভারতরত্ন দেওয়া যায় না বলে স্বরাষ্ট্র দফতরের কাছ থেকে জানতে পারা গিয়েছিল। ২০১৯ সালের পর কাউকে ভারতরত্ন দেওয়া হয়নি।

ইমরান কি প্রধানমন্ত্রী হতে পারছেন, প্রশ্ন উঠছে

পাকিস্তানের নির্বাচনে যতই ইমরান সমর্থকেরা এগিয়ে থাকুক না কেন সেখানকার প্রধানমন্ত্রী হতে চলেছেন নওয়াজ শরিফ তা এক কথা বলে শুরু করে দিয়েছে সেখানকার অধিকাংশ রাজনৈতিক দলের নেতারা। কারণ তাঁর পাশে পাক সেনারা রয়েছে। যেহেতু পাক সেনারা পাকিস্তানের ভাগ্য নির্দ্ধারণ করে সেই কারণে বলা যেতে পারে যে এবারে ইমরান খানের পক্ষে আর প্রধানন্ত্রী হওয়া এবারে হল না। তবে যদি কোনও কিছু অঘটন ঘটে তাহলে তা আলাদা কথা। সেই অঘটন ঘটার সম্ভাবনা একেবারে নেই বলতে গেলে চলে। সেই কারণে নির্বাচন ফলাফল প্রকাশ হওয়ার আগেই নরওয়াজ শরিফ নিজেকে জয়ী বলে ঘোষণা করে দিলেন। তাহলে কি বিলাবল ভুটোর সঙ্গে হাত মিলিয় জোট সরকার গড়তে চলেছেন নওয়াজ শরিফ এই নিয়ে রাজনৈতিক মহলে প্রশ্ন দেখা দিতে শুরু করেছে। তবে কী হয় তা দেখার জন্য পাকিস্তানের নাগরিক থেকে শুরু করে গোটা বিশ্ব অপেক্ষা করে বসে রয়েছে। শেষ রাত পর্যন্ত নির্বাচনের ফলাফল পাওয়া গিয়েছে তা থেকে জানতে পারা গিয়েছে যে নির্দল পেয়েছে ৬১টি (পিটিআই সমর্থিত), পিএমএল(এন) ৪৩, পিপিপি ৩৪ এবং অন্যান্যরা ১৯। তবে এবারে ইমরান খান যে প্রধানমন্ত্রী হতে পারছেন না সেটা ক্রমশ পরিস্কার হয়ে যেতে শুরু করে দিয়েছে। প্রাক্তন প্রধানমন্ত্রী নওরাজ শরিফ বলেছেন যে নির্বাচন শেষ। সব দলের উচিত হচ্ছে বৈঠক করে সরকার গঠন করা। জোট সরকার গড়তে নওয়াজের কোনও বাধা নেই। বিলাবল ভুটো ভারত বিরোধী নেতা বলে পরিচিত। এবারে নওয়াজ শরিফের বিদেশ নীতি কী হবে তা আগে থেকে বলা মুশকিল। যদিও তিনি বলেছেন যে প্রধানমন্ত্রী হয়েই তার কাজ হবে পার্শ্ববর্তী দেশগুলির সঙ্গে সৌহার্দ্য বজায় রাখা। আবার এদিকে বিলাবলকে যদি বিদেশ মন্ত্রকের দায়িত্ব দেওয়া হয় তাহলে তাঁর প্রথম কথাই থাকবে কাশ্মীর। কাশ্মীর নিয়ে বিলাবল ভুটো খুবই ব্যস্ত হয়ে পড়েছিলেন। সেই সময়ে তিনি যেখানেই বিদেশ মন্ত্রী হয়ে যেখানেই গেছেন সেখানেই কাশ্মীর প্রসঙ্গ তুলেছেন। এমনকী ভারতে এসেও বিলাবল ভুট্টো কাশ্মীর প্রসঙ্গ তুলতে ভুল করেননি। তিনি বারবার ভারতের দিকে তাক করে বলতে শুরু করে দিয়েছিলেন ভারতের সঙ্গে কাশ্মীর ইস্যু নিয়ে কথা বলতে ইচ্ছুক। এদিকে ভারত সরকার থেকে পরিস্কার করে বলে দেওয়া হয়েছিল যে ভারত কারোর সঙ্গে কাশ্মীর নিয়ে কথা বলতে চায় না। কারণ ভারতের অঙ্গ রাজ্য হচ্ছে কাশ্মীর। দখলদার পাকিস্তানকে কাশ্মীর থেকে সরে যেতে হবে। পাকিস্তান ইচ্ছা করেই কাশ্মীর রাজনীতিকে জলঘোলা করতে চিনকে সেখানে আর্থিক করিডর তৈরি করতে দিয়েছে। ভারত তার প্রতিবাদ করে। কিন্তু চিন এবং পাকিস্তান উভয়েই মিলে এখন আর্থিক করিডর তৈরি করে ভারতের ওপরে চাপ দেওয়ার চেষ্টা করছে। নতুন সরকার পাকিস্তানে তৈরি হলে কাশ্মীর নীতি থেকে পাকিস্তান সরে আসবে না সেটা পরিস্কার। ওদিকে নওয়াজ শরিফের দল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পায়নি। তার ফলে তাদেরকে অন্য দলের সঙ্গে হাত মিলিয়ে জোট সরকার তৈরি করতে হবে। পিপিপি এর সঙ্গে জোট করে সরকার গঠন করতে পারেন নওয়াজ। এতে কোনও আপত্তি নেই বল জানতে পারা গিয়েছে পিএমএল(এন) নেতাদের কাছ থেকে। এদিকে পাকিস্তানের নাগরিকেরা ইমরান খানের দিকে ঝুঁকে পড়তে শুরু করে দিয়েছে। তার ফলে সরকার কে বা কারা গড়তে তা নিয়ে নিশ্চিত হতে পারছে না কেউই। এদিকে নওয়াজ শরিফ বিজয়ী ভাষণ দিতে শুরু করে দিয়েছেন। এদিকে শাহবাজ নির্দেশ দিয়েছেন পিপিপি, জেইউআই, এমকিউএম(পি) দলের সঙ্গে হাত মিলিয়ে সরকার গড়াতে। এদিকে ইমরান খান বলেছেন যে তাঁর প্রধানমন্ত্রী পদ চলে গিয়েছিল আমেরিকার আঙ্গুলীলেহনে। রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে কথা বলাতে আমেরিকার রাগ হয়েছিল তার ওপরে।

বাংলার ধর্মীয় গ্রন্থ ঃ চৈতন্যভাগবত ও চৈতন্যচরিতামৃত

মিথিলা এক সময়ে ভারতের সেরা শিক্ষা প্রতিষ্ঠান ছিল। ভারতের বহু ছাত্র সেই সময়ে মিথিলাকে গিয়ে পড়াশুনা করতো। মিথিলার রাধাকৃষ্ণ প্রেম নিয়ে পদাবলী রচনা করে বিখ্যাত হয়েছিলেন বিদ্যাপতি। তিনি রাজসভার কবি ছিলেন। পরে নবদ্বীপ বাংলার তথা ভারতের সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে পরিচিতি লাভ করে। ভারতের ছাত্ররা এখানে এসে পড়াশুনা



করতো। নবদ্বীপে বৃন্দাবন দাস ‘চৈতন্য ভাগবত’ রচনা করেন। পরে চৈতন্যদেব বৃন্দাবন থেকে কৃষ্ণদাস কবিরাজকে নিয়ে আসেন। তিনি শ্রীকৃষ্ণচৈতন্য চরিতামৃত ব’ রচনা করেছিলেন। বৃন্দাবনের লিখিত চৈতন্যভাগবত’ কাব্যটি চৈতন্যদেবের নবদ্বীপ লীলাকে কেন্দ্র করে রচিত। আর কৃষ্ণদাস কবিরাজ এর লেখা ‘শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত’ দর্শন নিয়ে লেখা। চৈতন্যদেব সংস্কৃত শুধু পণ্ডিত হয়ে থাকলেন না, তিনি সমাজ সংস্কারক হিসাবে পরিচিতি লাভ করেন। আগে ধর্মগ্রন্থ লেখা হতো সংসকৃতভাষায়। চৈতন্যদেব বাংলা ভাষায় ধর্মগ্রন্থ লেখার আদেশ দিলেন। চৈতন্যদেব বৈষ্ণব ধর্মকে বাংলায় নিয়ে এসেছিলেন সাধারণদের উদ্ধার করার জন্য। তাঁকে ভগবান রূপে পুজিত করা হয়ে থাকে। সারা ভারত থেকে ভক্তরা আসে নবদ্বীপে। নাগাল্যাণ্ড থেকে ভক্তরা চৈতন্যদেবকে পুজা করে থাকে। বৈষ্ণব ধর্ম শুধু নবদ্বীপের মধ্যে সীমাবদ্ধ ছিল না।

৩৫ তম রাজ্য ভাওয়াইয়া উৎসব উপলক্ষ্যে তুফানগঞ্জে আলোচনা সভা ও সাবকমিটি ঘোষণা

দুরন্ত বার্তা, তুফানগঞ্জ, ১০ ফেব্রুয়ারি ঃ ৩৫ তম রাজ্য ভাওয়াইয়া উৎসব উপলক্ষ্যে তুফানগঞ্জ মহাবিদ্যালয়ে আলোচনা সভা ও সাব কমিটি ঘোষণা করা হলো। শনিবার দুপুরে তুফানগঞ্জ মহাবিদ্যালয়ে দীর্ঘ সময় ধরে আলোচনা সারেন রাজ্য ভাওয়াইয়া প্রতিযোগিতার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। এই বিষয়ে রবীন্দ্রনাথ ঘোষ বলেন, ৩৫ তম রাজ্য ভাওয়াইয়া উৎসব প্রথম বার তুফানগঞ্জ মহকুমায় অনুষ্ঠিত হচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় আগামী ২৫,২৬,২৭ ও ২৮ ফেব্রুয়ারি তুফানগঞ্জ মহাবিদ্যালয়ের মাঠে অনুষ্ঠানটি চলবে। পরীক্ষার জন্য মঞ্চের চারিদিক ঘেরাও করে দেওয়া হবে। এছাড়াও শব্দ দূষণ যাতে না হয়, সেজন্য কোনো হর্ন ব্যবহার করা হবে না। পেন্সিল বাক্স ব্যবহার করা হবে। সাব কমিটি গুলো গঠন ও মঞ্চ তৈরির ব্যাপারে এদিন আলোচনা হয়েছে। রাজ্য ভাওয়াইয়া উৎসবে দুজনকে আব্বাস উদ্দীন স্মৃতি পুরুস্কার ও নায়েব আলী টেপু স্মৃতি পুরুস্কারে পুরুস্কৃত করা হবে। উৎসবে আসাম, বাংলাদেশ ও রাজ্যের বহু শিল্পী অংশগ্রহণ করবেন। তিনি আরও জানান মোট ৩২ টি ব্লক অংশগ্রহণ করবে। প্রতিটি ব্লক থেকে চারজন করে অংশগ্রহণ করবেন। মোট ১২৮ জন প্রতিযোগিতা করবেন। তিনি বলেন, তুফানগঞ্জ হল ভাওয়াইয়া সঙ্গীতের জন্য বিখ্যাত। কারণ এখানকার বলরামপুরে নায়েব আলী টেপু ও আব্বাস উদ্দীনের জন্ম। এছাড়াও টগর অধিকারী, সুরেন রায় বসুনিয়া সহ এখানকার বহু বিখ্যাত ভাওয়াইয়া শিল্পীর জন্ম হয়েছে। তিনি আরও বলেন, উৎসবে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ, তপসিলি জাতি ও উপজাতি কল্যাণ মন্ত্রী বুলু চিক বরাইক, কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি জেলার পুলিশ সুপার সহ উচ্চ পদস্ত আধিকারিকরা উপস্থিত থাকবেন। এদিনের কর্মসূচি তে উপস্থিত ছিলেন, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার চেয়ারম্যান পার্থপ্রতিম রায়, প্রাক্তন বিধায়ক হিতেন বর্মন সহ জন প্রতিনিধি ও উচ্চ পদস্ত আধিকারিকরা।

টিটু-র গঙ্গা যাত্রা, পঁচিশ দিনের মাথায় তিনশো জনের ভুঁড়ি ভোজ

দেবশ্রী মজুমদার, বীরভূম, ১০ ফেব্রুয়ারি ঃ প্রাণের টিটু-র গঙ্গা যাত্রা। পঁচিশ দিনের মাথায় তিনশো জনের ভুঁড়ি ভোজ। টিটু পোষ্য টিয়া পাখির নাম। পঁচিশ দিন আগে বেড়ালের আঁচড়ে অসুস্থ টিটুর মৃত্যু ঘটে। শাস্ত্রাচারে কীর্তন সহকারে খাঁচায় মৃত পাখির দেহ নিয়ে জঙ্গীপুরের গঙ্গায় শেষকৃত্য হয়। ছাপানো হয় ক্ষৌর কর্ম, শ্রাদ্ধ, আদ্য শ্রাদ্ধ ও কুটুম্বাদি ভোজনের নিমন্ত্রণপত্র কার্ড আকারে ছাপানো হয়। কার্ডে লেখা আমাদের পরিবারের সকলের প্রিয় টিটু দেহত্যাগ করেছে। এদিন ছিল শ্রাদ্ধ শান্তি ও ভোজ। কার্ডে তারিখের ভুল ভ্রান্তি আছে। কিন্তু শ্রাদ্ধ ও ভোজ শাস্ত্র আচারে কোনো খামতি ছিল না। পোষ্যের মালিক গদাধর মণ্ডল ও দুলালী



মণ্ডলের বাড়ি নলহাটি এক ব্লকের বড়লা পঞ্চায়েতের কানু গ্রামে। তাঁদের এক ছেলে ও এক মেয়ে। ছেলে বাইরে থাকেন। মেয়ের বিয়ে হয়ে গেছে। স্বামী - স্ত্রী দুজনে বাড়িতে থাকেন। তাঁরা জানান, টিটু ছোট অবস্থায় গাছ থেকে পড়ে যায়। তারাই তাকে বারো বছর ধরে বড়ো করে তোলেন। বাড়িময় টিটু গদাধরকে কাকা, কাকা বলে ডাকতো। টিটুর খাঁচা ঘর থাকলেও সে ছিল মুক্ত বিহঙ্গ। গোটা গ্রামে ঘুরে বেড়াত। সর্বত্র ছিল অবাধ যাতায়াত। তবে ঠিক সময়ে খাঁচায় ফিরে আসতো। বেশ কয়দিন আগে বেড়ালের আঘাতে সে অসুস্থ হয়। আর তার পরেই মৃত্যু। যেহেতু টিটু গোটা গ্রামের প্রিয়। তাই তার শেষ কাজও ধুমধাম করেন গ্রামবাসী ও মণ্ডল পরিবার। এদিন খাবারের মেনুতে ছিল শাক, ভাত, ডাল, পাঁচ তরকারি, ফুলকপির তরকারি, মাছ, টক / চাটনি। শেষ পাতে দই, মিষ্টি ও মুখ শুদ্ধি হিসেবে ছিল হজমোলা। গদাধর ও দুলালী মণ্ডলের প্রতিবেশী অসীম মণ্ডল এবং নরেন মণ্ডলরা জানান, টিটু আমাদের সকলের প্রিয়। তাই আমাদের পরিবারের সদস্য হিসেবে আমরা তার শেষ কাজ করলাম।

পায়নি উচ্চ মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড, শিক্ষিকা হওয়ার স্বপ্ন অনিশ্চিয়তার মুখে

দুরন্ত বার্তা, মালদা, ১০ ফেব্রুয়ারি ঃ স্বপ্ন রয়েছে শিক্ষিকা হওয়ার। এজন্য দুঃস্থ পরিবারের ছাত্রী বিভিন্ন শ্রেণীতে বার্ষিক ফলাফলের সময় বরাবরই স্কুলের মেধাবীর পরিচয় দিয়েছে। কিন্তু ছোট্ট একটি ভুলে ভবিষ্যত গড়ার স্বপ্ন ভেঙে চুরমার হতে বসেছে ওই ছাত্রীর। উচ্চ মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড না পেয়ে এখন পরীক্ষায় বসা নিয়ে অনিশ্চিয়তার মুখে পড়েছে হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের কনুয়া ভবানীপুর হাইস্কুলের দ্বাদশ শ্রেণির ছাত্রী লিপি স্বর্ণকার। স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলে আত্মহত্যার হুমকি দিয়েছেন ওই উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী। বিষয়টি জানাজানি হতেই গোটা এলাকায় শোরগোল পড়ে গেছে। অসহায় ওই ছাত্রীর এই সমস্যার পাশে দাঁড়িয়েছে স্থানীয় পঞ্চায়েত সমিতির শিক্ষা কর্মধ্যক্ষ নরেন্দ্রনাথ সাহা। তিনি জানিয়েছেন, দোষ-ত্রুটি যারই থাকুক না কেন, সেটা পরে তদন্ত করে দেখবে শিক্ষা দপ্তর। কিন্তু এখন ওই ছাত্রীর অ্যাডমিট কার্ড এবং পরীক্ষা দেওয়ার ব্যবস্থা প্রশাসনকেই করতে হবে। ওই ছাত্রীর পরিবারের অভিযোগ, সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষকের গাফিলতির জন্য এমনটা হয়েছে। উল্লেখ্য, আগামী ১৬ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে উচ্চ মাধ্যমিক পরীক্ষা। উচ্চ মাধ্যমিকের রেজিস্ট্রেশন কার্ড পেয়ে গেছে ছাত্রী লিপি স্বর্ণকার। টেস্ট পরীক্ষাও দিয়েছে সে। ফলাফল ভালো হয়েছিল। পরবর্তীতে পরীক্ষার জন্য অন্যান্য বান্ধবীদের সঙ্গে স্কুলে গিয়ে নিয়ম অনুযায়ী ফর্মফিলাপ করেন লিপি। কিন্তু কিছু দিন আগে যখন অ্যাডমিট কার্ড দেওয়া হলো। প্রত্যেকে পেলেও লিপি অ্যাডমিট কার্ড পায়নি। প্রধান শিক্ষকের কাছে জানতে গেলে প্রধান শিক্ষক বলেন লিপি না কি ফর্ম ফিলাপ করে নি। তারপর থেকেই চরম হতাশায় মানসিক অবসাদে ভুগছেন ওই পরীক্ষার্থী। তাঁর অভিযোগ মানসিক অবসাদে তিনি যদি আত্মহত্যা করেন তার দায় থাকবে প্রধান শিক্ষকের। ওই ছাত্রীর মা কাজল স্বর্ণকার সংশ্লিষ্ট স্কুলের মিড ডে মিলের রাঁধুনি। বাবা শিবু স্বর্ণকার, পেশায় দিনমজুর। অত্যন্ত কষ্ট করে লেখাপড়া করান মেয়েকে। জীবনের অন্যতম বড় পরীক্ষার আগে প্রধান শিক্ষকের গাফিলতিতে মেয়ের এই সমস্যায় ব্যাপক দুশ্চিন্তায় পরিবারের লোকেরাও। সমস্যা সমাধানের জন্য হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের বিডিও'র কাছে লিখিত অভিযোগ করেছেন তারা। আবেদন করেছেন জেলা শাসককেও। যদিও এই ঘটনায় ওই স্কুলের প্রধান শিক্ষক রাজা চৌধুরী কোন মন্তব্য করেন নি।

শান্তিনিকেতন আশ্রমিক সংঘ ওয়ার্ল্ড হেরিটেজ ট্যাগ ধরে রাখতে জেলা প্রশাসনকে চিঠি দিল

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ১০ ফেব্রুয়ারি ঃ শান্তিনিকেতন আশ্রমিক সংঘ ওয়ার্ল্ড হেরিটেজ ট্যাগ ধরে রাখতে চিঠি দিল জেলা প্রশাসনকে। ইতিপূর্বে সর্বেক্ষণ বিভাগের আশঙ্কার কথা উল্লেখ করে বিশ্বভারতী কর্তৃপক্ষ বার বার চিঠি দিয়ে রাস্তা নিয়ন্ত্রণের অনুরোধ জানিয়ে রাজ্যসরকারকে চিঠি দেয়। এদিনের চিঠিতে রাস্তা ফেরানোর দাবি নিয়ে কোনো উচ্চ বাচ্য না করলেও, ওয়ার্ল্ড হেরিটেজ ট্যাগ শেষ পর্যন্ত বিশ্বভারতী ধরে রাখতে পারবে কি না আশ্রমিক সংঘ বুঝতে পেরেছে। চিঠিতে তারা উল্লেখ করেছে, হেরিটেজ সাইট এলাকায় রাজ্য সড়কের মাথার উপর ক্লাব মোড়ে হাইট বার আছে। এই যুক্তি তারা আগেও দেখিয়েছিল। তবে এবার স্বীকার করেছে যে অনেক গাড়ি এটা না জেনে মানে না। তাই জেলা প্রশাসনকে হেরিটেজ সাইটে নোটিশ লাগিয়ে সতর্ক করতে বলেছে। যান নিয়ন্ত্রণ করার পাশাপাশি, কোনো কোনো জায়গাতে রুট ডাইভার্সন করতেও বলেছে। রাস্তায় যানজট, দূষণ বেড়ে চলেছে। এরমধ্যে পর্যটকের ভিড় আছে। যেখানে সেখানে দোকান, টোটো স্ট্যাণ্ড জায়গাকে ঘিঞ্জি করে তুলেছে, বলে দাবি করে আশ্রমিক সংঘ বিশ্বভারতী কর্তৃপক্ষের পূর্বের দাবিতেই কার্যত শীলমোহর দিল। ২০২০ সালে রাজ্য সরকারের কাছে এই আশ্রমিক সংঘ রাস্তা ফিরিয়ে নেওয়ার দাবি করে। এখন তারা রাস্তা ফিরিয়ে নেওয়ার দাবি না জানালেও, বিষয়টি জেলা প্রশাসনের নজরে এনে কিছুটা সাবধানতা অবলম্বন করতে চাইলো, বলে অনেকের ধারণা। এক্ষেত্রে যদি বিশ্বভারতীর ওয়ার্ল্ড হেরিটেজ ট্যাগ ফিরিয়ে নেওয়া হয়, তাহলে সেক্ষেত্রে কোন দোষ তাদের উপর বর্তাবে না। বীরভূম জেলাশাসককে ফোন করলে তিনি ফোন ধরেন নি।

নৈনিতালের ন্যান্সি কনভেন্ট স্কুলে দুঃস্থ ও মেধাবী শিক্ষার্থীদের স্কলারশিপের মাধ্যমে পড়বার সুযোগ

সজল দাশগুপ্ত, শিলিগুড়ি, ১০ ফেব্রুয়ারি ঃ আজ শিলিগুড়িতে নৈনিতাল ন্যান্সি কনভেন্ট স্কুলের প্রেস মিট অনুষ্ঠিত হলো। এদিন দুপুরে এই প্রেস মিট অনুষ্ঠিত হয়। এই স্কুলটি দীর্ঘ ৩০ বছর পুরোনো। নৈনিতালের বুকে গড়ে উঠা এই স্কুলটি বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছে। এদিন স্কুলের এক কর্ণধার সৈয়দ আহমেদ জানান, ক্লাস ওয়ান থেকে এই স্কুলে পড়াশোনা শুরু হয় ক্লাস টুয়েলভ পর্যন্ত রয়েছে। স্কুলটি সিবিএসসি বোর্ড পরিচালিত। তিনি আরো জানান এই স্কুলে ঘরোয়া পরিবেশে শিক্ষার্থীদের জন্য পরবার সুযোগ হয়েছে। শিক্ষার্থীদের পড়বার জন্য সবরকম সুযোগ-সুবিধা রয়েছে। উত্তরবঙ্গের অন্যতম শহর শিলিগুড়িতে তাদের একটি অফিস খোলা হবে অদূর ভবিষ্যতে। যাতে শিলিগুড়ি থেকে শিক্ষার্থীরা এই স্কুলে পড়বার সুযোগ সুবিধা পায়। তিনি আরো জানান দুঃস্থ কিন্তু মেধাবী শিক্ষার্থীদের স্কলারশিপ এর মাধ্যমে স্কুলে পড়বার সুযোগ রয়েছে।

একই বাড়ি থেকে উদ্ধার জোড়া মৃতদেহ, ঘটনায় চাঞ্চল্য এলাকায়

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ১০ ফেব্রুয়ারি ঃ রায়গঞ্জ পৌরসভার ১৩ নম্বর ওয়ার্ডের নিউ উকিলপাড়ায় একটি বাড়িতে জোড়া মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য। রায়গঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে পৌছে মৃতদেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ গভঃ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের মর্গে পাঠিয়েছে। খুনের ঘটনায় যুক্ত থাকার অভিযোগে পুলিশ সন্দেহজনকভাবে একজনকে আটক করেছে পুলিশ। ঘটনার তদন্তে অতিরিক্ত পুলিশ সুপার পৌঁছেছে। জানা গেছে, রায়গঞ্জ পৌর এলাকার ১৩ নম্বর ওয়ার্ডের নিউ উকিলপাড়ার পীরপুকুরের পাশে তপন দে একব্যাক্তি মেয়েকে নিয়ে বাড়িতে থাকতো। তার মেয়ে এবারে মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে। সকালে পরীক্ষা দিতে বাড়ি থেকে বেরিয়ে যায়। বাড়িতে তপনবাবু একাই ছিলেন। মেয়ে বাড়ি থেকে যাবার পরই তপন বাবুকে কেউ বা কারা এসে খুন করে। এ খবর ছড়িয়ে পড়তেই রায়গঞ্জ থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছায়। পুলিশ বাড়ি থেকে রক্তাক্ত অবস্থায় তপনবাবু ছাড়াও আরও একজনের মৃতদেহ উদ্ধার করে। তার পরিচয় এখনও জানা যায়। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ হাসপাতাল মর্গে পাঠিয়েছে। খবর পেয়ে রায়গঞ্জ পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার ডেনডুক শেরপা ঘটনাস্থলে পৌঁছান। অতিরিক্ত পুলিশ সুপার জানিয়েছেন, বাড়ির মালিক তপন দে ছাড়াও আরো একজনের মৃতদেহ উদ্ধার হয়েছে। দুস্কৃতিরা খুন করেছে। কি কারনে খুন তদন্ত করে দেখা হচ্ছে। এক জনকে সন্দেহজনক ভাবে আটক করা হয়েছে।

সামনে লোকসভা ভোট, জলপাইগুড়িতে রাতেও চলছে বিশেষ নাকা চেকিং

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১০ ফেব্রুয়ারি ঃ লোকসভা নির্বাচনের আগে কড়া নিরাপত্তার চাদরে শহর জলপাইগুড়ি। কোনধরনের শান্তির পরিবেশ নষ্ট যাতে না হয় তার দিকে এবার বিশেষ নজরদারি চালাচ্ছে জলপাইগুড়ি জেলা পুলিশ প্রশাসন। শুক্রবার রাতে জলপাইগুড়ি শহরের বিভিন্ন জায়গায় সাথে সাথে pwd মোড়ে দুচাকা ও চার চাকার গাড়ি থামিয়ে তল্লাশির পাশাপাশি সন্দেহভাজন জিনিস দেখলেই সাথে সাথে সেই জিনিস খতিয়ে দেখছেন জেলা পুলিশের কর্মকর্তারা। চেক করা হচ্ছে গাড়ির ভিতরে কিছু অবৈধ জিনিস পত্র রয়েছে কিনা তাও। জেলা পুলিশের উচ্চপদস্থ কর্মকর্তারা এই বিশেষ চেকিং খতিয়ে দেখছেন। পুলিশ সূত্রে খবর আগামী কয়েকদিন এই ধরনের বিশেষ অভিযান লাগাতার চালিয়ে যাবেন। ঘটনায় জলপাইগুড়ি জেলা পুলিশ সুপার উমেশ খান্ডবাহালে টেলিফোনে জানিয়েছেন লোকসভা ভোটের আগে আমরা জেলার মানুষের মধ্যে কনফিডেন্স বাড়াবার জন্য এই জাতীয় রুট মার্চ শুরু করেছি। এধরনের কর্মসূচি লাগাতার চলবে।

প্রাণিসম্পদ বিকাশ বিভাগের উদ্যোগে মুরগি বাচ্চা বিতরণ

দুরন্ত বার্তা, মালদা, ১০ ফেব্রুয়ারি ঃ পুরাতন মালদা ব্লকের প্রাণিসম্পদ বিকাশ বিভাগের উদ্যোগে মহিলাদের মুরগি বাচ্চা বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয় পুরাতন মালদা ব্লক দপ্তরে। শনিবার সকালে পুরাতন মালদা ব্লক দপ্তরের ব্লকের ছয়টি অঞ্চলের প্রায় ৭৫০ জন মহিলাকে দশটি করে ২৮ দিনের বয়সের মুরগি বাচ্চা বিতরণ করা হয়। মুরগির বাচ্চা বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুরাতন মালদা প্রাণিসম্পদ বিকাশ বিভাগের আধিকারিক ডক্টর দীপিকা মন্ডল। এছাড়া উপস্থিত ছিলেন পুরাতন মালদা পঞ্চায়েত সমিতির প্রাণিসম্পদ বিভাগের কর্মাধ্যক্ষ সাকিনা খাতুন বিবি মহাশয়া সহ অন্যান্য প্রাণী বন্ধুরা। এদিন প্রাণিসম্পদ বিকাশ বিভাগের আধিকারিক ডক্টর পাপিয়া মন্ডল নিজের হাতে বেনিফিশিয়ারি মহিলাদের হাতে মুরগির বাচ্চা বিতরণ করেন এবং তিনি জানান, আমাদের রাজ্য পুষ্টিগত দিক দিয়ে অনেক পিছিয়ে রয়েছে তাই এই মুরগি পুষে বাড়িতে ডিম এবং মাংসের মাধ্যমে পুষ্টির ঘাটতি পূরণ হবে। পাশাপাশি দুঃস্থ মহিলারা মুরগি পুষে সংসারে কিছু আর্থিক সহযোগিতা করতে পারবে তাই পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের উদ্যোগ নেওয়া হয়েছে।

সার্বিক বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. : এএমসি-এন-২০২৩-কে-88; তারিখ: ০৮-০২-২০২৪; **টেন্ডার নং.: এন-২০২৩-কে-88;** নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে; **কাজের নাম:** এক বছরের জন্য কাটিহার ডিভিশনের গঙ্গারামপুর স্টেশনে হিটাচির তৈরী ইলেকট্রনিক ইন্টারলকিং সিস্টেমের সার্বিক বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি। **টেন্ডার মূল্য:** ₹ ৫,৭২,২৩২.৯৮; **বায়না মূল্য:** ₹ ১১,৫০০/-; টেন্ডার **বন্ধের** তারিখ ও সময় **১১-০৩-২০২৪** তারিখে **১৫:০০** ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথির সাথে সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে **১১-০৩-২০২৪** তারিখ **১৫:০০** ঘন্টা পর্যন্ত পাওয়া যাবে।

ডিআরএম (এসএন্ডটি), কাটিহার

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

সরুপথার স্টেশনে বৈদ্যুতিক টিআরডি পরিবর্তনের কাজ

টেন্ডার বিজ্ঞপ্তি নং.ঃ টিআরডি-এলএমজি-২৯ অব ২০২৩-২৪, তারিখঃ ০৬-০২-২০২৪। নিম্নলিখিত কাজগুলির জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ **টেন্ডার নং.ঃ** ইএল-টিআরডি-এনএফআর-এসজেডআর-ওএইচই-এমওডি১১আর, **কাজের নামঃ** "অমৃত ভারত স্কিম"-এর অধীনে সরুপথার স্টেশনে তিন (০৩)টি লাইনের উপর নতুন এফওবি নির্মাণের সাথে সম্পর্কযুক্ত বৈদ্যুতিক টিআরডি পরিবর্তনের কাজ। টেন্ডার মূল্যঃ ৫৯,৩১,৯৭২.৭৫ টাকা; বায়নার ধনঃ ১,১৮,৬০০.০০ টাকা। **ই-টেন্ডার বন্ধ হবে** ০১-০৩-২০২৪ তারিখের ১৫.০০ ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহসম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

সিনি. ডিইই/টিআরডি অ্যান্ড জিএস/লামডিং

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

NIQ, Govt. of West Bengal

Quotation is here by invited by the Executive Engineer, Bidhannagar IT Division, PWD, Room No 115, 1st Floor DF Block Purta Bhavan Sector-I, Saltlake, Kolkata-700091 from eligible contractor for the following work: Name of Work: "Temporary IT infrastructural work at Singur monument in connection with virtual inauguration by VVIP from Arambag on 12.02.2024" SHORT NOTICE INVITING SPOT BID QUOTATION No: WBPWD/EE/BIT/NIQ-52 of 2023-24. Last date of submission of Quotation: 11.02.2024 up to 4:30PM . Corrigendum or Addendum if issued will be published only on the website. (https://www.pwdwb.in)

Sd/-
EE, Bidhannagar IT Division, PWD

Office of the Banupur-1 Gram Panchayat

Under Sankrail Dev. Block Sankrail, Howrah

TENDER NOTICE

Re-Tender
Banu-1/eNIT-07/5th SFC/2023-24,
Banu-1/eNIT-08/5th SFC/2023-24
New Tender
Banu-1/eNIT-09/SBM-G/2023-24
Banu-1/eNIT-10/SBM-G/2023-24
Banu-1/eNIT-11/SBM-G/2023-24
Banu-1/eNIT-12/SBM-G/2023-24
Banu-1/eNIT-13/PBG-SFC/2023-24
Banu-1/eNIT-14/15th/2023-24
Banu-1/eNIT-15/15th/2023-24
Banu-1/eNIT-16/15th/2023-24
Banu-1/eNIT-17/15th/2023-24

Publishing Date-10/02/2024 at 6.00 PM. Closing Date-21/02/2024 at 10.00 Am. Bid Opening Date-23/02/2024 at 10.00 Am.

Sd/- Pradhan
Banupur-1 Gram Panchayat

Office of the Raghabpur Gram Panchayat

Vill-Bongabari, Post-V.Nagar,
Purulia-II Panchayat Samity, Purulia

Notice inviting e-Tender No:- WBPUR/RGP/P-II/NIT(e)-08/2023-24 of the Pradhan, Raghabpur Gram Panchayat, having different works in the e tender portal as per given schedule. Date of uploading of N.I.T & other Documents (online) (publishing Date): 03.02.24. Documents download/sell start date (online) 03.02.24 from 11:00 AM. Documents download/ sell end date (online) 16.02.24 up to 11:00 AM. Bid submission start date (online) 03.02.24 from 11:00 AM. Bid submission closing (online) 17.02.24 up to 11:00 AM. Bid opening date for Technical Proposals 19.02.2024. For details please contact Gram Panchayat Office.

Sd/- Pradhan
Raghabpur Gram Panchayat
Purulia-II Panchayat Samity

OFFICE OF THE SHYAMPUR-II PANCHAYAT SAMITY
SASATI,HOWRAH,711312

Tender Ref No-WB/HOW/SHY-II/NIT-25/2023-24 Vide Memo No-182/Shy-II Dated-09.02.2024 On line e-Tender are Invited from Bona fide Contractor for this work. The details of Tender and Tender document will be made available on website https:// wbtenders .gov.in. The last date of tender submission -24.02.2024 at 10.30 AM.

SD/-
EXECUTIVE OFFICER
SHYAMPUR –II PANCHAYAT SAMITY
SASATI, HOWRAH, 711312

লামডিং মণ্ডলে পে' এণ্ড ইউজ টয়লেটের জন্যে ই-নিলাম

লামডিং মণ্ডলের লামডিং ষ্টেশনে ০৩ বৎসরের এক সময়সীমার জন্যে প্ল্যাটফর্ম -১ এ পে এণ্ড ইউজ টয়লেটের ঠিকার জন্যে ই-নিলাম। **রেট ইউনিটঃ** বার্ষিক অনুজ্ঞাপত্র প্রদানের শুল্ক। **ট্রিপস/দিনঃ** ১০৯৫।

অক্সন ক্যাটালগ সংখ্যা. পিএনইউ-এলএমজি-০২-২৪		
এসইকিউ সংখ্যা.	এলওটি সংখ্যা./শ্রেণী	বিবরণ
এএ/১	পিএনইউ-এলএমজি-এলএমজি-টিওআই-৫৩-২৪-১ (পে এণ্ড ইউজ টয়লেট)	উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের লামডিং মণ্ডলের অন্তর্গত লামডিং রেলওয়ে ষ্টেশনের প্ল্যাটফর্ম নং. ১ এর প্যানেল কক্ষের সমীপে দ্বিতীয় শ্রেণীর প্রতীক্ষা হল, উচ্চ শ্রেণীর প্রতীক্ষা হল এবং টয়লেট ব্লকে পে'এণ্ড ইউজ টয়লেটের ঠিকার জন্যে পরিচালন এবং রক্ষণাবেক্ষণের কাজ

নিলাম প্রারম্ভ হওয়ার তারিখ এবং সময়ঃ ২২-০২-২০২৪ তারিখে **১১.০০** ঘন্টায়। **নিলাম বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ** ২২-০২-২০২৪ তারিখে **১১.৩০** ঘন্টায়। প্রত্যাশিত ডাককর্তাগণকে আইআরইপিএস ওয়েবসাইট **www.ireps.gov.in** এ ই-নিলাম লীজিং মোডিউল অবলোকন করার জন্য অনুরোধ করা হল।

মণ্ডল রেলওয়ে প্রবন্ধক (সি), লামডিং

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

RDB RASAYANS LIMITED

CIN-L36999WB1995PLC074860
Regd. Office : Bikaner Building, 8/1, Lal Bazar Street, R.No- 09 Kolkata-700001,
Ph No- (033) 44500500, Fax No. 91-33-2242 0588
E-mail : info@rdbindia.com, Website: www.rdbgroup.in

ত্রৈমাসিকের জন্য অনিরীক্ষিত আর্থিক ফলাফলের নির্যাস এবং নয় মাস শেষ হয়েছে ৩১ ডিসেম্বর, ২০২৩

(লক্ষ টাকায়)

ক্রম নং	বিবরণ	৩ মাস শেষে ৩১.১২.২৩ অনিরীক্ষিত	৯ মাস শেষে ৩১.১২.২৩ অনিরীক্ষিত	সমতুল্য ৩ মাস শেষে ৩১.১২.২৩ অনিরীক্ষিত	বর্ষ শেষে ৩১.০৩.২৩ পরীক্ষিত
১।	মোট কারবার থেকে আয় (নিট)	৩,০২৪.১২	৮,৯২৯.৪০	২,৭৯৩.৭৪	১২,৪১৩.৪৮
২।	নিট লাভ / (ক্ষতি) সময়ের জন্য(করের আগে, ব্যতিক্রমী এবংঅথবা অসাধারণ আইটেম)	৮৭৩.২৬	২,৪৫৮.৫০	৭৮০.০৪	৩,২৭২.৩৪
৩।	নিট লাভ / (ক্ষতি) সময়ের জন্যট্যাক্সের আগে (অসাধারণ এবং / অথবা অসাধারণ আইটেমগুলির পরে)	৮৭৩.২৬	২,৪৫৮.৫০	৭৮০.০৪	৩,২৭২.৩৪
৪।	সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) ট্যাক্সের পরে (অসাধারণ পরে এবং / অথবা অসাধারণ আইটেম)	৬৫৮.২৯	১,৮৪৪.২৬	৫৭৫.৬৩	২,৪৩৬.৯৪
৫।	মোট বিস্তৃত আয় / (ক্ষতি) সময়ের জন্য লাভ / (ক্ষতি) সমন্বিত সময়ের জন্য (কর পরে) এবং অন্যান্য ব্যাপক আয়(করের পরে)	৬৫৮.২৯	১,৮৪৪.২৬	৫৭৫.৬৩	২,৪৩৫.৬৪
৬।	ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটির অভিহিত মূল্য ১০/- টাকা)	১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮
৭।	রিজার্ভ (আগের বছরের ব্যালেন্স শীটে দেখানো পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত)	-	-	-	১৪,৪৬১.৭৪
৮।	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকা)				
	মূল	৩.৭২	১০.৪১	৩.২৫	১৩.৭৬
	মিশ্র	৩.৭২	১০.৪১	৩.২৫	১৩.৭৬

দ্রষ্টব্য ঃ

১। উপরের ত্রৈমাসিক / বার্ষিক বিস্তারিত বিন্যাসের একটি নির্যাস সেবি(তালিকাকরণ এবং অন্যান্য প্রকাশের প্রয়োজনীয়তা) রেগুলেশন, ২০১৫ এর রেগুলেশন ৩৩ এর অধীনে স্টক এক্সচেঞ্জে দায়ের করা আর্থিক ফলাফল। ত্রৈমাসিক / বার্ষিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট বিএসই লিমিটেডের ওয়েবসাইটে www.bseindia.com এবং এ পাওয়া যায়। কোম্পানির ওয়েবসাইট www.rdbgroup.in-এ

২। উপরোক্ত অনিরীক্ষিত ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ১০ ফেব্রুয়ারী, ২০২৪-এ অনুষ্ঠিত তাদের সভায় পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত হয়েছে।

আরডিবি রাসায়ন্স লিমিটেডের পক্ষে,
স্বা /-
সন্দীপ বেইদ
সর্বক্ষণের পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা
DIN: 00557018

স্থানঃ কলকাতা
তারিখ ঃ১০.০২.২০২৪

EXIM FINANCE LIMITED

CIN : L65999WB1993PLC060888
Regd Office : 1,Grahams Road, Near Indrapuri Studio, Tollygunge LP, Kolkota-700040 **Email :** info@eximfinance.in ,

STATEMENT OF UNAUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED DECEMBER 31,2023

(Rs. in Crores)

I No	Particulars	Quarter ended 31.12.2023 Unaudited	Quarter ended 30.09.2023 Unaudited	Quarter ended 31.12.2022 Unaudited	Year ended 31.03.2023 Audited
1	**Income from Operations**				
	a) Net Sales/ Income from Operations (Net of excise duty)	-	-	-	-
	b) Other Operating Income	-	-	-	-
	Total Income from Operations(net)	-	-	-	-
2	**Expenses**				
	a)Cost of materials consumed	-	-	-	-
	b) Purchase of stock-in-trade	-	-	-	-
	"Changes in inventories of finished goods, c)work-in progress and stock in trade	-	-	-	-
	d)Employee expenses & benefits	0.00	0.00	0.00	0.02
	e)Depreciation and amortisation expense	-	-	-	
	f)Other expenses	0.02	0.02	0.01	0.14
	Total Expenses	**0.03**	**0.02**	**0.01**	**0.16**
3	**Profit/(Loss)from operations before other income, Finance costs and Exceptional items (1-2)**	**-0.03**	**-0.02**	**-0.01**	**-0.16**
4	Other Income	-	-	-	-
5	**Profit /Loss from ordinary activities before finance costs and exceptional items(3+4)**	**-0.03**	**-0.02**	**-0.01**	**-0.16**
6	Finance Costs		-	-	-
7	**Profit/ Loss from ordinary activities after finance costs but before exceptional items(5-6)**	**-0.03**	**-0.02**	**-0.01**	**-0.16**
8	Exceptional items	-	-	-	-
9	**Profit/ Loss from ordinary activities before tax (7-8)**	**-0.03**	**-0.02**	**-0.01**	**-0.16**
10	**Tax Expense**		-	-	-
11	**Net profit/ Loss from Ordinary activities after Tax (9-10)**	**-0.03**	**-0.02**	**-0.01**	**-0.16**
12	Extraordinary item (net of tax expense)	-	-	-	-
13	**Net profit/ Loss for the period (11-12)**	**-0.03**	**-0.02**	**-0.01**	**-0.16**
14	Paid up Equity share Capital (Face Value Rs. 10/- per share)	3.10	3.10	3.10	3.10
15	Reserve excluding Revalution Reserves as per balance sheet of previous accounting year	1.03	1.03	1.29	1.03
16	**Earning per share (before extraordinary items)**	-0.09	-0.07	-0.03	-0.50
17	**Earning per share (after extraordinary items)**	-0.09	-0.07	-0.03	-0.50

Notes:
1 The Standalone un-audited financial results of the Company for the quarter ended 31st Dec, 2023 have been reviewed and recommend by the Audit Committee and approved by the Board of Directors of the Company in their respective meetings held on 10th Feb, 2024. The Statutory Auditors of the Company have carried out Limited Review of these results and the results are being published in accordance with Regulations 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.
2 The Company has not been carrying any operations since 2007-08 .
3 Prior period figures have been rearranged/ regrouped, whenever necessary.

Exim Finance Limited
Sd/-
Giriraj Ladha
Director
DIN-00342200

Place : Kolkata
Dated : 10.04.2023

চ্যাম্পিয়ন কমার্শিয়াল কোম্পানি লিমিটেড

পি-১৫, নিউ সিআইটি রোড, কলকাতা - ৭০০০৭
ওয়েবঃ www.championcommercial.in ইমেলঃ mumbai@singhaniagroup.com., টেলিফোন +৯১ ৩৩ ২২৩৭২১৯০
CIN : L51909WB1982PLC034891

৩১ ডিসেম্বর, ২০২৩-এ শেষ হওয়া ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতির নির্যাস

ক্রম নং	বিবরণ	৩ মাস শেষে			৯ মাস শেষে		বর্ষ শেষে
		৩১.১২.২৩ অনিরীক্ষিত	৩০.০৯.২৩ অনিরীক্ষিত	৩১.১২.২৩ অনিরীক্ষিত	৩১.১২.২৩ অনিরীক্ষিত	৩১.১২.২২ অনিরীক্ষিত	৩১.০৩.২৩ পরীক্ষিত
১	অপারেশন থেকে মোট আয়	৩,১৮১.৪২	৫,০২৭.১৮	৫,১২২.৬৫	১৪,৪৯৭.৮৪	১৬,৭৭১.৫৬	২৩,৪২৯.৭৪
২	সময়ের জন্য নিট লাভ (করের আগে, ব্যতিক্রমী এবং অথবা / অসাধারণ আইটেম)	(৪৫.৭৪)	৭৩.৬৭	১৩৬.৪৯	২০৭২১	৫৯৭.০৯	৭০৬.৬৭
৩	করের পূর্ববর্তী সময়ের জন্য নিট লাভ (অসাধারণ এবং অথবা / অসাধারণ আইটেমগুলির পরে)	(৪৫.৭৪)	৭৩.৬৭	১৩৬.৪৯	২০৭২১	৫৯৭.০৯	৭০৬.৬৭
৪	করের পরে সময়ের জন্য নিট লাভ (অসাধারণ এবং অথবা / অসাধারণ আইটেমগুলির পরে)	(৩১.৪১)	৫৪.২৬	১০০.৭৩	১৫৫.৫২	৪৩৯.৯৭	৫১০.৬০
৫	সময়ের জন্য মোট ব্যাপক আয় [সময়কালের জন্য মুনাফা সমন্বিত (কর পরে)এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরে)]	৪৯৭.০২	৪৩১.২৭	২১২.২৬	১,৬০৬.৫৯	৭২১.৯৪	৫০৭২৫
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	২০.০০	২০.০০	২০.০০	২০.০০	২০.০০	২০.০০
৭	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০ /- টাকা) (মূল এবং মিশ্র অপারেশনের জন্য)	(১৫.৭০)	২৭.১৩	৫০.৩৭	৭৭.৭৬	২১৯.৯৮	২৫৫.৩০

বিঃদ্রঃ উপরোক্ত ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা ও সুপারিশ করা হয়েছে এবং পরিচালনা পর্ষদ তাদের সভায় অনুমোদন করেছে ১০ ফেব্রুয়ারি, ২০২৪-এ অনুষ্ঠিত। ৩১ ডিসেম্বর, ২০২৩-এ শেষ হওয়া ত্রৈমাসিক এবং অর্ধ বছরের জন্য উপরের ফলাফল বাইট সংবিধিবদ্ধ পর্যালোচনা করা হয়েছে SEBI (লিস্টিং বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) রেগুলেশন, ২০১৫ এর রেগুলেশন ৩৩ এর শর্তে কোম্পানির অডিটর।

পরিচালনা পর্ষদের পক্ষ থেকে
স্বা /- গৌরব সিঙ্গানিয়া
ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও
DIN - 01186568

স্থানঃ মুম্বাই
তারিখঃ ১০.০২.২০২৪

TIRRIHANNAH COMPANY LIMITED

CIN No : L6599WB1908PLC1838
Regd. Office : 5, Kiran Shankar Roy Road, Kolkata-700 001
Tel: (+91-033) 22487093 Email ID:tirrihanna.co @gmail.com

EXTRACT OF STATEMENT OF STANDALONE UNAUDITED FINANCIAL RESULT FOR THE QUARTER AND NINE MONTH ENDED DECEMBER 31, 2023

(RS IN RUPEES)

Sl. No	Particulars	Quarter Ended			Nine Months Ended		Year Ended
		31.12.2023 (Unaudited)	30.09.2023 (Unaudited)	30.09.2022 (Unaudited)	31.12.2023 (Unaudited)	31.12.2022 (Unaudited)	31.03.2023 (Audited)
1	Total income from operations (net)	41,034,914.28	47,988,753.54	83,606,664.88	115,879,389.03	164,272,853.39	209,283,096.23
2	Net Profit/ (Loss) for the quarter/year (before Tax, Exceptional and/or Extraordinary Items)	9,836,792.62	15,152,374.81	21,347,720.31	13,218,930.54	9,052,929.77	6,517,487.31
3	Net Profit/(Loss) for the quarter/year before tax (after Exceptional and/or Extraordinary Items)	9,836,792.62	15,152,374.81	21,347,720.31	13,218,930.54	9,052,929.77	6,517,487.31
4	Net Profit/(Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary Items)	9,836,792.62	15,152,374.81	21,347,720.31	13,218,930.54	9,052,929.77	6,517,487.31
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	9,836,792.62	15,152,374.81	21,347,720.31	13,218,930.54	9,052,929.77	6,517,487.31
6	Equity Share Capital	31,868,750.00	31,868,750.00	31,868,750.00	31,868,750.00	31,868,750.00	31,868,750.00
7	Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year						
8	Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) -						
	Basic :	3.09	4.75	6.70	4.15	2.84	2.05
	Diluted :	3.09	4.75	6.70	4.15	2.84	2.05

Notes:
a) The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the websites www.tirrihannah.co.in and https://www.cse-india.com/.

For and on behalf of the Board of Directors
UMESH KANKANI
Whole Time Director
(DIN - 00652561)

Place : Kolkata
Dated : 09.02.2024

মোদীর অ্যাক্ট-ইস্ট পলিসির কল্যাণে ত্রিপুরা সহ সমগ্র উত্তরপূর্বে অভূতপূর্ব উন্নতি হয়েছেঃ মুখ্যমন্ত্রী

আমবাসা (ত্রিপুরা), ১০ ফেব্রুয়ারিঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অ্যাক্ট-ইস্ট পলিসির কল্যাণে আজ ত্রিপুরা সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের অভূতপূর্ব উন্নতি হয়েছে। এরই অঙ্গ হিসেবে পিছিয়ে পড়া ধলাই জেলায় জাতি-জনজাতি সম্প্রদায়ের মানুষের উল্লেখযোগ্য উন্নয়ন হয়েছে। শনিবার ধলাই জেলার আমবাসা পুর পরিষদের নবনির্মিত দ্বিতল ভবনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা এ কথা বলেন। মুখ্যমন্ত্রী আরও বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বহুমুখী জনকল্যাণকর প্রকল্পের সফল বাস্তবায়নে বর্তমান সরকার রাজ্যের মানুষের আস্থা অর্জনে সক্ষম হয়েছে। শিক্ষা থেকে স্বাস্থ্য সব বিষয়ে রাজ্যে উন্নয়নের যে চিত্র ফুটে উঠেছে তার ফলে রাজ্যবাসীর মধ্যে ফিল গুড পরিবেশ তৈরি হয়েছে। রাজ্যে উন্নয়ন কর্মসূচি রূপায়ণ ও সুবিধাভোগী নির্বাচনে রাজনৈতিক রঙ দেখা হয় না। তিনি জানান, সমগ্র ধলাই জেলায় প্রধানমন্ত্রী আবাস যোজনায় ৫৪,৬৪০টি আবাসের অনুমোদন দেওয়া হয়েছে। ইতিমধ্যে ৮৮ শতাংশ আবাসের নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে, যা একটি উল্লেখযোগ্য সাফল্য। মুখ্যমন্ত্রী বলেন, ধলাই জেলায় ৭০ শতাংশ বাড়িতে পরিস্রুত পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। মহিলা স্বসহায়ক দল গঠনের মধ্য দিয়ে মহিলাদের ক্ষমতায়নের পাশাপাশি গ্রামীণ অর্থনীতিতেও পরিবর্তন আসছে। ডা. মানিক সাহা বলেন, সরকার স্বচ্ছতার সঙ্গে কাজ করছে। স্বচ্ছতার নিরীখে এসেছে গ্রহণযোগ্যতা। যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে রাজ্যে রেল পরিষেবার অভূতপূর্ব অগ্রগতি এবং নতুন জাতীয় সড়কের নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার তথা প্রধানমন্ত্রীর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন মুখ্যমন্ত্রী। প্রসঙ্গত, নবনির্মিত ভবনের উদ্বোধন উপলক্ষ্যে আমবাসা টাউন হল-এ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকার, আমবাসা বিএসি-র চেয়ারম্যান পরিমল দেববর্মা, ধলাইয়ের জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, ধলাই জেলার এসপি অভিনাশ রাই। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমবাসা পুর পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন গোপাল সূত্রধর।

গ্রামীন প্রথমিক স্বাস্থ্য কেন্দ্র এখন নেশার আঁতুর ঘর

দুরন্ত বার্তা, হুগলি, ১০ ফেব্রুয়ারিঃ গ্রামীন স্বাস্থ্য পরিকাঠামো উন্নত করতে হুগলির ধনিয়াখালীর ভান্ডারহাটি গ্রামে ১৯৫৩ সালে প্রতিষ্ঠিত হয়েছিল গ্রামীন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র।প্রথমে দশটি শয্যা বিশিষ্ট এই স্বাস্থ্য কেন্দ্র থেকে পরিষেবা পেতেন প্রায় চল্লিশ থেকে পঞ্চাশটি গ্রামের মানুষ।পরবর্তী কালে শয্যা বাড়িয়ে গ্রামীন প্রাথীমক স্বাস্থ্য কেন্দ্রের রূপ পায়।শুরু থেকেই এই গ্রামীন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসা পরিষেবার সুনাম ছড়িয়ে পড়েছিল জেলা জুড়ে।তৎকালীন সময়ে এই গ্রামীন প্রথমিক স্বাস্থ্য কেন্দ্রে প্রধান নার্স হিসাবে কর্মরত ছিলেন প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের শ্বাশুড়ী মাতা মিরা ঘোষ।প্রাক্তন রাষ্ট্রপতি মাঝে মধ্যেই এখানে এসে থাকতেন। বছর কুড়ি আগে অজানা কারণে বন্ধ হয়ে যায় এই স্বাস্থ্য কেন্দ্রের পরিষেবা।

এলাকার মানুষ এই স্বাস্থ্য কেন্দ্রটি চালু করার দাবিতে বার বার প্রশাসনের দ্বারস্থ হয়েও বিফল হয়েছেন।তবে ভোট এলেই স্বাস্থ্য কেন্দ্রে টি আবার চালু হওয়ার আশা জাগে এলাকার মানুষের মধ্যে কারণ ভোট এলেই নেতা মন্ত্রীদের তরফ থেকে মেলে প্রতিশ্রুতি। বর্তমানে এই স্বাস্থ্য কেন্দ্রে বেহাল অবস্থায় পরে আছে।দেখলে বোঝাই যাবে কোনো এক সময়ে এটি একটি স্বাস্থ্য পরিষেবা কেন্দ্র ছিল।পাঁচ সাতটি ঘরের একটিতেও নেই কোনো জানালা বা দরজা সবই চুরি হয়ে গেছে বলে অভিযোগ স্থানীয়দের। অন্যদিকে রক্ষণাবেক্ষণ অভাবে ভেঙে পড়ছে দেওয়াল,খসে পড়ছে ছাদের চাঙ্গর।অন্যদিকে যত্রতত্র পরে রয়েছে মদের বোতল।গ্রামবাসীদের অভিযোগ অন্ধকার নামলেই স্বাস্থ্য কেন্দ্রে হয়ে ওঠে নেশার আঁতুর ঘর পাশপাশি অসামাজিক কাজ কর্ম ও হয় বলে অভিযোগ স্থানীয়দের।তবে ভয়ে কেউ প্রতিবাদ করতে পারেন না বলেই দাবি তাদের।গ্রামবাসীদের দাবি একটা সময় হাতের সামনেই পেয়ে যেতেন যাবতীয় চিকিৎসা পরিষেবা।এই স্বাস্থ্য কেন্দ্রের পরিষেবার মান এতটাই উন্নত ছিল যে শুধু ভান্ডারহাটি নয় প্রায় চল্লিশ থেকে পঞ্চাশটি গ্রামের মানুষ চিকিৎসা পরিষেবা নিতে আসতেন।গ্রাম বাসীদের আরো দাবি বর্তমানে শারীরিক অসুস্থতা নিয়ে অনেক দূরে চিকিৎসা পরিষেবা নিতে যেতে হয় তাদের এতে করে একদিকে যেমন অনেকটা সময় ব্যয় হয় অন্যদিকে খরচ ও বেশি হয় তাই আবার আগের মত করে ফিরিয়ে দেওয়া হোক তাদের গ্রামের স্বাস্থ্য কেন্দ্রটি। যদিও এবিষয়ে হুগলি জেলা পরিষদের স্বাস্থ্য কর্মাধ্যক্ষ দেবী প্রসাদ রক্ষিত জানান সাড়ে চার কিমি মধ্যে ধনিয়খালী গ্রামীন হাসপাতাল থাকার কারণে স্বাস্থ্য পরিষেবা বন্ধ হয়েছে তবে পরিষেবা প্রদানের জন্য এক জন চিকিৎসক ও একজন স্বাস্থ্য কর্মী নিযুক্ত আছেন।স্বাস্থ্য কেন্দ্রের ভগ্ন দশা এবং নেশার ঠেকে পরিণত হওয়া প্রসঙ্গে বলেন বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।

গোলপার্ক থেকে হাজরা পর্যন্ত তৃণমূল মহিলা কংগ্রেসের মিছিল

কলকাতা, ১০ ফেব্রুয়ারিঃ রাজ্য বাজেটের জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-কে ধন্যবাদ জানিয়ে মিছিল করে মহিলা তৃণমূল কংগ্রেস। গোলপার্ক থেকে শুরু হয় মিছিল। শেষ হয় হাজরার সংযোগস্থলে।

তৃণমূল প্রার্থীদের ভোট প্রচারের হাতিয়ার লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্প। মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্পকে তুলে ধরেই লোকসভা নির্বাচনে ভোট চাইবেন রাজ্যের তৃণমূল প্রার্থীরা। শনিবার গোলপার্ক থেকে হাজরা মোড় পর্যন্ত লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পের সাফল্য ও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানাতে তৃণমূল মহিলা কংগ্রেসের তরফে মিছিল করা হয়। এই মিছিলের নেতৃত্বে ছিলেন মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য সহ মহিলা তৃণমূলের নেতৃত্ব।

এলাকার তৃণমূল নেতাকর্মী ও সমর্থকদের দাবি, লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পের অনুদান প্রত্যেক বাড়ির মহিলারা পাচ্ছেন। এছাড়াও তৃণমূল সরকারের নেতৃত্বে প্রভূত উন্নয়ন হয়েছে এলাকার। তাই তাঁদের বিরোধীরা ভয় পাচ্ছে। সেই লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পের সাফল্যের কথা তুলে ধরতেই শনিবার হয় এই মিছিল।

সিফরীর উদ্দ্যোগে মুর্শিদাবাদের গঙ্গা নদীর পরিচ্ছন্ন জলে বাড়ছে মাছের সংখ্যা

দুরন্ত বার্তা, ফরাক্কা, ১০ ফেব্রুয়ারিঃ সিফরীর উদ্দ্যোগে গঙ্গা নদীর পরিচ্ছন্ন জলে বাড়ছে মাছের সংখ্যা গঙ্গা নদীর জলের স্বচ্ছতা বৃদ্ধি এবং নদীতে মাছের সংখ্যা বাড়ানোর জন্য শনিবার মুর্শিদাবাদের ফরাক্কা ব্লকের গান্ধীঘাট সংলগ্ন হিলসা রেঞ্চিং স্টেশনে তৃতীয় পর্যায়ের কাজের উদ্বোধন করলেন কেন্দ্রের জলশক্তি মন্ত্রণালয়ের অধীন জাতীয় স্বচ্ছ গঙ্গা মিশনের ডিরেক্টর জেনারেল জি অশোক কুমার। শনিবার সকালে জি অশোক কুমার প্রথমে গঙ্গা পুজোয় অংশগ্রহণ করেন। এরপর তিনি ফরাক্কা এনটিপিসি, ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ জঙ্গিপুর এসডিও সহ একাধিক শীর্ষ আধিকারিকদের সঙ্গে একটি বৈঠক করেন। জি অশোক কুমার বলেন,প্রধানমন্ত্রীর উদ্যোগে নামামি গঙ্গে প্রকল্প চালু হওয়ার পর উল্লেখযোগ্যভাবে গঙ্গা দূষণ কমেছে। গঙ্গা নদীর দূষণ কমানোর জন্য গত আট বছরে কেন্দ্র সরকার এই প্রকল্পে প্রায় ৪০ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে। কেন্দ্র সরকার এবং রাজ্য সরকারগুলোর যৌথ প্রয়াসের ফলে গঙ্গার মূলধারা এখন প্রায় পরিষ্কার হয়ে গেছে। এখন গঙ্গা নদীর শাখা নদীগুলো পরিষ্কার হচ্ছে। তিনি আরও বলেন, জাতীয় স্বচ্ছ গঙ্গা মিশন প্রকল্পের অধীনে ২০১৭ সাল থেকে গঙ্গা নদীতে নতুন করে মাছ ছাড়ার কাজ শুরু হলেও গত দু-তিন বছরে এই কাজ অনেক গতি পেয়েছে।

এই প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে প্রায় ৩০ কোটি টাকা ব্যয়ে গঙ্গা নদীতে ১ কোটি মাছ ছাড়া হয়েছিল। তার মধ্যে এক লক্ষ ইলিশ মাছও ছিল।জি অশোক কুমার বলেন, গঙ্গা নদীর জলের গুণমান যে বৃদ্ধি

পাচ্ছে তার প্রমাণ এই নদীতে ডলফিনের সংখ্যা ২০০০ থেকে বেড়ে ৫ হাজার হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার কাছ থেকে আমরা এক্ষেত্রে যথেষ্ট সহযোগিতা পেয়েছি। বারাকপুরের কেন্দ্রীয় মৎস্য গবেষণা সংস্থা সিফরী র মাধ্যমে ডলফিন সংরক্ষণের নিরন্তর প্রয়াস চলছে কেন্দ্রের অধিকর্তা বসন্ত কুমার দাস এর নেতৃত্বে যা প্রশংসার দাবি রাখে শনিবার ফরাক্কার গঙ্গা নদীতে এই প্রকল্পের অধীনে ইলিশ, ট্যাংরা, পাপদা পুঁটি সহ প্রায় দুলক্ষ মাছ ছাড়া হয়।

ত্রিপুরায় এসে গুরুতর অসুস্থ মিজোরাম থেকে আগত ব্রু ব্যাপটিস্ট চার্চ অ্যাসেম্বলির যুবতী সদস্য

গণ্ডাছড়া (ত্রিপুরা), ১০ ফেব্রুয়ারিঃ মিজোরাম থেকে ত্রিপুরার ধলাই জেলার গণ্ডাছড়া মহকুমায় একটি অনুষ্ঠানে যোগ দিতে আগত ব্রু ব্যাপটিস্ট চার্চ (বিবিসি) অ্যাসেম্বলির জনৈক সদস্য হঠাৎ সংজ্ঞা হারিয়ে গুরুতর অসুস্থ হয়ে পড়েছেন। এ ঘটনায় সহকর্মীদের মধ্যে তুমুল আতঙ্কের সৃষ্টি হয়। সঙ্গে সঙ্গে অসুস্থ রোগিণীকে নিয়ে যাওয়া হয় গণ্ডাছড়া মহকুমা হাসপাতালে। প্রাথমিক চিকিৎসার পর ডাক্তারের আশ্বাস পেয়ে স্বস্তির নিশ্বাস আসে সকলের মধ্যে। ঘটনার বিবরণে জানা গিয়েছে, মিজোরাম থেকে ব্রু ব্যাপটিস্ট চার্চ অ্যাসেম্বলি থেকে প্রায় ২৫ জনের এক দল ধলাই জেলার গণ্ডাছড়া মহকুমার একটি চার্চে ধর্মীয় অনুষ্ঠানে যোগ দিতে শুক্রবার রাতে পৌঁছে। আজ শনিবার সকালে তাদের মধ্যে চূড়া রিয়াং নামের এক যুবতী শারীরিক অসুস্থতার কথা বলেই মুহূর্তের মধ্যে অজ্ঞান হয়ে পড়েন। সঙ্গে সঙ্গে চূড়া রিয়াংকে নিয়ে যাওয়া হয় গণ্ডাছড়া মহকুমা হাসপাতালে। চিকিৎসক চিরঞ্জিত দাস শুরু করেন চিকিৎসা। প্রায় তিন ঘণ্টার চেষ্টার পর চিকিৎসক চিরঞ্জিত দাস চূড়া রিয়াঙের জ্ঞান ফিরে এসেছে বলে জানান। এতে অন্যান্যদের মধ্যে স্বস্তি ফিরে আসে। জানা গিয়েছে প্রায় সাড়ে তিন ঘণ্টা পর চূড়া রিয়াংকে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দিয়ে সঙ্গীরা তাঁকে নিয়ে যান।

খোয়াই শহরে ২২ গ্রাম হেরোইন সহ গ্রেফতার দুই নেশা কারবারি

খোয়াই (ত্রিপুরা), ১০ ফেব্রুয়ারি ঃ ত্রিপুরার খোয়াই শহরের প্রাণকেন্দ্রে হেরোইন সহ দুই যুবককে আটক করা হয়েছে। ধৃতদের বিষ্ণু দেবনাথ এবং তুফান দেববর্মা বলে পরিচয় পাওয়া গেছে। ঘটনাটি ঘটেছে খোয়াই শহরের নৃপেন চক্রবর্তী অ্যাভিনিউ এলাকায়। তারা নেশা কারবারের সাথে যুক্ত বলে পুলিশ জানিয়েছে।

খোয়াই থানার ওসি রঞ্জিত সরকার জানিয়েছেন, পুলিশের কাছে গোপন সূত্রে খবর ছিল, ওই এলাকায় কিছু নেশা করবারি সক্রিয় রয়েছে। সেই মোতাবেক গত কয়দিন ধরে সেখানে পুলিশ নজরদারি চালিয়ে যাচ্ছিল। সে অনুযায়ী শনিবার দুপুরে দুই যুবককে পুলিশের সন্দেহ হয়। তাদের আটক করে জিজ্ঞাসাবাদ করা হয়। তাদের কথাবার্তায় অসংলগ্নতা পেয়ে পুলিশ তাদের তালাশি চালায়। তালাশিতে ২২ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। তার পর পুলিশ ওই দুই যুবককে থানায় নিয়ে যায়। সেখানে নিয়ে গিয়ে তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট ধারায় মামলা রুজু করা হয়।

পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ করে আরও বেশ কয়েকজন নেশা কারবারির নামধাম জানতে পেরেছে। তাদেরকেও ধরার জন্য পুলিশ তথ্য তালাশি অভিযান চালিয়েছে বলে জানা গেছে। প্রসঙ্গত, খোয়াইয়ের অলিগলিতে নেশা কারবারিদের দৌরাত্ম্য।

ধবংসের পথে যাচ্ছে যুব সমাজ। অভিভাবকরা ওই সব নেশা কারবারিদের দৌরাত্ম্যে রীতিমতো আতঙ্কে রয়েছেন।

মাধ্যমিক পরীক্ষার্থী দের গোলাপ এবং কমলালেবু প্রদান

দুরন্ত বার্তা, নববারাকপুর, ১০ ফেব্রুয়ারিঃ জীবনের প্রথম পরীক্ষা মাধ্যমিকের শেষ দিনে শনিবার পরীক্ষার্থীদের একটি গোলাপ ফুল ও কমলালেবু দিয়ে তাদের শুভেচ্ছা বিনিময় ও উৎসাহিত করলেন নববারাকপুর পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের পুর প্রতিনিধি সুদীপ ঘোষ।শনিবার পরীক্ষার শেষ দিনে মাসুন্দা উচ্চ বালিকা বিদ্যালয়ে ১৮৪ জন কলোনী উচ্চ বালিকা বিদ্যালয়ের পরীক্ষার্থীদের হাতে একটি গোলাপ ফুল ও কমলালেবু প্রদান করেন পুর প্রতিনিধি সহ ওয়ার্ডের সদস্যরা ।পুর প্রতিনিধি সুদীপ ঘোষ জানান কলোনী গার্লস হাইস্কুল একটি নামকরা বিদ্যালয়ের পরীক্ষার্থীদের উৎসাহ প্রদানে তাদের শুভেচ্ছা বিনিময় এবং প্রীতি গোলাপ ফুল ও একটি করে কমলালেবু তুলে দেওয়া হল। তাদের আগামীর উজ্জ্বল ভবিষ্যত কামনা করে তাদের উৎসাহিত করা হল। পরীক্ষার্থীদের কথা ভেবে তাদের সুবিধার্থে এলাকায় স্যানিটাইজের পাশাপাশি অভিভাবক দের বসবার সুব্যবস্থাও করে দেওয়া হয়েছে।

গণ বিবাহ অনুষ্ঠানের মধ্য দিয়ে সাংসারিক জীবনে পদার্পন করলেন ২১০ জন যুবক যুবতী

দুরন্ত বার্তা, হুগলি, ১০ ফেব্রুয়ারিঃ গণ বিবাহ অনুষ্ঠানের মধ্য দিয়ে সাংসারিক জীবনে পদার্পন করলেন ২১০ জন যুবক যুবতী। ধর্ম বর্ণ নির্বিশেষে এই গণ বিবাহের আয়োজন করা হয় হুগলির হরিপালের নন্দকুঠি এলাকায়।একটি স্বেচ্চাসেবী সংস্থার উদ্দ্যোগে গত ত্রিশ বছর ধরে এই গণ বিবাহ আয়োজিত হয়ে আসছে।এদিন হিন্দু, মুসলিম, আদিবাসী সম্প্রদায়ের ১০৫ জোড়া যুবক যুবতী সাংসারিক জীবনে প্রবেশ করেন এই গণ বিবাহ অনুষ্ঠানের মধ্য দিয়ে।

গণ বিবাহ অনুষ্ঠানেও ধরা পড়লো সম্প্রীতির মেল বন্ধন।উদ্যোক্তাদের দাবি মূলত দুস্থ কন্যাদায়গ্রস্থ পরিবারের পাশে দাঁড়াতে প্রতি বছর এই গন বিবাহের আয়োজন করা হয়। এখানে কোনো ধর্ম দেখা হয়না।পাশাপাশি নব দম্পতিদের হাতে উপঢৌকন হিসাবে তুলে দেওয়া একাধিক সামগ্রী। গণ বিবাহ দেখতে উপচে পড়া ভিড় জমে এই এলাকায় । শুধু হুগলি জেলা নয় এ রাজ্য ছাড়াও অন্যান্ন রাজ্য থেকেও বহু সাধরণ মানুষ ভিড় জমান গণ বিবাহ অনুষ্ঠানে সামিল হতে।

বিরোধী জোটে ফাটল, পঞ্জাব ও চণ্ডীগড়ের ১৪টি লোকসভা আসনে লড়বে এএপি, কটাক্ষ বিজেপির

নয়াদিল্লি, ১০ ফেব্রুয়ারি ঃ বিরোধীদের আইএনডিআই জোটে এবার ফাটল ধরাল অরবিন্দ কেজরিওয়ালের আম আদমি পার্টি। শনিবার কেজরিওয়াল ঘোষণা করেছেন, পঞ্জাব ও চণ্ডীগড়ের ১৪টি লোকসভা আসনে লড়বে এএপি। দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল বলেছেন, দুই বছর আগে আপনারা আমাদের আশীর্বাদ করেছিলেন।

আপণর আমাদের ১১৭টির মধ্যে ৯২টি আসন দিয়েছেন (বিধানসভা নির্বাচনে), আপনার পঞ্জাবে ইতিহাস তৈরি করেছেন। হাত জোড় করে আপনাদের কাছে এসেছি, আর একটা আশীর্বাদ করুন। দুই মাসের মধ্যেই লোকসভা নির্বাচন। লোকসভা নির্বাচনের জন্য, পঞ্জাবের ১৩টি আসন এবং চণ্ডীগড় থেকে একটি - মোট ১৪টি আসন।

আগামী ১০-১৫ দিনের মধ্যে, এএপি এই ১৪টি আসনের সবকটিতেই নিজেদের প্রার্থী ঘোষণা করবে। আপনাদের সংখ্যাগরিষ্ঠতার সঙ্গে এই ১৪টি আসনের সবকটিতেই এএপি-কে জেতাতে হবে।

কেজরিওয়ালের এই ঘোষণার পরই বিরোধীদের আইএনডিআই জোটকে কটাক্ষ করেছেন বিজেপি মুখপাত্র শেহজাদ পুনাওয়ালা। তিনি বলেছেন, আইএনডিআই জোটকে আরও একটি ধাক্কা। অরবিন্দ কেজরিওয়াল আজ ঘোষণা করেছেন, এএপি পঞ্জাবের ১৩টি আসনে এবং চণ্ডীগড়ের একটি আসনে একাই প্রতিদ্বন্দ্বিতা করবে। এর মানে আইএনডিআই জোট সেখানে প্রতিদ্বন্দ্বিতা করবে না, সেখানে জোট হবে না। আইএনডিআই অ্যালায়েন্সের কাঠামো ভেঙে পড়ছে...কোনও মিশন নেই, দৃষ্টিভঙ্গি নেই, শুধুমাত্র কমিশন, শুধুমাত্র দুর্নীতি, শুধুমাত্র বিভ্রান্তি, শুধুমাত্র দ্বন্দ্ব। রাহুল গান্ধীর ন্যায় যাত্রা অদ্ভুত। এটি ন্যায় যাত্রার চেয়ে বিদায় যাত্রা বেশি। তার বদলে আইএনডিআই জোড়ো যাত্রা বের করা উচিত ছিল।

বিয়ে বাড়িতে চুরি করতে এসে গনধলাই খেল চোর

বিশালগড় (ত্রিপুরা), ১০ ফেব্রুয়ারি ঃ গলায় উত্তরীয় পরে সিপাহিজলা জেলার বিশালগড় আমবাগান এলাকায় বিয়ে বাড়িতে চুরি করতে এসে আটক হয়েছে এক চোর। বাড়ির মহিলারা চোরকে আটক করে গনধলাই দিয়ে তুলে দিয়েছেন বিশালগড় থানার পুলিশের হাতে। জানা গিয়েছে, শনিবার বিশালগড় আমবাগান এলাকার বাসিন্দা রায়মোহন সাহার বাড়িতে চলছে বিয়ের পানখিলি অনুষ্ঠান।

বাড়ির মহিলারা যখন বিয়ে বাড়ির পানখিলি অনুষ্ঠানে মশগুল, তখন গলায় উত্তরীয় পরে বাবু বেশে বিয়ে বাড়ির একটি ঘরে চুরি করছিল চোর। ঠিক তখনই মহিলারা তাকে আগলে জিজ্ঞেসাবাদ করলে সে প্রথমে পরিচয় দেয় বিয়েবাড়িতে ব্যান্ড পার্টির সাথে এসেছে। মহিলারা ব্যান্ড পার্টির লোকদের জিজ্ঞেস করে জানতে পারেন তারা তাকে চেনেন না। ইত্যবসরে চোর পালিয়ে যাওয়ার চেষ্টা করলে মহিলারা তাকে ধরে গণধলাই দেন। খবর দেওয়া হয় বিশালগড় থানায়। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পুলিশ গলায় উত্তরীয় পরে বিয়ে বাড়িতে চুরি করতে এসে মহিলাদের হাতে গণধলাই খাওয়া চোরকে উদ্ধার করে থানায় নিয়ে যায়। জানা গেছে, অভিযুক্ত চোরের বাড়ি মেলাঘরের নলছড় এলাকায়। পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ করছে।

Name Change

I RAJESH KUMAR BHANSALI, S/O MINALAL BHANSALI, R/O 493/C/A, BLOCK -22, FLAT NO 4A, 4TH FLOOR, G.T. ROAD, SOUTH VIVEK VIHAR, PHASE -V , PS SHIBPUR, HOWRAH -711102, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS DAKSH BHANSALI, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/02/2024, THAT DAKSH BHANSALI AND RAJESH KUMAR BHANSALI, ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change

I AKBAR ALI, S/O SK YAKUB PARKAIT, R/O 41, TOPSIA 2ND LANE, PO TILJALA, KOLKATA -700039, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SK AKBAR PARKAIT, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/02/2024, THAT SK AKBAR PARKAIT AND AKBAR ALI ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change

I RATAN SAHA, S/O LATE MOTI LAL SAHA, R/O BF-312, SECTOR -1, SALT LAKE CITY, PS BIDHANNAGAR NORTH, BIDHANNAGAR -700064, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS RATAN KUMAR SAHA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/02/2024, THAT RATAN KUMAR SAHA AND RATAN SAHA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change

I NAZIM ALI,SON OF OSMAN ALI, RESIDING AT 4/1 SHRINATHPUR ROAD,COUTPARA,RANAGHAT,NADIA-741201,WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS NAJIM ALI VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/02/2024.THAT NAZIM ALI AND NAJIM ALI ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change

I, Manita Tulsyan W/O Upen Tulsyan, declare that my daughter said name Arshia Tulsyan (old name), Residing at 14A, Rowland Road, Beside Future Hope School, L.R. Sarani, Kolkata-700020, West Bengal, India, have changed my daughter name to (shall henceforth be known as) Arshiya Tulsyan (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 08/02/2024. Arshiya Tulsyan (new name) and Arshia Tulsyan (old name) both are same identical person.

Name Change

I, Jhuma Das (old name) W/O Dhananjoy Mondal, Residing at 3/38, Bijoygarh, Jadavpur, Kolkata- 700032, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Jhuma Das Mondal (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 08/02/2024. Jhuma Das Mondal (new name) and Jhuma Das (old name) both are same identical person.

Name Change

I GARIMA BHANSALI, D/O KARNI DAN DUGAR, W/O DAKSH BHANSALI, R/O 493/C/A, G.T. ROAD, SOUTH VIVEK VIHAR, PHASE -V, BLOCK 18, FLAT NO 2D, SHIBPUR, HOWRAH -711102, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS KUMUDH BHANSALI, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/02/2024, THAT KUMUDH BHANSALI AND GARIMA BHANSALI ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change

I, Sheikh Imteaz S/O Sheikh Abdul Akhtar, declare that my son said name Sk Aniq Imteaz (old name), Residing at 11/A, Bright Street, P.O.- Ballygunge, P.S.- Karaya, Kolkata- 700019, West Bengal, India, have changed my son name to (shall henceforth be known as) Sheikh Aniq Imteaz (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 09/02/2024. Sheikh Aniq Imteaz (new name) and Sk Aniq Imteaz (old name) both are same identical person.

Name Change

I AJIMUDDIN, S/O MD JAN KHAN, R/O I-1/29, NATUN PALLY, DURGAPUR, PO BENACHITY, PS FARIDPUR, PASCHIM BARDDHAMAN, PIN-713213, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS AJIMUDDIN KHAN, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT BURDWAN ON 08/02/2024, THAT AJIMUDDIN KHAN AND AJIMUDDIN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change

I RAM SARAN PASWAN, S/O CHHOTE LAL PASWAN, R/O DHRUB DANGA, NEAR HINDI PRIMARY SCHOOL, PO RADHANAGAR ROAD, PS HIRAPUR, DIST PASCHIM BARDHAMAN, PIN-713325, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS RAM SHARAN PASWAN, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/02/2024, THAT RAM SARAN PASWAN AND RAM SHARAN PASWAN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change

I, Md Zahid (old name) S/O Md Yakub, Residing at 2/1, Bhukailash Road, P.S.- Ekbalpore, Kolkata-700023, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Md Zahed (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 09/02/2024. Md Zahed (new name) and Md Zahid (old name) both are same identical person.

Name Change

I, Subrata GoswamiS/o Mahendra Nath Goswami R/o Akshay Sarani, A.P. Nagar, Ward No. 11 of Rajpur-Sonarpur Municipality, P.O. + P.S. – Sonarpur, District-24 Pgs (S), Kolkata-700150, W.B. shall henceforth be known as Subrata Kumar Goswami. I declare that Subrata Kumar Goswami and Subrata Goswami is same and one identical person by virtue of affidavit sworn before the Ld. 1st Class Judicial Magistrate at Alipore on 07-02-2024.

Name Change

I, Mohammed Wasim (old name) S/O Ainul Haque, Presently residing at 3/1, Gora Chand Lane, P.O.- Entally, P.S.- Beniapukur, Kolkata- 700014, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Md Wasim (new name) vide an affidavit sworn before the Metropolitan Magistrate at Kolkata on 01/02/2024. Md Wasim (new name) and Mohammed Wasim (old name) both are same identical person

Name Change

I, Saanya Bhansali Daughter of Daksh Bhansali residing at Vivek Vihar 493/C/A, G.T. Road (South), P.S. Shibpur, P.O.& Dist. Howrah-711102 Shall henceforth be known as Hansa Bhansali. Saanya Bhansali & Hansa Bhansali is same and one identical Person Vide affidavit before the Ld. Metropolitan Magistrate 1St class at Kolkata dated 2.3.2023

নাম পরিবর্তন

আমি, Vaskar Jyoti Kabiraj (পুরাতন নাম) পিতা Shibendra Nath Kabiraj, ঠিকানা- A.P. Nagar, Near Atul Krishnna Girls High School, P.O. & P.S.- Sonarpur, Dist- South 24 Parganas, Pin- 700150, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated 07.02.2024 এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Bhaskar Jyoti Kabiraj (নতুন নাম) নামে পরিচিত হলাম । Bhaskar Jyoti Kabiraj (নতুন নাম) এবং Vaskar Jyoti Kabiraj (পুরাতন নাম) একই ব্যক্তি।

Name Change

I, Bishnu Haldar Resident of Vill Balaldighi, PO-Sreemayapur, PS-Nabadwip, Dist. Nadia, Pin-741313, WB do hereby solemnly affirm and declaring my father's actual name NETAI HALDAR instead of NITAI HALDAR, vide an affidavit sworn before the Ld. Judicial Magistrate 1st Class, Nabadwip, Nadia on 08.02.2024 NETAI HALDAR and NITAI HALDAR both are same and one identical person.

নাম পরিবর্তন

আমি, Md Sirajul Islam (পুরাতন নাম) পিতা Chhadem Ali Molla, ঠিকানা-Vill-Jirangachha, P.O.- Hatisala, P.S.- Kashipur, Pin- 700135, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated 09.02.2024 এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Sirajul Islam (নতুন নাম) নামে পরিচিত হলাম । Sirajul Islam (নতুন নাম) এবং Md Sirajul Islam (পুরাতন নাম) একই ব্যক্তি।

Name Change

I, NARAYAN CHANDRA BHOWMICK Resident of Telineopara, PO-Parulia, PS-Purbasthali, Dist-Purba Bardhaman, Pin-713513 WB do hereby solemnly affirm and declaring my actual name NARAYAN CHANDRA BHOWMICK instead of NARAYAN BHOWMICK and NARAYAN CH BHOWMICK in my son Tushar Bhowmick's all documents, vide an affidavit sworn before the Notary Public at Nabadwip, Nadia on 05.02.2024 NARAYAN CHANDRA BHOWMICK, NARAYAN BHOWMICKand NARAYAN CH BHOWMICK all are same and one identical person.

মাধ্যমিক স্তরে ইয়ুথ সায়েন্স ফেয়ার ২০২৩ -২৪ প্রতিযোগিতায় প্রথম হলো বীরভূমের মাড়গ্রাম উচ্চবিদ্যালয়

দুরন্ত বার্তা, বীরভূম, ১০ ফেব্রুয়ারি ঃ কটন ব্যাগে ও বাচ্চাদের ডায়পার প্যান্টে রাসায়নিক পদার্থ ব্যবহারের পরিবর্তে মুড়ির গুঁড়ো ব্যবহার করে তাক লাগিয়ে রাজ্যস্তরে পুরস্কার ছিনিয়ে নিল মাড়গ্রাম হাইস্কুলের দুই পড়ুয়া নবম শ্রেণির আফসানা খাতুন ও দশম শ্রেণির আজিজা খাতুন। মাধ্যমিক স্তরে তেইশ -চব্বিশ বর্ষের যুব বিজ্ঞান মেলায় অংশ গ্রহণ করে প্রতিযোগিতায় প্রথম হলো বীরভূমের মাড়গ্রাম উচ্চবিদ্যালয়। প্রতিযোগী টিমে ছিল নবম শ্রেণির আফসানা খাতুন ও দশম শ্রেণির আজিজা খাতুন সেরা হয়ে স্কুল টিমের হয়ে এই পুরস্কার ছিনিয়ে নেয়। কৃষক পরিবার থেকে উঠে আসা এই দুইজন ছাত্রীর বাড়ি মাড়গ্রাম এলাকায়। সেকেন্ডারি বিভাগে জেলার প্রথম হিসেবে আট ও নয় তারিখ যুব ভারতী ক্রীড়াঙ্গনে অংশ গ্রহণ করে। সেখানে মন্ত্রী অরূপ বিশ্বাস উদ্বোধন করেন। এবং শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু উপস্থিত ছিলেন। তাঁদের তত্ত্বাবধানে অনুষ্ঠান হয়। শুক্রবার বিকেলে রেজাল্ট প্রকাশিত হয়। সেখানে মাধ্যমিক স্তরে মাড়গ্রাম উচ্চ বিদ্যালয় প্রথম নির্বাচিত হয়। এবং জাতীয় স্তরের প্রতিযোগিতার জন্য বিবেচিত হয়েছে। প্রতিযোগী টিম ছাড়াও স্কুল কিছু পুরস্কার মূল্য পেয়েছে। মডেল পিছু পুরস্কার মূল্য দেওয়া হয়েছে পনেরো হাজার। এছাড়াও উভয় মডেল প্রতিযোগী মেডেল পায়। প্রতিযোগীদের মডেলে সাহায্য করে স্কুল ছাড়াও শিক্ষক সৈয়দ ইমতিয়াজ আহমেদ। গাইড শিক্ষক সৈয়দ ইমতিয়াজ আহমেদ বলেন, মডেলের বিষয় হলো অর্গানিক ডায়াপার এবং এবসরবেন্ট পাউচ। অর্থাৎ বাচ্চাদের ডায়াপার এবং পরিবর্তক কাপড়ের পাউচ। মুড়ির গুঁড়োকে সিলিকা জেলের বিকল্প হিসেবে ব্যবহার করার প্রস্তাব দিয়েছে। ব্যাগের ক্ষেত্রে বায়ুর আদ্রতা গ্রহণকারী সিলিকা জেলের সঙ্গে অনেক কালার ইন্ডিকেটর ব্যবহার হয়ে থাকে। যেটা ক্ষতিকর। ক্যান্সার সৃষ্টিকারী। সিলিকা জেল কোথাও ফেলে দিলে মাটির সঙ্গে মেশে না। ওই পাউচগুলো কুকুর, ছাগল এবং অনেক সময় বাচ্চারাও মুখে দেয়। এর ফলে বিভিন্ন সমস্যা এবং মৃত্যু পর্যন্ত হতে পারে। মুড়ির গুঁড়োকে সিলিকা জেলের বিকল্প হিসেবে ব্যবহার করে পাউচ বানিয়েছে। যার বিক্রয়মূল্য পঞ্চাশ পয়সা করা যাবে। এতে যাতে পোকা বা ছত্রাক না লাগে, সেজন্য ফেলে দেওয়া কমলা লেবুর খোসা, লেবুর পাতা গুঁড়ো ও কালমেঘের পাতা গুঁড়ো বিভিন্ন অনুপাতে মিশিয়েছে। বাচ্চাদের ডায়পার প্যান্টের ক্ষেত্রেও পরিবেশ বান্ধব করার বিকল্প মডেল দিয়েছে। বর্তমানে বাচ্চাদের ডায়পার প্যান্টে সিলিকা জেলের মতো রাসায়নিক পদার্থ সোডিয়াম সিলিকেট থাকে প্রস্রাব শোষণের জন্য। ওখানেও সোডিয়াম সিলিকেটের পরিবর্তে মুড়ির গুঁড়োকে ব্যবহার করা হয়েছে। কাপড় দিয়ে ডায়পার প্যান্ট মডেল হিসেবে দেখানো হয়েছে। এমনিতে একটি ডায়পার প্যান্ট একবারই ব্যবহার করা যায়। কিন্তু এই মডেল ডায়পারের একটি ছোট অংশ পরিবর্তন করে বারবার ব্যবহার করা যাবে। কাপড়ের তৈরি হওয়ার ফলে প্লাস্টিক দূষণ আটকাবে। মডেল প্যান্টের দাম পড়বে সাড়ে সাতটাকা। দ্বিতীয়বার ব্যবহারের ক্ষেত্রে দেড় টাকার এবসরবেন্ট ব্যবহার করতে হবে। অর্থাৎ খরচও কমে যাবে। প্রধান শিক্ষক মহম্মদ মানাউর আলম জানান, মাড়গ্রাম উচ্চ বিদ্যালয়ের দুই কৃতী ছাত্রী স্কুলের মুখ উজ্জ্বল করে অনন্য সম্মান এনে দিয়েছে। ইতিপূর্বে আগেও মাড়গ্রাম উচ্চ বিদ্যালয়ের ছাত্ররা বিজ্ঞান ও গবেষণামূলক কাজে ভালো ফল করেছে। যুব বিজ্ঞান মেলার উচ্চমাধ্যমিক বিভাগেও এবছর নাসরিন নাহার ও আফরোজা খাতুন যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় স্থান দখল করে। যেহেতু একমাত্র প্রথম স্থানাধিকারী দল রাজ্য স্তরে অংশ গ্রহণ করতে পারে তাই তারা রাজ্যস্তরে যেতে পারে নি। তবে মাধ্যমিক স্তরে প্রথম স্থানাধিকারী প্রতিযোগী টিম হিসেবে আফসানা খাতুন ও আজিজা খাতুন এবার প্রতিযোগিতায় স্কুলের প্রতিনিধিত্ব করবে।

খড়িবাড়ির ভারত-নেপাল সীমান্তে মাদক সহ গ্রেফতার ১ যুবক

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১০ ফেব্রুয়ারি ঃ খড়িবাড়ির ভারত-নেপাল সীমান্তে মাদক সহ গ্রেফতার ১ যুবক। ধৃতের নাম শুভান আলম (২৪)। সে কিশানগঞ্জের বাসিন্দা। খড়িবাড়ির পানিট্যাঙ্কিতে এসএসবির ৪১ ব্যাটেলিয়ানের জওয়ানরা পানিট্যাঙ্কিতে একটি চারচাকার গাড়ি থেকে এক যুবকের কাছে থেকে ১১৬ গ্রাম ব্রাউন সুগার ১৪ গ্রাম গাজা ৩০ বোতল কাফ সিরাপ ভারতীয় ৬ লক্ষ ৭৮ হাজার এবং নেপালি ৮০ হাজার টাকা সহ একটি চার চাকার গাড়ি উদ্ধার করে এসএসবি। পরে ধৃতকে খড়িবাড়ি পুলিশের হাতে তুলে দেয় এসএসবি। ধৃতকে এদিন শিলিগুড়ি মহকুমা আদালতে পাঠানো হয়েছে। ধৃতকে রিমান্ডে এনে গোটা ঘটনার তদন্তে নামবে খড়িবাড়ি থানার পুলিশ।

কাটোয়ায় সোনার দোকানে চুরির ঘটনায় কুখ্যাত বাদায়ুং গ্যাং এর ৭ দুস্কৃতি পুলিশের জালে

সুজিত দত্ত, বর্ধমান, ১০ ফেব্রুয়ারি ঃ ৬ ফেব্রুয়ারি পূর্ব বর্ধমানের কাটোয়া থানার অগ্রদ্বীপের রেল স্টেশন রোড এলাকায় সোনার গহনার দোকানে দুঃসাহসিক চুরির ঘটনায় তদন্তে নেমে বড়সড় সাফল্য পেল কাটোয়া থানার পুলিশ। বাদায়ুং গ্যাং এর মোট ৭ জন দুস্কৃতিদের গ্রেফতার করেছে পুলিশ। উদ্ধার হয়েছে প্রায় ২৬ লক্ষ টাকার সোনার গহনা, নগদ ১ লক্ষ ৬৬ হাজার টাকা, রূপোর গহনা, পাঁচটি ওয়ান সাটার পিস্তল, ৪০ রাউন্ড গুলি ও ধারালো অস্ত্র। গত ৬ তারিখ অগ্রদ্বীপের রেল স্টেশন রোড সংলগ্ন এলাকার একটি সোনার গহনার দোকানে দুঃসাহসিক চুরির ঘটনা সামনে আসে। এই ঘটনা সামনে আসতেই তদন্তে নামে কাটোয়া থানার পুলিশ। মাত্র ৭২ ঘণ্টার মধ্যে ৭ জন অভিযুক্তকে কাটোয়ার মিল পাড়া থেকে গ্রেফতার করলো পুলিশ। জানা গেছে, অভিযুক্তরা উত্তর প্রদেশের বাদায়ুং গ্যাং সদস্য। অভিযুক্তদের নাম দশরথ সিং, হাকিম সিং, ছেবিরাম সিং, রামবাবু সিং, ব্রিজ পাল সিং, বসন্তি দেবী খসুয়া ও মিনা দেবী। তারা মূলতঃ কাটোয়া শহরের মিলপাড়া এলাকায় ঘর ভাড়া নিয়ে শহরে ব্যবসা করত। কেউ বিক্রি করতো কম্বল, কেউবা বিক্রি করতো রাজস্থানী কুলফি। রাত্রি হলেই রাজ্যের বিভিন্ন প্রান্তে সোনার দোকানে গিয়ে দুঃসাহসিক ভাবে চুরি করত এই বাদায়ুং গ্যাং এর সদস্যরা। পুলিশ সূত্রে জানা গেছে, এই গ্যাংটি ইদানিংকালে রাজ্যে ঘটে যাওয়া অন্যান্য দুঃসাহসিক চুরির ঘটনার সাথে সরাসরি যুক্ত আছে। মাত্র কয়েক দিনের মধ্যেই কাটোয়ার অগ্রদ্বীপ, পূর্বস্থলীর কালেখাঁ তলা, মুর্শিদাবাদের ভরতপুর সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে এই দলটি চুরি করেছে। তবে কাটোয়া থানার পুলিশের তৎপরতায় এবং কাটোয়া বিধানসভা এলাকাজুড়ে থাকা সিসিটিভির সহায়তায় অভিযুক্তদের শনাক্ত করে মাত্র ৭২ ঘণ্টার মধ্যে কাটোয়ার মিল পাড়ার একটি ভাড়া বাড়ি থেকে দুই মহিলা সহ ৫ অভিযুক্তকে (মোট ৭) গ্রেফতার করল কাটোয়া থানার পুলিশ। শনিবার পূর্ব বর্ধমান জেলার এসপি আমানদ্বীপ সিং সাংবাদিক সম্মেলন করে কাটোয়া থানার পুলিশের এই বড়সড় সাফল্যের কথা তুলে ধরেন। ৭ অভিযুক্তকে এদিন কাটোয়া মহকুমা আদালতে পেশ করা হয়।

বিদ্যালয়ের পরিবর্তে এসআই অফিসেই হাজিরা প্রধান শিক্ষকের

গোপাল বিশ্বাস, নদীয়া, ১০ ফেব্রুয়ারি ঃ গত কয়েকদিন যাবৎ নবদ্বীপ শহরের বুকে এক শিক্ষা প্রতিষ্ঠানে ঘটে চলছে ব্যতিক্রমী ও বেনজির ঘটনা। যা নিয়ে ইতিমধ্যে প্রশাসন সহ সংশ্লিষ্ট শিক্ষা দপ্তরের বিরুদ্ধেও অভিযোগ তুলতে শুরু করেছে শিক্ষক সহ বিভিন্ন মহল। নবদ্বীপ শহরে নন্দীপাড়া রোড এলাকার বকুলতলা ফীডার ইন্সটিটিউশন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা দপ্তরের নির্দিষ্ট অনুমতিপত্র থাকা সত্বেও প্রধান শিক্ষক রূপে কাজে যুক্ত হতে গেলে ক্রমাগত বিদ্যালয়ের গেটে দাঁড়িয়ে থাকা অভিভাবকদের দ্বারা বাধাপ্রাপ্ত ও হেনস্থার শিকার হতে হয় শিক্ষক কৌস্তুভ সরকারকে। এমনকি পরিস্থিতি সামলাতে বিদ্যালয়ে হাজির হতে হয়েছিল নবদ্বীপ থানার পুলিশ প্রশাসনকেও। পরবর্তী সময়ে শিক্ষক কৌস্তুভ সরকার প্রাথমিক বিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তর নবদ্বীপ সরকার পাড়াস্থিত SI অফিসে তার হাজিরা দিতে থাকেন। শনিবার সেই অফিস বন্ধ থাকলেও এদিনও দেখা যায় নির্দিষ্ট সময়ে শিক্ষক কৌস্তুভ সরকারকে SI অফিসের সামনে দাঁড়িয়ে থাকতে। সামগ্রিক ঘটনা প্রসঙ্গে এদিন তিনি সংবাদ মাধ্যমের সামনে বলেন আমার কাছে সরকারি নির্দেশ আছে, আমি দপ্তরের নিয়মানুযায়ী হাজিরা দিচ্ছি, আজ ণ্ট অফিস বন্ধ তাও আমি সময়ে এসে নিয়মানুযায়ী হাজিরা দিয়েছি ও ছুটির সময় পর্যন্ত থাকবো ও সমস্ত বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে ই-মেইল মারফত পাঠিয়ে দেবো, পাশাপাশি তিনি আরও জানান আমার সাথে এই ঘটনা ঘটানোর কোন কারন খুঁজে পাচ্ছি না, কেন ওখানে এমন পরিস্থিতি তৈরি হলো আর কিভাবে হলো আমার জানা নেই, তবে তিনি এদিন বলেন আমাকে বিদ্যালয়ে ঢুকতে যারা বাধা দিচ্ছেন নিজেদের অভিভাবক বলে দাবী করেছে সেখান থেকেই আমাকে বলা হয় আপনি বকুলতলা ফীডার ইন্সটিটিউট এ আসলে আসুন কিন্তু আপনাকে একটি মুচলেকা দিতে হবে আপনি সাত দিনের মধ্যে এই স্কুল ছেড়ে চলে যাবেন, পাশাপাশি তিনি আরও জানান বিগত কয়েক দিনের ঘটনার খবর বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়েছে সেখানে অভিভাবকদের সাথে বহিরাগতের উপস্থিতিও আমি দেখেছি। পাশাপাশি বকুলতলা ফীডার ইন্সটিটিউট এর বেশ কিছু অভিভাবকদের তোলা অভিযোগ ছিলো তিনি এই বিদ্যালয়ে এসে ছাত্র-ছাত্রীদের জ্বালিয়ে দেবে বলেছেন, শিক্ষক হিসেবেও তিনি ভালো না, বিগত দিনে তিনি যে স্কুলে শিক্ষাকতা করেছেন সেখানেও তার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ আছে বলেও দাবী করতে শোনা গেছে, এদিন এই প্রসঙ্গে প্রশ্ন করলে তিনি বলেন আমি কেমন তা বিগত দিনে যে খানে শিক্ষকতা করেছি তারই ভালো বলতে পারবে পাশাপাশি তিনি আরও জানান, আমাদের এই পদোন্নতি হয়েছে শিক্ষা দপ্তরের দ্বারা ও আমাদের আবেদনের ভিত্তিতে যেখানে গৌতমবাবু সহ আমিও আবেদন করেছিলাম, আমার কোন bad records থাকলে আমি আবেদন করার যোগ্য হতাম না। পাশাপাশি শনিবার আমরা খোঁজ নিতে হাজির হয়েছিলাম নবদ্বীপ প্রনবানন্দ বিদ্যাপীঠ প্রাথমিক বিদ্যালয়ে, কৌস্তুভ সরকার যে সময় কালে ওই বিদ্যালয়ে শিক্ষকতা করতেন তৎকালীন সময়ের ওই বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বলেন, কৌস্তুভ সরকার নিতান্তই একজন সজ্জন ব্যক্তি শিক্ষক হিসেবেও তিনি যথেষ্ট গুণী, তিনি যতদিন এই বিদ্যালয়ে শিক্ষকতা করতেন বিদ্যালয়ের সময়ে কোনদিন কোন খারাপ আমরা দেখিনি, বা শুনি নি, তবে একজন প্রধান শিক্ষককে বিদ্যালয়ে ঢুকতে বাধা দিচ্ছেন সেখানের কিছু অভিভাবক এটাও একটা দুঃখজনক ও সামগ্রিক ঘটনাটাও লজ্জাজনক বলেও দাবী করেন নবদ্বীপ প্রনবানন্দ বিদ্যালয়ের শিক্ষক বাসুদেব অধিকারী। পাশাপাশি এদিন আমরা প্রণবানন্দ বিদ্যাপীঠের বেশ কিছু অভিভাবকদের সাথেও কথা বলি শিক্ষক কৌস্তুভ সরকারের বিষয়ে, তারাও শিক্ষক কৌস্তুভ সরকারকে একজন সৎ ও ভালো গুণী শিক্ষক বলেই দাবী করেন পাশাপাশি বকুলতলা ফীডার ইন্সটিটিউট এর অভিভাবকদের তোলা সব অভিযোগ নস্যাৎ করে বলেন তারা কিভাবে জানলো কৌস্তুভবাবু খারাপ, বরং এই বিদ্যালয় থেকে তিনি চলে যাওয়াতে আমরা ও আমাদের সন্তানদের মন খারাপ আমরা ওনার মতো একজন গুণী শিক্ষক কে হারালাম, পাশাপাশি একজন প্রধান শিক্ষককে এভাবে হেনস্থার ঘটনাকে তীব্র ভাবে নিন্দা করে বলেন এই বিদ্যালয়েও প্রধান শিক্ষক রূপে একজন এসেছেন তাকে আমরা সম্মানের সাথে বরণ করেছি, তাহলে তাদের সমস্যা কোথায়। সব মিলিয়ে প্রাচ্যের সাহিত্যে অক্সফোর্ড বলে অভিভূত নবদ্বীপ শহরের বুকে দিনের পর দিন সরকারি অনুমতি থাকা সত্ত্বেও একজন প্রধান শিক্ষক কে বিদ্যালয়ে ঢুকতে বাধা দেওয়ার ঘটনা যে এক বেনজির ও লজ্জা জনক ঘটনারই রূপ দেয় তা বলাই বাহুল্য।

পৈত্রিক সম্পত্তি নিয়ে সংঘর্ষ তিন ভাইয়ের

দুরন্ত বার্তা, মালদা, ১০ ফেব্রুয়ারি ঃ বাড়ির সামনে পৈত্রিক সম্পত্তির রাস্তা দখলকে কেন্দ্র করে তিন ভাইয়ের পরিবারের মধ্যে সংঘর্ষ। গুরুতর আহত দুই গৃহবধূ। ঘটনাটি ঘটেছে মালদার হরিশচন্দ্রপুর -১ ব্লকের রশিদাবাদ গ্রাম পঞ্চায়েতের রাণীপুরা গ্রামে। এই ঘটনায় ব্যাপক মারধরের ফলে আহত হয়েছে সঞ্জীবা খাতুন (৫০) ও দুলালী খাতুন (৪০) নামে দুই গৃহবধূ। ওই দুই গৃহবধূকে হরিশচন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে ভর্তি করানো হয়েছে। ঘটনার জেরে এদিন এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। দুই পরিবারের অভিযোগের ভিত্তিতে হরিশচন্দ্রপুর থানার পুলিশ ঘটনার তদন্তে নেমেছে। স্থানীয় সূত্রে জানা গেছে, রানিপুরা গ্রামের বাসিন্দা সুজারুদ্দিন ও হাকিমুদ্দিন এই দুই ভাইয়ের বাড়ির সামনের রাস্তা দখলকে ঘিরে দীর্ঘদিন ধরে বিবাদ চলছিল ভাই শামসুদ্দিনের সঙ্গে। এদিন দুপুরে শামসুদ্দিন এর পরিবারের লোকেরা ওই রাস্তার উপর বিচালির পালা এবং বাঁশের ব্যারিকেড দিয়ে রাস্তা বন্ধ করে দেয় বলে অভিযোগ। এরপরই দুই পক্ষের মধ্যে রাস্তার দখল নিয়ে বিবাদ সৃষ্টি হয় এবং পরে তা সংঘর্ষে পরিণত হয়। এই ঘটনায় সুজারুদ্দিন ও হাকিমুদ্দিন- এর দুই স্ত্রীকে বেধড়ক মারধর করে শামসুদ্দিনের পরিবার বলে অভিযোগ। গুরুতর আহত অবস্থায় তাদের হরিশচন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে ভর্তি করানো হয়। এদিকে এই ঘটনায় দুই পক্ষই হরিশচন্দ্রপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে। গোটা ঘটনা তদন্তে নেমেছে হরিশচন্দ্রপুর থানার পুলিশ।

জমি বন্ধক রেখে দেহ আনলো পরিবার

দুরন্ত বার্তা, মালদা, ১০ ফেব্রুয়ারি ঃ মালদার চাঁচল ১ ব্লকের মহানন্দপুর গ্রাম পঞ্চায়েতের ধঞ্জনা গ্রামের এক পরিযায়ী শ্রমিক ইলিয়াস আলি (৫০) মৃত্যু হয়েছে পাঞ্জাবে। বৃহস্পতিবার সন্ধ্যায় সেখানে একটি বেসরকারি হাসপাতালে মৃত্যু হয় তার। টাকার জন্য দেহ ছাড়া হচ্ছিল না। বিল মিটানোর জন্য পরিবার রাতারাতি শেষ সম্বল ১৭ কাঠা চাষের জমি বন্ধক দেয়। তবেই বিল মিটিয়ে দেহ আনা হয়। এদিন শনিবার সাড়ে এগারোটা নাগাদ গ্রামে দেহ পৌঁছায়। যদিও এখনো পর্যন্ত প্রশাসন আধিকারিক ও জনপ্রতিনিধিরা পরিবারের খোঁজ নেয়নি বলে অভিযোগ। পরিবার সূত্রে জানা গেছে, দুই ছেলে ও দুই মেয়ে রয়েছে। দুই ছেলে ভিনরাজ্যে কর্মরত। এক মেয়ের সম্প্রতি বিয়ে হয়েছে। মেয়ের বিয়ের ঋণ মেটাতেই পাঞ্জাবে রাইসমিলের কাজে এক সপ্তাহ আগে পাড়ি দেন ইলিয়াস সাহেব। মৃতের স্ত্রী হাসিনা বিবি কেঁদে বলেন, স্বামীকে দেখার জন্য শেষ সম্বল টুকুও বন্ধক রাখতে হল। সরকারি সাহায্য না মিললে পথে বসতে হবে।

একশো দিনের কাজের তথ্য সংগ্রহে মজুরদের বাড়ি বাড়ি ঘুরছেন উপপ্রধান

দুরন্ত বার্তা, বর্ধমান, ১০ ফেব্রুয়ারি ঃ কলকাতার ধর্ণা মঞ্চ থেকে তৃণমূলের দলনেত্রী তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ১০০ দিনের কাজের টাকা ২১ ফেব্রুয়ারি ২১ লক্ষ মানুষের মধ্যে মিটিয়ে দেবার প্রতিশ্রুতি দিয়েছেন। মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতিমত ওই দিনের মধ্যে একশো দিনের বকেয়া টাকা শ্রমিকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ঢুকে যাবার প্রস্তুতি চলছে। পূর্ব বর্ধমানের বিভিন্ন গ্রামে ইতিমধ্যেই ব্যাঙ্ক অ্যাকাউন্ট সহ ১০০ দিনের কাজ করা বিভিন্ন শ্রমিকদের তথ্য সংগ্রহের কাজ চলছে। মুখ্যমন্ত্রীর এই ঘোষণাকে মানুষের কাছে পৌঁছে দিচ্ছেন জামালপুরের ১ নং পঞ্চায়েতের উপ প্রধান সাহাবুদ্দিন মন্ডল ওরফে তরুণ নেতা পাঞ্জাব। তিনি তার টিম নিয়ে তার পঞ্চায়েতের অন্তর্গত প্রতিটি বুথে বুথে পৌঁছে যাচ্ছেন যারা ১০০ দিনের কাজের টাকা পাননি তাদের বাড়িতে। দেখে নিচ্ছেন তাদের ব্যাংকের পাসবই ঠিক আছে কিনা যাতে রাজ্য সরকারের পাঠানো টাকা তাদের পেতে অসুবিধা না হয়। কোনো অসুবিধা থাকলে সাথে সাথেই ব্যবস্থা নিচ্ছেন। এরই সঙ্গে তিনি প্রচারও করছেন তাদের পাওনা ন্যায্য টাকা যা কেন্দ্র সরকার অন্যায় ভাবে আটকে রেখেছে সেই টাকা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মিটিয়ে দিচ্ছেন। এই সরকার যে কতটা জনদরদী সরকার তার প্রমাণ তিনি বারে বারে রাখছেন। পাঞ্জাববাবু বলেন জন প্রতিনিধি হিসাবে তিনি ওই অসহায় মানুষগুলোর পাশে থাকার চেষ্টা করছেন।

বিভিন্ন প্রজাতির মৎস্য সংরক্ষণ ও গঙ্গা নদীর পুনরুদ্ধারের লক্ষ্যে ভাগীরথী নদীতে ছাড়া হল মাছ

দেবাশীষ কংশ বণিক, মায়াপুর, ১০ ফেব্রুয়ারি ঃ সেন্ট্রাল ইনল্যান্ড ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউট ব্যারাকপুর, ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা ও কেন্দ্রীয় ভারত সরকারের মিনিস্ট্রি অফ জলশক্তির অধীনে ন্যাশনাল রিভার রেঞ্চিং প্রোগ্রাম বা অনুষ্ঠান আয়োজিত হল শনিবার বিকেলে মন্দির নগরী মায়াপুর প্রভুপাদ ঘাটে। এদিনের কর্মসূচির প্রাথমিক লক্ষ্য বিভিন্ন প্রজাতির মস্য সংরক্ষণ ও গঙ্গা বা ভাগীরথী নদীর পুনরুদ্ধার। এদিন মায়াপুরের প্রভুপাদ ঘাটে ২লক্ষ সরপুটি গঙ্গা বা ভাগীরথী নদীতে ছাড়া হয়। এদিনের বৃহৎ রেঞ্চিং কর্মসূচিতে উপস্থিত ছিলেন, জি অশোক কুমার, ইসকনের একাধিক সন্ন্যাসী সহ অন্যান্য আধিকারিক ও বিশিষ্ট ব্যক্তিগণ। শনিবার বিকেলে মায়াপুর প্রভুপাদ ঘাটে নমামি গঙ্গে উদ্যোগের লক্ষ্য এবং বিগত কয়েক বছরে সাফল্য সম্পর্কে বিশদ আলোচনা করেন জি অশোক কুমার। তিনি ভবিষ্যতে উদ্বেগের বিষয় হতে পারে এমন ক্ষেত্রগুলির একটি সংক্ষিপ্ত বিবরণও দেন। সিনিয়র বায়োডাইভারসিটি কনসালটেন্ট, এনএমসিজি ড. সন্দীপ বেহেরা স্থানীয় মৎস্যজীবীদের কাছে গাঙ্গেয় স্বাস্থ্যের তাৎপর্য সম্পর্কে বক্তব্য রাখেন। যা সমস্ত দেশীয় মাছের প্রজাতিকে সংরক্ষন করার জন্য অত্যন্ত প্রয়োজনীয়। ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা স্পনসর প্রকল্পের মধ্যে রয়েছে গঙ্গা নদীর মৎস্য বৈচিত্র্য সংরক্ষণ ও পুনরুদ্ধার। কালবোস, মৃগেল ও রুই-এর মত মাছ শুধু মৎস্য উপাদনই বাড়াবে না বরং নদীর পবিত্রতা বজায় রাখতেও সাহায্য করবে বলে জানান, জি অশোক কুমার। কারণ তারা নদীতে থাকা জৈব অবশিষ্টাংশ খাওয়ার পাশাপাশি নদীর পবিত্রতাকে রক্ষা করে। এদিন স্থানীয় মৎস্যজীবীদের নিয়ে একটি কর্মশালার আয়োজন করা হয়। সেখানে কর্মশালার মাধ্যমে মৎস্যজীবীকে গাঙ্গেয় সম্পদ সংরক্ষণ ও পালনের গুরুত্ব সম্পর্কে অবগত করা হয়।

আটক ভুয়ো ফুড সেফটি ইন্সপেক্টর

দুরন্ত বার্তা, মালদা, ১০ ফেব্রুয়ারি ঃ মালদার বৈষ্ণবনগরে আটক ভুয়ো ফুড সেফটি ইন্সপেক্টর। ধৃতর নাম গৌতম দত্ত। বাড়ি মুর্শিদাবাদের ভাকুরিয়া। আজ সকালে তাকে আটক করে বৈষ্ণবনগর থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, এদিন সকালে বৈষ্ণবনগর বাজার সংলগ্ন এলাকায় বিভিন্ন দোকানে ধৃত নিজেকে ফুড সেফটি ইন্সপেক্টর বলে হানা দেয়। সেই সময় জনসাধারণের সন্দেহ হলে পুলিশে খবর দেয় পুলিশ এসে তাকে আটক করে। জিজ্ঞাসাবাদের পর জানতে পারে সে ভুয়ো ইন্সপেক্টর এর পরিচয় দিয়েছে। তারপর পুলিশ তাকে গ্রেফতার করে। এদিন ধৃতকে ৭দিনের পুলিশে হেফাজতের আবেদন চেয়ে মালদা জেলা আদালতে পেশ করে বৈষ্ণবনগর থানা পুলিশ।

গলসিতে উদ্ধার হল তাজা বোমা

দুরন্ত বার্তা, পূর্ব বর্ধমান, ১০ ফেব্রুয়ারি ঃ পূর্ব বর্ধমানের গলসির রনডিহা সেচ ক্যানেলের পাশ থেকে উদ্ধার হল তাজা বোমা। এদিন একটি জার দেখতে পাওয়া যায়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে গলসি থানার পুলিশ। এরপর বোমস্কোয়াডকে খবর দেওয়া হয়। বোমস্কোয়াড আসার আগে পর্যন্ত কোনো দুর্ঘটনা যাতে না ঘটে সেজন্য জার সহ ওই জায়গাটি ঘিরে রাখে পুলিশ। তারপর বোম স্কোয়াড এলে জারের মধ্যে থেকে উদ্ধার ছটি তাজা বোমা। বোমাগুলি ক্যানেলের পাশেই নিস্ক্রিয় করেন বোমস্কোয়াডের সদস্যরা। কিভাবে ওই এলাকায় বোমা আসল তার তদন্ত শুরু করেছে পুলিশ।

ফাইলেরিয়া মুক্ত সমাজ গড়তে গন ওষুধ সেবন কর্মসূচির উদ্বোধন

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১০ ফেব্রুয়ারি ঃ আলিপুরদুয়ার রবীন্দ্র মঞ্চ ভবনে আনুষ্ঠানিকভাবে এই কর্মসূচির উদ্বোধন করা হয়। কর্মসূচি উদ্বোধন করেন আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব ও জেলাশাসক আর বিমলা। জানা গেছে, গত নভেম্বর মাসে জেলা জুড়ে রাত্রিকালীন রক্তের নমুনা পরীক্ষা করা হয়। সেই পরীক্ষায় জেলার ৪ টি ব্লকে সংক্রমণ ধরা পড়ে। সেই ঘটনায় মশাবাহী ফাইলেরিয়া রোগ নির্মূল করতে এই কর্মসূচির উদ্যোগ নেওয়া হয় স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে। এদিন আনুষ্ঠানিকভাবে ওষুধ সেবন করেন জেলা পরিষদের সভাধিপতি ও জেলাশাসকসহ অনুষ্ঠানের উপস্থিত অতিথিরা। জেলায় ৯ লক্ষের ও বেশি নাগরিকদের এই ওষুধ দেওয়া হবে। আগামী ১৮ তারিখ পর্যন্ত বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রের পাশাপাশি বিভিন্ন সরকারি দপ্তর গুলিতে এই কর্মসূচি চলবে। এই কর্মসূচির জন্য জেলায় ২২৯০ জন অঙ্গনওয়াড়ি ও আশা কর্মীদের নিয়োগ করা হয়েছে।

BERUGRAM GRAM PANCHAYAT
BOWAI : PURBA BARDHAMAN
Notice Inviting e-Tender No:- 17/BGP/15THFC(TIED)/2023-24, Dated-09/02/2024.

The Prodhan, BERUGRAM GRAM PANCHAYAT invites e-tender for total 4(Four)Nos. different works. At different places. Source of Fund: 15 th FC (Tied). Document download/sale date from 10/02/ 2024 from 17.00 hrs. up to 17/02/2024 upto 17.00 hrs. Bid submission starting from 10/02/2024 from 17.00 hrs. up to 17/02/2024 upto 17.00 hrs. Bid Opening Date 20/02/2024 at 11.00 Hrs. For details please contact at GP office and visit website www.wbtenders.gov.in

Sd/- Prodhan
Berugram Gram Panchayat

DALDALI GRAM PANCHAYAT
VILL+PO-DALDALI, PS-HURA, PURULIA-723130
NOTICE INVITING TENDER NO: 05/DGP/2023-2024

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for execution of 11(eleven)Nos. different works. Dropping of Sealed Tender Form on 19/02/2024 up to 2:00 Pm. Date of opening of Tender 19/02/2024 at 12:00 PM. For details please visit office of the undersigned on any working days.

Sd/- Pradhan
Daldali Gram Panchayat

Office of the Jabarrah Gram Panchayat
Vill: Mudidih, P.O.: Kulabahal, P.S.: Hura, Dist.: Purulia
NOTICE INVITING E-TENDER No-09/ 2023-24, Date: 07-02-2024

For and on behalf of the Jabarrah Gram Panchayat, Pradhan, Jabarrah Gram Panchayat invites tenders through E tendering for the 3 (Three) Nos. different works. Last date of submission of Bid up to 21.02.2024 up to 6.00 pm. Bid Opening date (Technical) 23.02.2024 at 12.00 Noon. For details please visit https://wbtender.gov.in

Sd/- Pradhan
Jabarrah Gram Panchayat

Office of the Executive Officer
Singur Panchayat Samity
e-TENDER NOTICE

Digitally signed and encrypted e-Tender is invited from the eligible Bidder for online submission for e- tender reference no: 172/EO, Singur Dated:- 08.02.2024 for Construction of "Concrete Road & Stack Yard Unit of plastic waste management" within Singur Panchayat Samity, Singur, Hooghly. Last date for the online Bid submission is 17/02/2024 up to 06:55 pm. Detail will be available at the website: www.wbtenders.gov.in (Tender ID:- 2024_ZPHD_665528_1 to 2).

Sd/- Executive Officer
Singur Panchayat Samity
Singur, Hooghly

নিভাকা ফ্যাশনস লিমিটেড

CIN: L52100WB1983PLCO35857
নিবন্ধিত অফিসঃ এএ-৪৭, সল্ট লেক সিটি সেকশন ১, বিএল-এএ কলকাতা- ৭০০০৬৪
ইমেল আইডিঃ btsyndicateltd1983gmall.com

স্বতন্ত্র অনিরীক্ষিত ফলাফলের বিবৃতি ৩১১২২০২৩ শেষ হওয়া ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য (লক্ষ টাকায়)

ক্রম নং ঃ	(নীচের নোটগুলি পড়ুন)	৩ মাস শেষ (৩১।১২।২০২৩) (অনিরীক্ষিত)	পূর্ববর্তী ৩ মাস শেষ (৩০।০৯।২০২৩) (অনিরীক্ষিত)	করস্পোমিং ৩ মাসএ শেষ হয়েছে গত বছর (৩১.১২.২০২২) (অনিরীক্ষিত)	বছরের শুরু থেকে আজকের দিন জন্য পরিসংখ্যান বর্তমান মেয়াদ শেষ(৩১.১২.২০২৩) (অনিরীক্ষিত)	বছরের শুরু থেকে আজকের দিনজন্য পরিসংখ্যান বর্তমানমেয়াদ শেষ(৩১।১২।২০২৩) (অনিরীক্ষিত)	আগে বছর শেষ (৩১.০৩.২০২৩) (নিরীক্ষিত)
১.	অপারেশন থেকে আয়						
(ক)	অপারেশন থেকে রাজস্ব	৯.৪৬	৮৬.২২	১১৫.৫২	১১০.৯৪	৩৫৯.২১	৪১২.১৬
(খ)	অন্যান্য অপারেটিং আয়	৫.৫৫	০.৪২	০.৪	৩০.৪০	০.৮৬	৫০.৫৭
	অপারেশন থেকে মোট আয় (নেট)	১৫.০১	৮৬.৬৪	১১৫.৯২	১৪১.৩৪	৩৬০.০৭৪	৬২.৭৩
২.	খরচ						
(ক)	উপকরণের খরচ	০	০	০	০.০০	০	০
(খ)	স্টক-ইন-ট্রেড ক্রয়	৩.২৭	৬.৩৪	২.৮৫	১৪.৪৫	৭৮.৫১	৫১.০৬
(গ)	সমাপ্ত পণ্যের তালিকায় পরিবর্তন, কাজ এবংস্টক-ইন-ট্রেড	০.০০	১২.০০	২৫.৫৪	৭.০২	-১২.৫২	২৮.০৯
(ঘ)	কর্মচারী বেনিফিট খরচ	৮.৭৪	৯.৯৪	৩৫.৭৩	২৯.১২	৯০.০৭	১০৪.৪৪
(ঙ)	অবচয় ও পরিশোধ ব্যয়	৩.৪৬	৩.৭০	৬.৭৮	১১.০৩	২০.৮৭	২৩.৭৪
(চ)	আর্থিক খরচ	৪.৯২	৫.১২	০	১৫. ৩৫	০.০০	৪.৮৫
(ছ)	অন্যান্য খরচ (চলমান সংক্রান্ত মোট খরচের ১০-এর বেশি যে কোনওআইটেম অপারেশনগুলি আলাদাভাবে দেখানো হবে)	২৫.৩২	২৯.৬৯	৩১.৮৫	৮৪.৫১	১৯৯.৪৭	২৪৩.৮১
	মোট খরচ	৪৫.৭১	৬৬.৭৯	০২.৭৫	১৬১.৪৮	৩৭৬.৪০	৪৫৫.৯৯
৩.	অন্যান্য আয়, অর্থায়নের আগে অপারেশন থেকে ভ (ক্ষতি) খরচ এবং ব্যতিক্রমী আইটেম(১-২)	-৩০.৭০	১৯.৮৫	১৩.১৭	-২০.১৪	-১৬.৩৩	৬.৭৪
৪.	ব্যতিক্রমী আইটেম	০	০	০	০	০.০০	০
৫.	সাধারণ থেকে লাভ (ক্ষতি) ট্যাক্সের আগে কার্যক্রম (৩৪)	-৩০.৭০	১৯.৮৫	১৩.১৭	-২০.১৪	-১৬.৩৩	৬.৭৪
৬.	ট্যাক্স খরচবর্তমান কর	০	৪.৯৬	৩.২৯	৪.৯৬	০.০০	৭.৪১
	বিলম্বিত কর	০	০	০	০.০০	০.০০	-২.৯৪
৭.	সাধারণ থেকে নিট লাভ ট্যাক্স পরবর্তী কার্যক্রম (৫৬)	-৩০.৭০	১৪.৮৯	৯.৮৮	-২৫.১০	-১৬.৩৩	২.২৭
৮.	অসাধারণ আইটেম(করের নেটচ খরচ লক্ষ)	০	০	০	০	০.০০	০
৯.	নিট লাভ (লোকসান) সময়ের জন্য (৭৮)	-৩০.৭০	১৪.৮৯	৯.৮৮	-২৫.১০	-১৬.৩৩	২.২৭
১০.	সহযোগীদের লাভক্ষতি ভাগ	০	০	০	০	০	০
১১.	সংখ্যালঘু স্বার্থ	০	০	০	০	০	০
১২.	নিট লাভ(ক্ষতি) করের পরে, সংখ্যালঘু সুদ এবং লাভের অংশ সহযোগীদের ক্ষতি(৯-১০-১১)	-৩০.৭০	১৪.৮৯	৯.৮৮	-২৫.১০	-১৬.৩৩	২.২৭
১৩.	পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (শেয়ারের অভিহিত মূল্য ১-প্রতি নির্দেশিত হবে)	১০২৬.৯	১০২৬.৯	১০২৬.৯	১০২৬.৯	১০২৬.৯	১০২৬.৯
১৪.	শেয়ার প্রতি ইমিংস(অসাধারণ আইটেমের আগে(জেড-প্রতিটি) (বার্ষিক নয়)						
	(ক) মৌলিক	০.০০	০.০১	০.০০৯	০.০০	০	০.০০২
	(খ) পাতলা	০.০০	০.০১	০.০০৯	০.০০	০	০.০০২
	১৬. ii শেয়ার প্রতি আয় (অসাধারণ আইটেম পরে) (চ- প্রতিটি) (বার্ষিক নয়)						
(ক)	মৌলিক	০	০.০১	০.০০৯	০	০	০.০০২
(খ)	পাতলাসহগামী নোট দেখুনআর্থিক ফলাফল	০	০.০১	০.০০৯	০	০	০.০০২

● একত্রিত ফলাফলের ক্ষেত্রে প্রযোজ্য। না ই

১) ৩১শে ডিসেম্বর, ২০২৩ সমাপ্ত ত্রৈমাসিকের উপরোক্ত আর্থিক ফলাফল অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং১০ ফেব্রুয়ারী, ২০২৪-এ অনুষ্ঠিত তাদের সভায় পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত।
২) সংবিধিবদ্ধ অডিটররা এই আর্থিক ফলাফলের সীমিত পর্যালোচনা করেছে এবং তাদের রিপোর্ট অযোগ্য।
৩) অডিটর রিপোর্ট এবং ঘোষণা সহ ৩১শে ডিসেম্বর, ২০২৩ শেষ হওয়া ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য উপরের ফলাফলগুলিকোম্পানির পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত হয়েছে.
৪) ৩১১১২১২০২৩ অনুযায়ী উপরোক্ত আর্থিকগুলি Ind AS-এর প্রযোজ্যতা অনুযায়ী প্রস্তুত করা হয়েছে।
৫) আর্থিক হিসাবে উল্লিখিত উদ্ধৃতিবিহীন বিনিয়োগগুলি মূল্যের সাথে মূল্যবান।
৬) স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী লোন এবং অগ্রিম চাহিদা অনুযায়ী প্রদেয় এবং খরচে মূল্যবান।
৭) কোম্পানির আর্থিক ফলাফল ভারতের অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডের অধীনে সূচিত করা হয়েছে কোম্পানি অ্যাক্ট ২০১৩ এর ১৩৩টি তার অধীনে জারি করা প্রাসঙ্গিক বিধিগুলির সাথে এবং সেবি রেগুলেশন ২০১৫ এর প্রবিধান ৩৩ এর শর্তাবলীর সাথে পড়ে।
৮) কোম্পানিটি টেক্সটাইল পণ্য ব্যবসার সাথে জড়িত এবং শুধুমাত্র একটি রিপোর্টযোগ্য সেগমেন্ট রয়েছে। ১০৮ অপারেটিং সেগমেন্ট হিসাবে IND অনুযায়ী।
৯) সেবি-র প্রবিধান ৩৩ অনুসারে (তালিকাবদ্ধ বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) রেগুলেশন, ২০১৫ কোম্পানি ত্রৈমাসিক এবং বার্ষিক নিরীক্ষিত স্ট্যানলোন ফলাফল প্রকাশ করতে বেছে নিয়েছে
১০) বর্তমান পিরিয়ডের শ্রেণীবিভাগ নিশ্চিত করার জন্য যেখানেই প্রয়োজন সেখানে পূর্ববর্তী পিরিয়ডের চিত্র পুনরায় গোষ্ঠীভুক্ত করা হয়েছে।

নিভাকা ফ্যাশনস লিমিটেডের জন্য
ভাবিন শান্তিলাল জৈন
ব্যবস্থাপনা পরিচালক
DIN : 00741604

স্থানঃ কলকাতা
তারিখঃ ১০.০২.২০২৪

স্টোর্স ই-প্রকিওরমেন্ট

টেন্ডার বিজ্ঞপ্তি নং-এস/৩৮/২৩-২৪, তারিখঃ ০৮-০২-২০২৪। নিম্নলিখিত কাজগুলির জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ

ক্র.নং.১। টেন্ডার নং. টিএস ২৪-৫০৩৬/ওটি/২৮২/২০২৩-২৪, বন্ধ/খোলার তারিখঃ ২৮-০২-২০২৪

সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণ ঃ ড্রয়িং নং. এমআই০০৬১৪৮৯এএলটি.-এ অনুযায়ী ইনসাইড ডাস্টবিন, ১০০×১০০এমএম আকারের ব্যাক শিট (আইটেম-৪)-এর টপ সেন্টারে কাট আউট সহ এসএস ওয়্যার রোপ অ্যারেঞ্জমেন্টের সাথে ড্রয়িং নং. এমআই০০৬৪৮৮এএলটি.-ডি-এর নোট নং. ৯ অনুযায়ী প্রোটেকটিভ লেয়ার-এর কভার প্রদান করতে হবে, নির্মাতা-জিপি অথবা অনুরূপ। পরিমাণ-এসএসই/সিঅ্যান্ডডব্লিউ/ডিব্রুগড়, এনএফআর (অসম)-এর জন্য ৪০০০ টি।

ক্র.নং.২। টেন্ডার নং. ১০/২৪/৩১৬৯/ওটি/২৮৩/২০২৩-২৪, বন্ধ/খোলার তারিখঃ ২৯-০২-২০২৪

সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণ ঃ লো মেন্টানেন্স লিড অ্যাসিড ব্যাটারি ৫০০ এএইচ, ৪ সেল ৮ ভোল্ট ডিএলডব্লিউ স্পেসিফিকেশন নং.-ডিইএল/এসপিএন/১৯৩-রেভ-০৩, জুলাই৯৮'-এর সাথে সামঞ্জস্যপূর্ণ। ১) পরিমাণ- নিউ গুয়াহাটি/ডিপো, এনএফআর (অসম)-এর জন্য ৮০ টি। ২) পরিমাণ-শিলিগুড়ি জং./ডিজেল ডিপো, এনএফআর (পশ্চিমবঙ্গ)-এর জন্য ১২০ টি। পি. এল. নং.-১২৬৪০০৬২।

ক্র.নং.৩। টেন্ডার নং. ৭৯/২৩/০০০১সি/ওটি/২৮৪/২০২৩-২৪, বন্ধ/খোলার তারিখঃ ২৬-০২-২০২৪

সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণ ঃ চার পাশে সাটিন পাইপিং (প্রতি সিএম ৪ সেলাইয়ের কম নয়) সহ মেরুন শেডের সুপারিওর কোয়ালিটির সফ্ট ব্ল্যাংকেট চেক প্যাটার্ন। আয়তন ২১৫সিএমx১২০সিএম, ফাইবার কনটেন্ট ৬০% উল, ১৫% নাইলন, অবশিষ্ট অন্যান্য, ওজন জি/এম২=৪৫০ জিএসএম, ব্রেকিং লোড (ন্যূনতম) ১৫সিএমx২০সিএম (স্ট্রিপ) (ক) র‍্যাপ ওয়ে=১১০কেজিএফ, (খ) ওয়েফ্ট ওয়ে=৮৫কেজিএফ, প্রতি ইঞ্চি এন্ড=২৫ (ন্যূনতম), ওয়েভ=২/২ টুইল। ব্ল্যাংকেটটি উপযুক্তভাবে ধোয়া হতে হবে এবং গ্রিজ, সাবান, ফিলিং অথবা অন্য কোনও মিশ্রণ মুক্ত হতে হবে যা কাল্পনিক ভর বা দৃঢ়তা দেয়। ব্ল্যাংকেটটি মিলড হতে হবে এবং একটি উত্থিত ফিনিশ দিতে হবে। ১৯৮০ -এর আইএস ঃ ৮৯৪ (সর্বশেষ সংস্করণ) নমুনা, পরীক্ষা এবং অন্য বিবরণের জন্য উপরের স্পেসিফিকেশনের সাথে উল্লেখ করা যেতে পারে। একটি কোণায় এমব্রয়ডারি করা "আইআর" মোনোগ্রাম সহ ম্যাচিং কালারের ২৫এমএম সাটিন বর্ডার। একটি কোণায় স্পষ্টভাবে উৎপাদনের মাস ও বছরের তারিখ এবং উৎপাদনকারীর নাম লেবেল করা থাকতে হবে। ডিআরজি. নং. এন/এ এসপিইসিএন অনুযায়ী ঃ বিবরণ অনুযায়ী [ওয়্যারেন্টির সময় ঃ ডেলিভারির ২৪ মাস পর]। ১) পরিমাণ- ডিব্রুগড় টাউন/ওয়ার্কশপ/ডিপো, এনএফআর (অসম)-এর জন্য ২৫৯৬৫.০০ টি। ২) পরিমাণ- কাটিহার/জিএসডি, এনএফআর (বিহার)-এর জন্য ৬৩১৫.০০ টি। ৩) পরিমাণ- নিউ জলপাইগুড়ি/জিএসডি, এনএফআর (পশ্চিমবঙ্গ)-এর জন্য ৩০৫৯.০০ টি। ৪) পরিমাণ- পাণ্ডু/জিএসডি, এনএফআর (অসম)-এর জন্য ২৮৯১২.০০ টি। পি. এল. নং.-৭৯৩৩০৫৩৮।

ক্র.নং.৪। টেন্ডার নং. ৬১/২৪/০০১৪/ওটি/২৮৫/২০২৩-২৪, বন্ধ/খোলার তারিখঃ ২৯-০২-২০২৪

সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণ ঃ আরডিএসও ড্রয়িং নম্বর টি অনুযায়ী মেটাল লাইনারের উৎপাদন ও সরবরাহ। আরডিএসও ড্রয়িং নম্বর টি অনুযায়ী মেটাল লাইনারের উৎপাদন ও সরবরাহ।

ক্র.নং.৫। টেন্ডার নং. ৪০/২৩/০৬৪১বি/ওটি/২৮৬/২০২৩-২৪, বন্ধ/খোলার তারিখঃ ০৭-০৩-২০২৪

সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণ ঃ আরডিএসও এসপিইসিএন. নং. এমপি.০.২৪.০০.৬৫ (রেভ ০০), ডিসেম্বর '২০০৯' অনুযায়ী এফআরপি আউটার কনটেনারে পিপিসিপি সেল অ্যাসেম্বলি হাউসড সহ ডিজেল লোকো স্টার্টার ব্যাটারি, ৮ ভোল্ট, ৪৫০ এএইচ (এলএম)। ইন্টার কানেকশন লিডস সহ ড্রাই আনচার্জড অবস্থায়। এসপিইসিএন ঃ ডিজেল লোকো স্টার্টার ব্যাটারি, ৮ ভোল্ট, ৪৫০ এএইচ। পরিমাণ- নিউ বঙাইগাঁও/ওয়ার্কশপ/ডিপো, এনএফআর (অসম)-এর জন্য ৭০ টি। পি. এল. নং.-৪৫১৭৮২০৩।

দ্রষ্টব্যঃ-টেন্ডার বিজ্ঞপ্তি ও টেন্ডার নথির সম্পূর্ণ বিবরণের জন্য, টেন্ডারদাতারা (**www.ireps.gov.in**) ওয়েবসাইটে লগইন করতে পারেন, সম্ভাব্য বিডার যারা উপরের টেন্ডারে অংশগ্রহণ করতে আগ্রহী তারা যদি ইতিমধ্যে **আইআরইপিএস**-এ রেজিস্টার করে থাকেন তাহলে তাদের উপরের ওয়েবসাইটে লগইন করতে হবে এবং তাদের প্রস্তাব বৈদ্যুতিকভাবে জমা করতে হবে। যদি তারা **আইআরইপিএস**-এ রেজিস্টার না করে থাকেন তাহলে, তাদের পরামর্শ দেওয়া হচ্ছে তারা যেন ভারত সরকারের আইটি আইন ২০০০-এর অধীনে সার্টিফাইং এজেন্সিগুলির কাছ থেকে ক্লাশ-III ডিজিটাল স্বাক্ষর প্রমাণপত্র সংগ্রহ করেন এবং উপরের টেন্ডারে অংশগ্রহণ করেন।

পিসিএমএম/ মালিগাঁও

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

ঘরের মাঠে প্রথম বার কোনও টেস্ট সিরিজে নেই বিরাট

১০ ফেব্রুয়ারি ঃ ইংল্যান্ডের বিরুদ্ধে বাকি তিনটি টেস্ট ম্যাচ থেকে নিজেকে সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিলেন বিরাট কোহলি। তিনি যে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজের বাকি তিনটি টেস্টে নেই, তা ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড ও জাতীয় নির্বাচক কমিটিকে জানিয়ে দিয়েছেন। কোহলি বোর্ডকে জানিয়ে দিয়েছেন তাঁর পক্ষে বাকি তিনটি টেস্ট ম্যাচে খেলা সম্ভব নয়। কোহলি যে ইংল্যান্ডের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজে খেলতে পারবেন না, তা নিয়ে জল্পনা চলছিলই। প্রতিবেদনের খবর অনুযায়ী, শুক্রবার নির্বাচকরা পরবর্তী তিনটি টেস্ট ম্যাচের দলগঠন নিয়ে অনলাইনে আলোচনায় বসেছিলেন। সেখানেই কোহলি জানিয়ে দিয়েছেন ব্যক্তিগত কারণে সিরিজের বাকি তিনটি টেস্ট ম্যাচে তাঁর পক্ষে খেলা সম্ভব হবে না।

এর আগে অবশ্য কোহলি জানিয়ে দিয়েছিলেন ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম দুটো টেস্ট ম্যাচে তিনি থাকবেন না। সেই সময়ে ভারত অধিনায়ক রোহিত শর্মা, টিম ম্যানেজমেন্ট এবং নির্বাচকদের জানিয়েছিলেন, দেশের হয়ে খেলা তাঁর কাছে সব সময়ে অগ্রাধিকার পায় আর তা ভবিষ্যতে পাবেও। কিন্তু ব্যক্তিগত কিছু সমস্যার জন্য তাঁর পক্ষে খেলা সম্ভব হচ্ছে না প্রথম দুটো টেস্ট ম্যাচে। কোহলির দীর্ঘ ক্রিকেট কেরিয়ারে এবারই প্রথমবার হোম সিরিজ খেলতে পারছেন না বিরাট। এই মুহূর্তে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজের ফলাফল ১-১। তবে তৃতীয় টেস্টে নামার আগে ভারতীয় নির্বাচকদের মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে একাধিক ক্রিকেটারের চোটআঘাত। লোকেশ রাহুল ও রবীন্দ্র জাদেজার চোট থাকায় দ্বিতীয় টেস্টে নামতে পারেননি। তৃতীয় টেস্টে তাঁরা ফিরছেন। এই দুই ভারতীয় তারকা ফিরলেও বাকি তিনটি টেস্টে খেলতে পারবেন না শ্রেয়স আইয়ার।

আই লিগে জয়ের খোঁজে মহামেডান

১০ ফেব্রুয়ারি ঃ শেষ ম্যাচে হার, তাও আবার তিন গোল। অপ্রত্যাশিত হলেও সেই ফলাফল যে অঘটন মাত্র, শনিবার আইজল এফসি-র বিরুদ্ধে সেটা প্রমাণ করার লক্ষ্যেই নামছে মহামেডান স্পোর্টিং। লিগের প্রথম পর্বে ১১ ম্যাচ অপরাজিত ছিল মহামেডান। তবে দ্বিতীয় পর্বের শুরুতেই সেই তকমা হাতছাড়া হয়েছে তাদের। সেখানে আইজল শেষ সাত ম্যাচ অপরাজিত। লিগের প্রথম পর্বে ঘরের মাঠে উত্তর-পূর্বের দলটিকে হারাতে বেশ চাপে পড়ে গিয়েছিল সাদা-কালো শিবির। ফিরতি সাক্ষাতের ম্যাচে দুই নির্ভরযোগ্য বিদেশিকে পাচ্ছেন না মহামেডান কোচ আন্দ্রে চেরনিশভ। অ্যালেক্সিস গোমেজের চোট,

জোসেফ নেই কার্ড সমস্যায়। সঙ্গে ভারতীয় ব্রিগেডের বেনেস্টোন ব্যারেটো, সামাদ আলি মল্লিকরা মাঠের বাইরে। তবে দলে থাকা বাকিদের উপরেই ভরসা রাখছেন চেরনিশভ। তিন পয়েন্টের সঙ্গে রিয়াল কাশ্মীর ম্যাচের যন্ত্রণা কমানোই লক্ষ্য তাঁর, শেষ ম্যাচে আমাদের প্রতিপক্ষ অত্যন্ত ভালো খেলেছে। তবে এই ফলাফল যে একেবারেই অপ্রত্যাশিত ছিল, সেটা প্রমাণ করাই আমাদের লক্ষ্য। আক্রমণে অ্যালেক্সিস না থাকায় বাড়তি দায়িত্ব নিতে হবে এডি হার্নান্ডেজ। তবে জোসেফের অনুপস্থিতিতে ডিপ ডিফেন্সে মহম্মদ ইরশাদের সঙ্গী নির্বাচনই এখন চিন্তা চেরনিশভের।

বদলার ম্যাচে ইস্টবেঙ্গলকে ৩-২ গোলে হারাল নর্থ ইস্ট

নর্থ ইস্ট ইউনাইটেডঃ ৩ (টমি ইউরিচ, নেস্টর)
ইস্টবেঙ্গল ঃ ২ (নঃদকুমার, ফেলিসিও)

১০ ফেব্রুয়ারি ঃ যুবভারতী ক্রীড়াঙ্গনে হারের বদলা এবার ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে। গত বছরের ৪ ডিসেম্বর।

ঘরের মাঠে নর্থ ইস্ট ইউনাইটডকে ৫-০ গোলে উড়িয়ে দিয়েছিল ইস্টবেঙ্গল। ক্লেটন সিলভা ও নন্দকুমারের জোড়া গোলের সৌজন্যে শেষ হাসি হেসেছিলেন কার্লেস কুয়াদ্রাত। এবার নিজেদের মাঠে লাল-হলুদকে ৩-২ গোলে হারিয়ে তিন পয়েন্ট নিয়ে মাঠ ছাড়ল জুয়ান পেদ্রো বেনালির ছেলেরা। পাহা|ারে দলের হয়ে অভিষেক ম্যাচেই জোড়া গোল করলেন অস্ট্রেলিয়ার ২০১৮ সালের বিশ্বকাপ দলের সদস্য টমি ইউরিচ। একটি গোল করেন নেস্টর। দ্বিতীয়ার্ধে নন্দকুমারের পর প্রায় শেষ দিকে ফেলিসিও গোলের ব্যবধান কমায় ইস্টবেঙ্গল। তবে লাভ হল না। এরমধ্যে আবার খারাপ খবর হলুদ কার্ড দেখলেন ক্লেটন। ফলে ১৩ ফেব্রুয়ারি ঘরের মাঠে শক্তিশালী মুম্বই সিটি এফসি-র বিরুদ্ধে মাঠে নামতে পারবেন না ব্রাজিলিয়ান স্ট্রাইকার।চিরপ্রতিদ্বন্দ্বী মোহনবাগানের বিরুদ্ধে ডার্বি যুদ্ধে ড্র করেছিল ইস্টবেঙ্গল। এছাড়া ডার্বিতে নামার আগে চলতি আইএসএলে ইস্টবেঙ্গলের ডিফেন্স দারুণ পারফর্ম করেছিল। পাঁচটি ম্যাচে ক্লিনশিট রেখেছিল সুপার কাপ জয়ী দল। সেইজন্য হিজাজি মাহের, নীশু কুমারদের কৃতিত্ব দেওয়া হচ্ছিল। তবে শনিবার, ১০ ফেব্রুয়ারি শুরু থেকেই খেই হারাতে থাকে লাল-হলুদের ডিফেন্ডাররা। সেই সুযোগকে কাজে লাগিয়ে মাত্র ১৫ মিনিটেই দুই গোলে এগিয়ে যায় পাহা|ারে দল। এই প্রথম আইএসএলের ম্যাচে শুরু থেকে খেললেন নর্থ ইস্টের বিদেশি টম ইউরিক। এবং লাল-হলুদের জাল কাঁপিয়ে দিলেন। একইসঙ্গে করলেন প্রতিযোগিতায় নিজের প্রথম গোল। অবশ্য এই গোলে বড় ভূমিকা নিয়েছিলেন জিতেন এবং নেস্টরের বল ভূমিকা। বল নিয়ে উঠছিলেন জিতেন। শেষ মুহূর্তে নেস্টরকে রিলিজ করেন। নেস্টরের পাসে টোকা দিয়ে গোল করে দেন টমি ইউরিচ। ১ গোলে এগিয়ে যায় জন আব্রাহামের দল। ১৫ মিনিটে রিডিমি বল নিয়ে উঠছিলেন। ইস্টবেঙ্গল বল পজেশন হারিয়ে চাপে পড়ে যায়। উইথ দ্যে বল রিডিমের দৌড় থামাতে পারেননি লাল-হলুদের ডিফেন্ডাররা। শেষ দিকে চূড়ান্ত সময় দিকে বল বাড়ান রিডিমি। সাজানো বল জালে পাঠাতে ভুল করেননি নেস্টর। ফলে ব্যবধান বা|ায়ে ২-০ গোলে এগিয়ে যায় নর্থ ইস্ট। একে তো লিড পায় নর্থইস্ট। এদিকে ফাউলের আবেদন করেছিলেন ক্লেটন। রেফারি আবেদনে সাড়া দেননি। মেজাজ হারান ক্লেটন। রেফারির সঙ্গে বিতর্কে জড়িয়ে হলুদ কার্ড দেখলেন। ফলে মুম্বই সিটি এফসি-র বিরুদ্ধে পরের ম্যাচে খেলতে পারবেন না ব্রাজিলিয়ান স্ট্রাইকার। খেলায় ফিরে আসতে দ্বিতীয়ার্ধের শুরুতেই জোড়া পরিবর্তন কুয়াদ্রাত। পারদো ও নীশুর পরিবর্তে মাঠে নামিয়ে দেন বিষ্ণু ও মন্দার রাও দেশাইকে। এর ফল পাওয়া গেল খুব তাড়াতাড়ি। ৫৩ মিনিটে কমল ব্যবধান। বিষ্ণু পাস বাড়ান ক্লেটনকে। তিনি বল বাড়িয়ে দেন নন্দকুমারকে। ক্যাপ্টেনের পাস থেকে ইস্টবেঙ্গলের ব্যবধান কমাতে ভুল করেননি নন্দকুমার। তবে এতে লাভ হল না। ৬৭ মিনিটে ফের গোল নর্থ ইস্টের। ডান পায়ের বাঁক খাওয়া দুরন্ত শটে ইস্টবেঙ্গল গোলে বল জড়ালেন টমি ইউরিচ। ম্যাচে এটি ছিল তাঁর দ্বিতীয় গোল। এদিকে ভিক্টরের আগেই অভিষেক ফেলিসিও ব্রাউনের। সায়ন ব্যানার্জির পরিবর্তে নামানো হয় ফেলিসিওকে। অবশেষে ৭৬ মিনিটে অজয় ছেত্রীর জায়গায় নামানো হল ভিক্টর ভাসকেজকে। ৮২ মিনিটে বিপক্ষের দুর্বল ডিফেন্সের সুযোগ নিয়ে গোল করেন লাল-হলুদ অভিষেক ঘটানো ফেলিসিও। ক্লেটন বলটি বক্সের ভিতরে পেয়ে তাঁর বাঁ পায়ে শটে নেন। শটটি ব্লক করে, তবে হাইল্যান্ডাররা সেটি ক্লিয়ার করতে পারেনি। বলটি পান ফেলিসিও। পয়েন্ট-ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে বলটিকে জালের ভিতরে ঠেলে দেন তিনি। ৩-২ করে ইস্টবেঙ্গল। তবে এতে লাভ হল না।

অস্ট্রেলিয়াকে হারিয়ে ষষ্ঠবার দেশকে বিশ্বচ্যাম্পিয়ন করতে চান উদয়রা

কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ গত ১৯ নভেম্বর বিশ্বকাপের ফাইনালে দাদারা মুখোমুখি হয়েছিল অস্ট্রেলিযার। সেই ফাইনালে দাদারা অস্ট্রেলিযার কাছে হেরে গিয়েছিল। আগামীকাল দাদাদের হারের বদলা নিতে চাইছে অনূর্ধ্ব ১৯ ভাইয়েরা। সেই ৫০ ওভারের লড়াই। এবার অস্ট্রেলিয়াকে হারিয়ে ষষ্ঠ বার দেশকে বিশ্বচ্যাম্পিয়ন করতে মুখিয়ে আছেন অনূর্ধ্ব ১৯ ভারতীয় দলের ক্রিকেটারেরা। ভারত অধিনায়ক উদয় সাহারান ইতিমধ্যেই বলেছেন, 'সবাই এক বারই অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ খেলার সুযোগ পায়। আমরাও পেয়েছি। সুতরাং ইতিহাসের পুনরাবৃত্তি করতে চাইছি। ইতিহাসে নিজেদের নাম আমরা সবাই লিখতে চাইছি। এ ছাড়া আর কিছুই ভাবছি না আমরা।'' উদয় জানান, ফাইনালের লড়াইটা কঠিন। রয়েছে অস্ট্রেলিয়ার মতো দল। তিনি বলেছেন, 'দেশের মানুষকে অনুরোধ, দাদাদের মত আমাদেরও একই ভাবে সমর্থন করুন। কথা দিচ্ছি বিশ্বকাপ ফিরিয়ে আনার জন্য আমরা সব রকম চেষ্টা করব।

এই প্রতিযোগিতায় ভারতই একমাত্র সফলতম দল। এখনও পর্যন্ত অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ ভারত চ্যাম্পিয়ন হয়েছে পাঁচ বার। এবারও উদয়রা সেই ধারা বজায় রাখতে চাইছে। তাই প্রতিপক্ষ অস্ট্রেলিয়াকে নিয়ে ভাবছেন না অনূর্ধ্ব ১৯ ছেলেরা। তাঁদের স্বপ্ন আরও একবার অর্থা ষষ্ঠবার বিশ্বকাপ জেতা।

প্রাক্তন ওপেনারের বিস্ফোরক মন্তব্য

অফ ফর্মে থাকা অশ্বিনের জন্য রোহিতের চাপ বাড়লো

১০ ফেব্রুয়ারি ঃ মহেন্দ্র সিং ধোনি থেকে বিরাট কোহলি। আর এখন রোহিত শর্মা। ঘরের মাঠে টেস্ট সিরিজে ভারতের সব অধিনায়কের প্রধান অস্ত্র রবিচন্দ্রন অশ্বিন। বিদেশি দল ভারত সফরে এলেই, অশ্বিনের স্পিনের ছোবলে ঘায়েল হয়ে যায়। এটাই গত কয়েক বছর দেখা গিয়েছে। তবে এবার ইংল্যান্ডের বিরুদ্ধে গত দুই ম্যাচে টিম ইন্ডিয়ার তারকা অফ স্পিনারকে তাঁর চেনা ছন্দে দেখা যাচ্ছে না। ফলে রোহিতের উপর চাপ বা|ছে। এমনই বিস্ফোরক মন্তব্য করলেন ভারতের প্রাক্তন ওপেনার আকাশ চোপড়া। প্রখ্যাত ধারাভাষ্যকার আকাশ নিজের ইউ টিউব চ্যানেলে বলেছেন, হায়দরাবাদ টেস্টে অশ্বিনের বোলিং দেখে আমি অবাক হয়ে গিয়েছিলাম। ঘরের মাঠে উইকেট না পেলে অতীতে আমরা অশ্বিনকে আরও আগ্রাসী মেজাজে দেখে এসেছি। তবে এবার কিন্তু পুরনো অশ্বিনকে দেখতে পেলাম না। অলি পোপ প্রথম টেস্টে ওর বিরুদ্ধে লাগাতার সুইপ এবং রিভার্স সুইপ করলেও অশ্বিন বোলিং অ্যাঙ্গেল বদল করেনি। সেটা দেখে অবাক হয়েছিলাম। এখানেই থেমে না থেকে আকাশ আরও যোগ করেছেন, এই একই জিনিস আমরা দ্বিতীয় টেস্টেও দেখেছি। অলি পোপ এবং ইংল্যান্ডের বাকি ব্যাটাররা ওকে অ্যাটাক করলেও অশ্বিনের তরফ থেকে কোনও বিকল্প পরিকল্পনা দেখা যায়নি। সেই টেস্টের দ্বিতীয় ইনিংসে ৭২ রানে ৩ উইকেট নিলেও, অশ্বিনের দাপট কিন্তু চোখে পড়ল না। বরং অনেক দুর্বল মনে হয়েছে! বেন স্টোকসদের বিরুদ্ধে হায়দরাবাদ টেস্টের প্রথম ইনিংসে ৬৮ রানে ৩ উইকেট নেওয়ার পর, দ্বিতীয় ইনিংসে নিয়েছেন ১২৬ রানে ৩ উইকেট। এর পর বিশাখাপত্তনম টেস্টের প্রথম ইনিংসে ৬১ রান দিলেও কোনও উইকেট পাননি। তবে দ্বিতীয় ইনিংসে তাঁর ঝুলিতে এসেছিল ৭২ রানে ৩ উইকেট। এই মুহূর্তে ৯৭টি টেস্টে ৪৯৯টি উইকেট পেয়েছেন অশ্বিন। আর মাত্র একটি উইকেট নিলেই বিশ্বের নবম ও ভারতের দ্বিতীয় বোলার হিসেবে ৫০০টি উইকেট নেওয়ার নজির গড়বেন তিনি। ১৩৩টি টেস্টে ৮০০টি উইকেট নিয়ে বিশ্ব ক্রিকেটের শীর্ষে রয়েছেন মুথাইয়া মুরলীধরন। অন্যদিকে ভারতীয় বোলারদের বিরুদ্ধে টেস্টে সবথেকে বেশি উইকেট নিয়েছেন অনিল কুম্বলে। ১৩২টি টেস্টে তাঁর উইকেট সংখ্যা ৬১৯।

বৈপ্লবিক সিদ্ধান্ত! নীল কার্ড আনার ভাবনা ফুটবলে

১০ ফেব্রুয়ারি ঃ ফুটবলে আগেই ছিল লাল-হলুদ কার্ড। এবার যুক্ত তার সঙ্গে যুক্ত হতে চলেছে নীল কার্ডও। ফিফা অবশ্য জানিয়ে দিয়েছে, মেগা টুর্নামেন্টের আসরে এখনই নীল কার্ড ব্যবহার করা হবে না। সেভাবে বললে, নীল কার্ড নিয়ে পরীক্ষা নিরীক্ষা এখন করা হবে। সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, আগামী মরশুম থেকে লাল ও হলুদ কার্ডের পাশাপাশি নীল কার্ডও ব্যবহার করতে চায় ফুটবলের আইন প্রণয়নকারী সংস্থা ইন্টারন্যাশনাল ফুটবল অ্যাসোসিয়েশন বোর্ড। ইংল্যান্ডের এফএ বা ফুটবল অ্যাসোসিয়েশন যদি রাজি থাকে সেক্ষেত্রে এফএ কাপ

কিংবা লিগ কাপের মতো টুর্নামেন্টে চালু করা যেতে পারে নীল কার্ড। এখন প্রশ্ন হল, কোন ক্ষেত্রে নীল কার্ড পকেট থেকে ব্যবহার করবেন রেফারি? যদি নীল কার্ড চালুই করা হয়, তাহলে তা ব্যবহার করা হবে হলুদ ও লাল কার্ডের মাঝামাঝি কোনও অপরাধের ক্ষেত্রে। খারাপ ব্যবহার, অত্যন্ত নিকৃষ্ট মানের ফাউল করে বসলে রেফারি নীল কার্ড বের করতে পারেন। তা দেখানো হতে পারে সংশ্লিষ্ট ফুটবলারকে। শাস্তি হিসেবে ১০ মিনিটের জন্য সংশ্লিষ্ট ফুটবলারকে মাঠের বাইরে যাওয়ার নির্দেশ দেওয়া হবে। শাস্তি কাটিয়ে মাঠে ফেরার পর সংশ্লিষ্ট ফুটবলার যদি ফের নীল কার্ড দেখে বসেন, তাহলে তাঁকে মার্চিং অর্ডার দেওয়া হবে।

বাড়ি থেকেই চুরি হয়ে গেল সৌরভের মোবাইল ফোন!

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ বেহালার বাড়ি থেকে মোবাইল ফোন চুরি! হ্যাঁ সৌরভ

গঙ্গোপাধ্যায়ের সঙ্গে এমন ঘটনা ঘটেছে। জানা গিয়েছে চুরি যাওয়া সেই মোবাইল ফোনের দাম প্রায় লাখ টাকার বেশি। অভিযুক্তদের খুঁজে বের করতে স্থানীয় ঠাকুরপুকুর থানায় অভিযোগও দায়ের করেছেন বিসিসিআই-এর প্রাক্তন সভাপতি। একইসঙ্গে জানা গিয়েছে সেই মোবাইল ফোনটি তাঁর বাড়িতেই থাকত। এই সৌরভের আপ্ত সহায়ক বলেন, ফোন চুরি যাওয়ার ব্যাপারটা আমাদের কয়েক দিন আগে নজরে এসেছিল। তবে থানায় শনিবার, ৯ ফেব্রুয়ারি অভিযোগ দায়ের করা হয়েছে। দাদা-র ঘরে সিসি ক্যামেরা আছে। সেখান থেকে পুলিশ যাচাই করবে। কারণ মোবাইলে অনেক গুরুত্বপূর্ণ ও ব্যক্তিগত নথি রয়েছে। প্রচুর গুরুত্বপূর্ণ ফোন নম্বর রয়েছে। সবচেয়ে বড় কথা, ব্যাঙ্কের সঙ্গে এই ফোন নম্বরটি লিঙ্কড রয়েছে। বিভিন্ন ইউপিআই পেমেন্টও করা হয় এই ফোন থেকে। সব মিলিয়ে ফোনটি চুরি যাওয়ায় বড় সমস্যায় পড়বে দাদা। তাই আমরা চিন্তায় আছি। সৌরভ শহরের বাইরে গিয়েছিলেন। কলকাতায় ফেরার পর ফোনটি ব্যাগ থেকে বার করে রেখেছিলেন। তারপরই সেটি খোয়া যায় বলে জানা গিয়েছে। ফোন চুরির নেপথ্যে কার হাত থাকতে পারে, নির্দিষ্ট কারও নামে অভিযোগ না উঠলেও জানা গিয়েছে, প্রাক্তন অধিনায়কের বাড়িতে রংয়ের কাজ চলছিল। রঙ মিস্ত্রীরা বাড়িতে যাতায়াত করছিলেন। তাঁদের মধ্যে কেউ ফোনটি নিয়েছেন কি না, সেটা খতিয়ে দেখবে পুলিশ।

'সম্মান অর্জন করে নিতে হয়' নেতৃত্বের পাঠ শেখালেন ধোনি

১০ ফেব্রুয়ারি ঃ নেতৃত্বের পাঠ দিলেন মহেন্দ্র সিং ধোনি। জানিয়ে দিলেন, নেতা হিসেবে সতীর্থের শ্রদ্ধা আদায় করে নিতে হয়। দেশের অন্যতম সফল অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি। একসময়ে যা হাত দিয়েছেন, তাতেই সোনা ফলিয়েছেন। সেই ধোনি নেতৃত্ব প্রসঙ্গে বলছেন, সম্মানের সঙ্গে জড়িয়ে আনুগত্যও। যখন ড্রেসিংরুমের কথা বলা হয়, তখন সাপোর্ট স্টাফ বা ক্রিকেটাররা সম্মান না জানালে, সেই আনুগত্য পাওয়া কঠিন হয়ে দাঁড়ায়। শ্রদ্ধা আদায় করে নিতে হয়। জোর করে শ্রদ্ধা আদায় করা যায় না।

ধোনি আরও বলেন, কথা না বলে কাজে করে দেখাও। এটাই সবেচেয়ে গুরুত্বপূর্ণ। ধোনি বলেন, আমি বরাবরই বিশ্বাস করি নেতা হিসেবে শ্রদ্ধা, সমীহ আদায় করে নিতে হয়। এটা চেয়ার বা র‍্যাঙ্কিংয়ের উপরে নির্ভর করে না।

মানুষ অনেক সময়ে নিরাপত্তাহীনতায় ভোগে। কখনও কখনও এমনও হয় যে দলের আস্থা অর্জন করতে পারলেও নিজের উপরেই বিশ্বাস থাকে না। সংক্ষেপে বলতে গেলে, সম্মান আদায় করার চেষ্টা না করাই ভালো, বরং সম্মান অর্জন করতে হবে। একবার দলের আস্থা-সমীহ পেয়ে গেলে পারফরম্যান্সও অনুসরণ করবে।

তবে এই সমীহ বা শ্রদ্ধা অর্জন কিন্তু সহজ নয়। সেই সম্মান পেতে হলে ড্রেসিংরুমের প্রতিটি প্লেয়ার, প্রতিটি সদস্যের শক্তি-দুর্বলতা সম্পর্কে জ্ঞান দরকার। একবার তা ধরতে পারলে, কিছু না বলেও দুর্বলতা শুধরে দেওয়া সম্ভব হবে।

চীনে বাতিল হলো আর্জেন্টিনার একটি প্রীতি ম্যাচ, কারণ কি মেসি

১০ ফেব্রুয়ারি ঃ আগামী জুনে শুরু হবে মহাদেশীয় শ্রেষ্ঠত্বের লড়াই কোপা আমেরিকা। প্রতিযোগিতার বর্তমান চ্যাম্পিয়ন ও বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা এই টুর্নামেন্টের অন্যতম ফেবারিট। ২০২২ বিশ্বকাপে চ্যাম্পিয়ন হওয়ার পর থেকেই যুক্তরাষ্ট্রে আয়োজিত হতে যাওয়া কোপা আমেরিকাকে পাখির চোখ করেছে আর্জেন্টিনা। টুর্নামেন্ট শুরুর আগে প্রস্তুতিতেও বিশেষ মনোযোগী তারা। যে কারণে আগামী মার্চে চীনে দুটি প্রীতি ম্যাচও খেলার অপেক্ষায় আছেন লিওনেল মেসিরা। কাকতালীয়ভাবে এ দুটি প্রীতি ম্যাচে আফ্রিকান নেশনস কাপের দুই ফাইনালিস্ট আইভরিকোস্ট ও নাইজেরিয়ার মুখোমুখি হওয়ার কথা বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনার। দারুণ ছন্দে থাকা দুটি দলের বিপক্ষে কোপা আমেরিকার আগে খেলে নিজেদের শক্তি যাচাইয়েরও ভালো সুযোগ আছে আর্জেন্টিনার। কিন্তু প্রীতি ম্যাচ দুটি শেষ পর্যন্ত খেলা হবে কি না, তা নিয়ে তৈরি হয়েছে শঙ্কা। এর মধ্যে নাইজেরিয়ার বিপক্ষে প্রথম ম্যাচ বাতিল করার ঘোষণাও দিয়েছে চীনের হাংজু স্পোর্টস ব্যুরো। এ পরিস্থিতি শেষ পর্যন্ত মেসিদের চীন সফর আলোর মুখ দেখবে কি না, তা নিয়ে তৈরি হয়েছে শঙ্কা। দুই সপ্তাহ আগে

আর্জেন্টিনা ফুটবল ফেডারেশন আনুষ্ঠানিক ঘোষণায় এ দুটি প্রীতি ম্যাচ খেলার কথা জানিয়েছিল। ১৮ মার্চ হাংজুর অলিম্পিকস স্পোর্টস সেন্টার স্টেডিয়ামে প্রথম ম্যাচে আর্জেন্টিনার প্রতিপক্ষ নাইজেরিয়া এবং ২৬ মার্চ মঙ্গলবার বেইজিংয়ের ওয়ার্কার্স স্টেডিয়ামে আইভরিকোস্টের মুখোমুখি হওয়ার কথা লাতিন দেশটির। তবে জানা গিয়েছে, সাম্প্রতিক সময়ে হংকংয়ে ইন্টার মায়ামির হয়ে প্রীতি ম্যাচে লিওনেল মেসির না খেলাকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতিতে ম্যাচ আয়োজন থেকে পিছিয়ে গেছে হাংজু স্পোর্টস ব্যুরো। হংকংয়ে না খেললেও জাপানি ক্লাব ভিসেল কোবের বিপক্ষে ৩০ মিনিট খেলেছেন মেসি। যা হংকং ফুটবলপ্রেমীদের আরও খেপিয়ে দিয়েছে। বিবৃতিতে হাংজু স্পোর্টস ব্যুরো বলেছে, ' বাণিজ্যিক ইভেন্ট হিসেবে একটি কোম্পানি এবং আর্জেন্টিনা ফুটবল দল ঠিক করেছিল যে হাংজুতে মার্চে একটি প্রীতি ম্যাচ খেলবে। কিন্তু কারণগুলো সবারই জানা এবং তত্ত্বাবধানে থাকা কর্তৃপক্ষের কাছ থেকে আমরাও জেনেছি, প্রীতি ম্যাচটি আয়োজনের মতো অবস্থায় নেই। যে কারণে আমরা ম্যাচটি বাতিল করার সিদ্ধান্ত নিয়েছি।' আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের এক কর্মকর্তা বার্তা সংস্থা এপিকে বলেছেন, তাঁরা ম্যাচ বাতিল হওয়ার বিষয়টি নিয়ে অবগত। যে কারণে নাইজেরিয়ার বিপক্ষে ম্যাচটি অন্যত্র আয়োজনের চেষ্টা করছে। নাম প্রকাশ না করার শর্তে সেই কর্মকর্তা বলেছেন, ' স্পর্শকাতর।' তবে নাইজেরিয়ার বিপক্ষে ম্যাচটি যদি বাতিলও হয়, বেইজিংয়ে আইভরিকোস্টের বিপক্ষে ম্যাচটি পরিকল্পনা অনুযায়ী মাঠে গ|াবে বলে এপিকে জানিয়েছেন আইভরিকোসের মুখপাত্র আনে-মারিয়ে এন'গুয়েসান। পুরো সফরই যদি বাতিল হয়, তবে আর্জেন্টিনা ম্যাচ দুটি অন্যত্র সরিয়ে নেওয়ার চেষ্টা করবে বলে জানিয়েছে আর্জেন্টাইন সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্টস। যদিও তা মোটেই সহজ হবে না, কারণ দর-কষাকষিটা ফেডারেশনের সঙ্গে হবে না। এটি হবে যারা ম্যাচ আয়োজন করেছে সেই কর্তৃপক্ষের সঙ্গে। যদি নাইজেরিয়া ও আইভরিকোস্টকে শেষ পর্যন্ত পাওয়া না যায়, তবে অন্য কোনো দলের সঙ্গে প্রীতি ম্যাচ খেলার চেষ্টা করবে আর্জেন্টিনা। তবে ব্যস্ত সূচিতে সেটি করাও বেশ কঠিন হবে।

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর Ph. No. 033-2237-0488, 9830217166
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com